হেকায়েতে লতীফ

[বাংলা সংস্করণ]

অনুবাদক

মাওলানা গাজী ইদরীস শরাফতী
ফাযেলে দারুল উলূম মঈনুল ইসলাম,
হাটহাজারী, চট্টগ্রাম।

সম্পাদনায়

মাওলানা মুফতী ইমদাদুল্লাহ
জামেয়া আশরাফিয়া (রঃ) আমলাপাড়া মাদরাসা, নারায়ণগঞ্জ
ফোন : ৯৭১২৩৬৩

প্রকাশনায়

আল-খায়ের প্রকাশনী

পাঠক বন্ধু মার্কেট (আন্ডার গ্রাউন্ড)
৫০ বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবা : 01717102674

হেকায়েতে লতীফ
[বাংলা সংস্করণ]

অনুবাদক

মাওলানা গাজী ইদরীস শরাফতী
ফাযেলে দারুল উলূম মঈনুল ইসলাম,
হাটহাজারী, চট্টগ্রাম।

প্রকাশনায়
আল খায়ের প্রকাশনী
৫০, বাংলা বাজার
ঢাকা-১১০০

প্রকাশকাল : নভেম্বর ২০০৩

মূল্য : ৫০.০০ (পঞ্চাশ) টাকা মাত্র।

অক্ষর বিন্যাস
এম. এম. কম্পিপ্রন্ট
মধুবাগ, মগবাজার, ঢাকা।
মোবাইল : ০১১-০৪৫৮০৬

প্রচ্ছদ : কালার ক্রিয়েশন
পুরানা পল্টন, ঢাকা।

অনুবাদকের আরজ

সর্বমোট ছিয়াত্তরটি ছোট গল্প সমৃদ্ধ ফারসী হেকায়েতে লতীফ বইখানা [illegible]দেশের কওমী মাদরাসাসমূহে বহুল পঠিত ফারসী সাহিত্যের একটি অন্যতম গ্রন্থ। যুগ যুগ ধরে শিশু-কিশোর শিক্ষার্থীদের মন-মানসিকতার সাথে সামঞ্জস্যশীল বিবরণ সমৃদ্ধ এই গ্রন্থখানা ফারসী ভাষা ও সাহিত্য চর্চার ক্ষেত্রে যথেষ্ট সহায়ক ভূমিকা পালন করে আসছে। এখন গ্রন্থখানা বাংলায় অনুবাদ হওয়াতে বাংলা ভাষাভাষী শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট ভাষার অনুশীলন আরো [illegible] হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

গ্রন্থখানা প্রাথমিক শিক্ষার্থীদের পাঠ্য পুস্তক, বিধায় যথাসম্ভব হুবহু অনুবাদের পাশাপাশি মূল ভাবের [illegible] কোথাও কোন প্রকার বিচ্যুতি না ঘটে [illegible] সতর্ক দৃষ্টি রাখা হয়েছে। এ অনুবাদ গ্রন্থে প্রত্যেকটি গল্পের একটি করে সুন্দর শিরোনাম [illegible] অনুবাদের নীচে সংশ্লিষ্ট গল্পের শিক্ষা ও কঠিন শব্দের শব্দার্থ সংযোজন করা হলো। এতে [illegible] কোমলমতি [illegible] বিন্দুমাত্র উপকৃত হলেও আমাদের [illegible] সার্থক হয়েছে বলে মনে করব।

[illegible]

[illegible]

সূচীপত্র

বিষয়		পৃষ্ঠা

حکایت : ۱ : دوزن در طفلے منازعت می کردند. وگواہ نداشتند. ہر دو پیش قاضی رفتند وانصاف خواستند. قاضی جلّاد راطلبیدہ فرمود. ایں طفل رادو پارہ کن. وبہر دوزناں بدہ. زناں چوں ایں سخن بشنیدند، یک زن خاموش ماندوزن دیگر شوروفریادآغاز کرد. وگفت اے قاضی! برائے خدا طفل مرادو نیم مکن. اگر چنیں انصاف است طفل را نمی خواہم. قاضی بہ یقین پنداشت کہ مادر طفل ہمیں ست. طفل راباو سپرد. وزن دیگر راتازیانہ زدہ براند.

হেকায়েত নং ১ ঃ আসল মা।

দু'জন মহিলা একটি শিশু নিয়ে ঝগড়া করছিল। কিন্তু তাদের কোন সাক্ষী ছিল না। সুতরাং উভয়ে কাযীর শরণাপন্ন হল এবং ন্যায় বিচার প্রার্থনা করল। কাযী জল্লাদকে ডেকে বললেন, এ শিশুকে দু'টুকরো করে উভয় মহিলার মাঝে বন্টন করে দাও। যখন মহিলারা একথা শুনল, তখন একজন মহিলা নীরবতা অবলম্বন করল এবং অপর মহিলাটি চিৎকার করে অভিযোগ পেশ করে বলল, হে কাযী সাহেব! আল্লাহর ওয়াস্তে আমার বাচ্চাটিকে দু'টুকরো করবেন না। এটাই যদি ন্যায় বিচার হয়; তাহলে আমি বাচ্চা চাই না। কাযী সাহেব নিঃসন্দেহে বুঝে নিলেন যে, এ মহিলাই বাচ্চার (প্রকৃত) মা। সুতরাং বাচ্চাকে এ মহিলার হাতে সোপর্দ করে দিলেন এবং অপর মহিলাকে বেত্রাঘাত করে বের করে দিলেন।

শিক্ষা ঃ সন্তানের প্রতি মায়ের স্নেহই অন্য রকম। আচরণ দ্বারাই আপন মা ও সৎ মায়ের মধ্যে পার্থক্য বুঝা যায়। আপন মা কখনো সন্তানের অমঙ্গল কামনা করে না।

শব্দ বিশ্লেষণ ঃ حکایت অর্থ- কাহিনী, গল্প, ঘটনা। এটা একবচন, বহুবচনে حکایات। زن অর্থ- মহিলা, স্ত্রীলোক। এটা একবচন, বহুবচনে زناں- طفل অর্থ- শিশু, বালক, বাচ্চা। এটা একবচন, বহবচনে اطفال، طفلاں- ے একবচনের জন্য ব্যবহৃত হয়।অর্থ- একটি শিশু। منازعت-অর্থ- ঝগড়া, বিবাদ, বাদানুবাদ।گواہ অর্থ- সাক্ষী। এটা একবচন, বহুবচনে گواہاں- جلاد অর্থ- জল্লাদ, ফাঁসি কার্যকরকারী, নির্দয়, ঘাতক, নির্মম অত্যাচারী।پارہ অর্থ- টুকরা, অংশ, খন্ড, অধ্যায়।سخن অর্থ- কথা। এটা একবচন, বহুবচনেسخنہا- شور অর্থ- চিৎকার। فریاد অর্থ-অভিযোগ, সাহায্য প্রার্থনা।برائے خدا অর্থ- খোদার দোহাই, আল্লাহর ওয়াস্তে।نیم অর্থ- অংশ, অর্ধেক।تازیانہ অর্থ- বেত্রাঘাত করা, চাবুক মারা, শাসন করা।براند অর্থ- বের করে দিলেন। সীগাহ واحد غائب, বাহস ماضی معروف মাসদার

راندن-

حکایت : ۲ : شخصے پیش پادشاہے رفت و عرض کرد کہ مردے ہمیشہ در خانۂ من می آید و با زن من دوستی دارد. لیکن من گاہے او را نمی بینم و نمی دانم کہ کیست. می خواہم کہ گرفتارش کنم. از حضرت امیدوار انصاف ام. پادشاہ شیشۂ عطر باو دادہ فرمود کہ بزن خود بسپار و بگو کہ کسے را مدہ. آں ہمچناں کرد. پادشاہ جاسوسے چند را برگماشت کہ گرد خانۂ او بنشیند و از پارچۂ ہر کسے کہ بوئے آں عطر آید او را گرفتہ بیارند. القصہ حریف آں زن قابو یافتہ نزد زن رفت. وزن آں عطر را در پارچۂ مالیدہ گفت کہ شوہر من اگرچہ مرا فرمود کہ کسے را ایں عطر مدہ لیکن تو کہ جان و دل منی اگر بکارت نیاید بچہ کار آید؟ الغرض چوں حریف از آں جا بر آمدہ جاسوساں ببوئے عطر راہش گرفتند. و اسیر کردہ پیش پادشاہ بروند. پادشاہ آں شخص مدعی را طلبیدہ گفت کہ حریف زن تو حاضر است. خواہ او را بکش یا بہ بخش.

হেকায়েত নং ২ ঃ আতরের ঘ্রাণে প্রেমিক ঘায়েল।

জনৈক ব্যক্তি এক বাদশাহের দরবারে গিয়ে অভিযোগ করল যে, জাহাঁপনা! এক ব্যক্তি আমার ঘরে সর্বদা আসা-যাওয়া করে আমার স্ত্রীর সাথে অবৈধ সম্পর্ক গড়ে তুলেছে। কিন্তু আমি কখনো তাকে দেখিনি এবং তার পরিচয়ও জানিনা যে, সে কে? আমি চাই যে, তাকে পাকড়াও করি। তাই হযরতের কাছে ন্যায় বিচারের প্রত্যাশা করছি। বাদশাহ তাকে এক শিশি আতর দিয়ে বললেন যে, এ আতরের শিশিটি তোমার স্ত্রীকে দিয়ে বলবে যে, এটা কাউকে দেবে না। লোকটি অনুরূপ কাজ করল। আর বাদশাহ কিছু গোয়েন্দা নিযুক্ত করলেন, যেন তারা ঐ লোকটির বাড়ীর আশে-পাশে অবস্থান করে এবং যার কাপড় হতে ঐ আতরের ঘ্রাণ আসবে তাকে গ্রেফতার করে নিয়ে আসবে।

ঘটনা এমন ঘটল যে, সে মহিলার প্রেমিক সুযোগ পেয়ে তার কাছে চলে আসল। সে মহিলা তার প্রেমিকের কাপড়ে আতর লাগিয়ে বলল যে, যদিও স্বামী আমাকে বলেছেন যে, এ আতর কাউকে দিও না। তবে তুমি যে আমার আত্মা ও অন্তর (আমার অন্তরঙ্গ বন্ধু) এটা যদি তোমার কাজে না আসে, তাহলে আর কোন কাজে আসবে?

মোটকথা, প্রেমিক যখন সেখান থেকে বেরিয়ে আসল, তখন আতরের ঘ্রাণ পেয়ে রাস্তার মুখেই গোয়েন্দারা তাকে গ্রেফতার করে ফেলল এবং বন্দী করে বাদশাহর দরবারে নিয়ে গেল। বাদশাহ বাদী ব্যক্তিকে ডেকে এনে বললেন যে, তোমার স্ত্রীর প্রেমিক উপস্থিত। তোমার ইচ্ছা হলে তাকে হত্যা কর অথবা ক্ষমা করে দাও।

শিক্ষা ঃ প্রজ্ঞা ও কৌশলের সাথে কার্য সম্পাদন করলে ফলাফল হয় অতি আকর্ষণীয়।

শব্দ বিশ্লেষণঃ خانہ অর্থ- ঘর। زن من এটা مرکب اضافی অর্থ- আমার স্ত্রী। نمی بینم অর্থ- আমি দেখিনি এটা واحد متکلم এর সীগাহ, বাহস نفی فعل حال معروف, মাসদার دیدن-کیست অর্থ- কে? এখানে کاف প্রশ্ন করার জন্য ব্যবহৃত হয়েছে। جاسوس অর্থ- গোয়েন্দা। برگماشت অর্থ- নিযুক্ত করেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মাসদার بر-گماشتن অতিরিক্তি। گرد خانہ অর্থ- ঘরের চতুর্পার্শ্বে, আশে-পাশে। پارچہ অর্থ- কাপড়। القصہ অর্থ- ঘটনা, মোটকথা। حریف অর্থ- সহকর্মী, অংশীদার, প্রতিদ্বন্দ্বী, শত্রু। تابو অর্থ- সুযোগ, ক্ষমতা। اسیر کرد অর্থ- কয়েদ করল, গ্রেফতার করল।

حکایت : ۳ : زنے پیش قاضی رفتند. وگفت کہ فلاں مرد با من بزور زنا کرد. قاضی آں مرد را طلبید و پرسید کہ چرا آبروئے ایں زن ریختی. مرد انکار کرد. قاضی فرمود کہ دہ روپیہ جرمانہ بایں زن بدہ ناچار بموجب حکم قاضی زر بزن داد. زن چوں بیروں رفت، قاضی مرد را فرمود : بروو نقد خود را از زن باز بگیر. مرد چوں حکم یارت، دوید. ہر چند خواست کہ روپیہ ازاں زن باز بگیر د نتوانست. زن پیش قاضی باز آمد. عرض کرد کہ آں مرد روپیہ از من بزور باز می گیرد و ہنوز ندادہ ام. اگر مرضیٔ حضرت است بدہم. قاضی گفت: آں مرد کہ نقد را بزور از تو گرفتن نتوانست، بے رضائے تو چگونہ با تو زنا کرد. تو دروغ می گوئی برو. نقد را باو بسپار. وباز ایں چنیں افترا مکن.

হেকায়েত নং ৩ ঃ সম্মতি ছাড়া ব্যভিচার হয় না।

একজন মহিলা কাযীর দরবারে গিয়ে বলল, অমুক ব্যক্তি আমার সাথে জোরপূর্বক ব্যভিচার করেছে। কাযী সাহেব ঐ ব্যক্তিকে ডেকে এনে বললেন, কেন তুমি এ মহিলার ইজ্জত লুণ্ঠন করেছ? লোকটি তা অস্বীকার করল। কাযী সাহেব বললেন, এ মহিলাকে দশ টাকা জরিমানা হিসেবে দিয়ে দাও। নিরূপায় হয়ে লোকটি কাযীর নির্দেশে মহিলাকে টাকা দিয়ে দিল। যখন মহিলা বের হয়ে গেল, তখন কাযী লোকটিকে বললেন- তুমি গিয়ে মহিলা থেকে তোমার টাকাগুলো ফেরৎ নিয়ে আস। লোকটি নির্দেশ পেয়ে দৌড়ে গেল। অনেক চেষ্টা করেও মহিলা থেকে টাকাগুলো ফেরৎ নিতে পারল না। এমতাবস্থায় মহিলাটি আবার কাযীর কাছে এসে বলল, লোকটি আমার কাছ থেকে টাকাগুলো নেয়ার জন্য অনেক চেষ্টা করেছে। কিন্তু আমি তাকে টাকাগুলো এখনো দেইনি। যদি জনাবের নির্দেশ হয়; তাহলে দিয়ে দেব। কাযী বললেন- সে ব্যক্তি তোমার কাছ থেকে জোরপূর্বক টাকা নিতে সক্ষম হলো না। তবে তোমার সম্মতি ছাড়া কিভাবে

তোমার সাথে ব্যাভিচার করতে পারে? সুতরাং তুমি মিথ্যা বলেছ। তার টাকাগুলো তাকে দিয়ে চলে যাও। আর পরবর্তীতে কারো প্রতি এরূপ মিথ্যা অপবাদ দিবে না।

শিক্ষা ঃ কিছু কিছু মহিল দ্বারা শয়তানি সহজে তার কার্য সিদ্ধি করতে সক্ষম হয়. সুতরাং বাঁচাল, চরিত্রহীনা ও দুষ্ট প্রকৃতির মহিলা হতে সর্বদা সাবধান থাকবে।

শব্দ বিশ্লেষণ ঃ آبرو অর্থ- মান-সম্মান, ইজ্জত। بردی অর্থ- ইজ্জত কেড়ে নিয়েছ, অপমান করেছ; এটা واحد حاضر এর সীগাহ, বাহস معروف ماضی مطلق মাসদার بردن جرمانہ অর্থ- জরিমানা, শাস্তি অর্থ দণ্ড। سبب অর্থ কারণ। زر অর্থ- স্বর্ণ। دوید অর্থ- দৌড়াল। এটা واحد এর সীগাহ, বাহস معروف ماضی مطلق, মাসদার دویدن ہنوز অর্থ- এ পর্যন্ত, এখন পর্যন্ত। رضی অর্থ- খুশি, অনুমতি, ইচ্ছা, মর্জি। حضرت অর্থ- জনাব, মহাশয়, বাদশাহ। افترا অর্থ- মিথ্যা, ধোকা দেয়া, বানোয়াট কথা, অপবাদ।

حکایت : ۴ در شہرے انبار پنبہ بدزدے رفت. پنبہ فروشاں شکایت بہ پادشاہ بردند. پادشاہ ہر چند تجسس فرمود. دزداں نیافت امیرے عرض کرد کہ اگر فرمان باشد دزداں را بگیریم. پادشاہ حکم داد. امیر بخانۂ خود رفت و خرد و بزرگ شہر را بہ بہانۂ ضیافت طلبید. چوں ہمہ مردماں جمع شدند و نشستند، امیر دراں مجلس رفت و بر روئے ہمہ مردماں نظر کرد و گفت چہ حرامزادہ بے حیا و احمق مردماں اند کہ پنبہ را دزدیدہ اند. و ریزہ ہائے پنبہ در ریشہائے ایشاں جا کردہ است. و ہمراں حال در مجلس من آمدہ اند. چند کس ہمہ وقت ریشہائے خود را از دست پاک کردند. امیر معلوم کرد کہ دزداں ہمیں اند. بادشاہ بہ تدبیر امیر آفریں و تحسیں نمود.

হেকায়েত নং ৪ ঃ তুলা চোর ধরার অভিনব কৌশল।

এক শহরে তুলার একটি গুদাম চুরি হয়ে গেল, তুলা ব্যবসায়ীগণ বাদশাহর দরবারে বিচারের আবেদন করল। বাদশাহ সব জায়গায় খোঁজ-খবর নিলেন। তবে কোথাও চোরের সন্ধান পাওয়া গেল না। একজন আমীর বললেন- যদি জাহাঁপনা অনুমতি দেন, তাহলে আমি চোরদেরকে ধরে ফেলব। বাদশাহ আদেশ প্রদান করলেন, আমীর নিজ গৃহে গেলেন এবং শহরের ছোট-বড় সকলকে দাওয়াতের বাহানা করে ডাকলেন। লোকেরা যখন উপস্থিত হয়ে বসল। তখন আমীর সাহেব মজলিসে উপস্থিত হলেন এবং সকল মানুষের প্রতি তাকিয়ে বললেন- কেমন বজ্জাত, নির্লজ্জ ও নির্বোধ মানুষ তারা, যারা তুলা চুরি করে। আর তুলার টুকরাগুলো তাদের দাঁড়িতে লেগে রয়েছে এবং এমতাবস্থায়ই তারা আমার মজলিসে উপস্থিত হয়েছে।

কিছু সংখ্যক লোক একথা শোনার সাথে সাথে স্বহস্তে স্বীয় দাঁড়ি পরিষ্কার করতে

লাগল। আমীর সাহেব বুঝতে পারলেন যে, এরাই চোর বাদশাহ আমীরের এ সুকৌশলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানালেন।

শিক্ষা ঃ বুদ্ধি, বিচক্ষণতা ও সুকৌশল দ্বারা কঠিন সমস্যাও সহজে সাধ্য হয়।

শব্দ বিশ্লেষণ ঃ انبار অর্থ- স্তূপ, গুদাম, ভান্ডার। پنبہ অর্থ- তুলা, রুই। دزدی এটা اسم فاعل حاصل مصدر অর্থ- চুরি। فروشاں অর্থ- বিক্রেতা। এটা اسم فاعل, اسم فاعل এরপর আলিফ ও নূন হরফ বাড়িয়ে বহুবচন বানানো হয়েছে। تجسس অর্থ- খোঁজ করা, তালাশ করা, অনুসন্ধান করা। فرمان অর্থ- নির্দেশ, হুকুম। خرد অর্থ- ক্ষুদ্র, ছোট। ریزہا অর্থ- টুকরাগুলো। এটা বহুবচন, একবচনে ریزہ-ریشہا অর্থ- দাঁড়িগুলো। آفریں অর্থ- ধন্যবাদ, শুভেচ্ছা, সাবাস। تحسین অর্থ- প্রশংসা করা, স্তুতি কীর্তন।

حکایت : ۵ : شخصے پیش پادشاہ رفت و گفت. دی شب مردے از فوج بادشاہے بزور در خانۂ من آمد. وبزور بجنیسے من زنا کرد. پادشاہ فرمود کہ اگر مرد باز در خانۂ تو بیاید، ہماں دم مرا خبر کن. شب دوم آں مرد باز آمد ودر خانۂ او رفت. صاحب خانہ بادشاہ را خبر داد. بادشاہ شمشیرے در دست گرفت. وباوروان شد. چوں بخانۂ او رسید. اول چراغ راکشت. وبعد ازاں آں مرد رابقتل رسانید. وباز چراغ راطلبید. وروئے آں مرد رادیدہ خدارا شکر کرد. وصاحب خانہ راگفت، ہر طعامے کہ ایں وقت در خانۂ تو موجود باشد، بیار. صاحب خانہ طعام آورد. بادشاہ بخوشی بسیار خورد. صاحب خانہ پرسید: اے خداوند! بہ چہ سبب اول چراغ راکشتند؟ وبعد ازاں آں مرد راازچراغ دیدند. وچوں روئے آں مرد دیدند. شکر خدا کردند. طعام بے وقت خوردند. بادشاہ فرمود کہ پنداشتہ بودم کہ سوائے پسر من کسے راایں چنیں قدرت نیست. ازیں سبب اول چراغ راکشتم کہ اگر روئے پسر خود خواہم دید. از شفقت اورا نتوانم کشت. چوں کشتہ شد، چراغ راطلبیدم وروئے اورا دیدم و خدارا شکر کردم کہ پسر من نیست. وآں وقت کہ از من انصاف بخواستی با خود گفتم کہ تا آں مرد رانہ کشتم، ہیچ نخوردم. ازاں وقت تا ایں دم ہیچ نہ خوردہ بودم. ازیں سبب سخت گرسنہ بودم وطعام بے وقت خوردم.

হেকায়েত নং ৫ ঃ ন্যায় পরায়ণ বাদশাহ।

জনৈক ব্যক্তি বাদশাহর দরবারে উপস্থিত হয়ে বলল- গতরাতে বাদশাহর সেনাদলের এক ব্যক্তি আমার ঘরে জোরপূর্বক প্রবেশ করে আমার ক্রীতদাসীর সাথে ব্যভিচার করেছে। বাদশাহ বললেন, যদি ঐ লোকটি পরবর্তীতে আবার জোরপূর্বক তোমার ঘরে প্রবেশ করে। তাহলে সাথে সাথে আমাকে সংবাদ দিও।

দ্বিতীয় রাতে সে লোকটি আবার এসে ঘরে প্রবশ করল। ঘরের মালিক বাদশাহকে খবর দিল, বাদশাহ হাতে তরবারী নিয়ে তার সাথে রওয়ানা করল।

যখন তার ঘরে প্রবশ করল, প্রথমেই বাতি নিভিয়ে দিলেন। অতঃপর ঐ লোককে হত্যা করে ফেললেন। পরবর্তীতে বাতি জ্বালিয়ে লোকটির চেহারা দেখে আল্লাহর শুকর করলেন এবং ঘরের মালিককে বললেন, এখন ঘরে যা আহার্য আছে তা আমাকে দাও। ঘরের মালিক তাঁকে খাবার এনে দিল। বাদশাহ (তৃপ্তির সাথে) অনেক খানা খেলেন। ঘরের মালিক জিজ্ঞেস করল, হে জাহাঁপনা! কেন আপনি প্রথমে বাতি নিভালেন আবার পরে বাতি জ্বালিয়ে লোকটির চেহারা দেখলেন, তার চেহারা দেখে আল্লাহর শোকর আদায় করলেন? আর অসময়ে খাবার খেলেন? বাদাশাহ বললেন- "আমি ধারণা করেছিলাম যে, আমার ছেলে ছাড়া অন্য কারো এ সাহস নেই। এজন্য প্রথমে বাতি নিভিয়ে দিয়েছি। কেননা আমার ছেলের চেহারা যদি আমি দেখি, তবে স্নেহ-মমতার কারণে তাকে হত্যা করতে পারব না। তবে যখন হত্যা করে ফেলেছি তখন বাতি জ্বালিয়ে তার হোরা দেখে আল্লাহর শোকর এজন্য আদায় করলাম যে, সে আমার ছেলে নয়। যখন তুমি আমার কাছে ন্যায় বিচার চেয়েছিলে তখনই আমি প্রতিজ্ঞা করেছিলাম যে, যতক্ষণ পর্যন্ত আমি লোকটিকে হত্যা না করব, ততক্ষণ পর্যন্ত কোন কিছু খাব না। তখন থেকে এ পর্যন্ত আমি কোন কিছু খাইনি, এ কারণে আমি খুব ক্ষুধার্ত ছিলাম। তাই এ অসময়ে খাবার খেলাম।

শিক্ষা ঃ এমন বাদশাহ হওয়াই বাঞ্ছনীয় যিনি সাধারণ জনগণের কাজে এমন মনোযোগ ও আন্তরিকতার সাথে আঞ্জাম দিয়ে থাকেন, এমন রাষ্ট্রপ্রধান নিয়োজিত হওয়া সকলেরই কামনা করা উচিৎ।

শব্দ বিশ্লেষণ ঃ دی شب অর্থ- গতরাত। کنیزے অর্থ- দাসী, বাঁদী, চাকরাণী। شمشیر অর্থ- তলোয়ার, তরবারী। بیار অর্থ- নিয়ে এসো। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر, মাসদার آوردن-اے خداوند অর্থ- হে বাদশাহ! شفقت অর্থ- অনুগ্রহ, করুণা। تا ایں دم অর্থ- এ সময় পর্যন্ত। نخوردہ بودم অর্থ- না খেয়েছিলাম (অনাহারে ছিলাম) খাইনি। এটা واحد متکلم এর সীগা, বাহস منفی فعل ماضی بعید معروف। گرسنہ অর্থ- ক্ষুধার্ত।

حکایت: ۲ : دانشمندے ہزار دینار عطارے رابسفر دہ بسپردہ رفت. بعد از چندمدت از سفر باز آمدو دینار از عطار خواست. عطار گفت : دروغ می گوئی مرا

نہ سپردہ۔ دانشمند باوے درآویخت۔ مردماں جمع شدند۔ و دانشمند را تکذیب کردند و گفتند۔ ایں عطار بسیار دیانتدار ست۔ گاہے خیانت نہ کردہ۔ اگر بایں مناقشہ خواہی کرد، سزا خواہی یافت۔ دانشمند ناچار شد و احوال بر کاغزے نوشت۔ و پادشاہ را نمود۔ پادشاہ فرمود کہ برو۔ و بر دکان عطار سہ روز بہ نشیں۔ او را ہیچ مگو۔ روز چہارم من ازاں طرف خواہم رفت و ترا اسلام خواہم کرد۔ سوائے جواب سلام ہیچ با من نہ گوئی۔ چوں ازاں جا بروم، نقد خود را از عطار بخواہ۔ وانچہ او بگوید۔ مرا خبر کن۔ دانشمند موافق حکم پادشاہ بر دکان عطار نشست۔ روز چہارم پادشاہ با حشمت بسیار آں طرف رفت۔ چوں دانشمند را دید، اسپ ایستادہ کرد۔ و بر دانشمند سلام خواند۔ دانشمند جواب سلام گفت۔ بادشاہ فرمود: اے برادر! گاہے نزد من نمی آئی و ہیچ احوال با من نمی گوئی۔ دانشمند سر بجنبانید۔ دیگر ہیچ نہ گفت۔ عطار ایں ہمہ می دید۔ و می ترسید۔ چوں بادشاہ رفت دانشمند را بگفت کہ ہر گاہ نقد مرا سپردہ بودی کجا بودم۔ و کدام شخص نزد من حاضر بود۔ بازگو۔ شاید کہ فراموش کردہ باشم۔ دانشمند ہمہ احوال باز گفت۔ عطار گفت: راست می گوئی۔ حالاً مرا یاد آید۔ القصہ ہزار دینار دانشمند را داد۔ و عذر بسیار نمود۔

হেকায়েত নং ৬ ঃ বাদশাহর ভয়ে।

জনৈক বিজ্ঞ ব্যক্তি হাজার দীনার (স্বর্ণ মুদ্রা) এক আতর ব্যবসায়ীর কাছে আমানত রেখে সফরে গেল। কিছুদিন পর সফর হতে প্রত্যাবর্তন করে আতর ব্যবসায়ীর কাছে তার আমানতকৃত টাকা ফেরৎ চাইল। আতর ব্যবসায়ী বলল-তুমি মিথ্যা বলছ। আমার কাছে তুমি টাকা আমানত রাখনি। বিজ্ঞ ব্যক্তি তাকে আঁকড়ে ধরল। এক পর্যায়ে অনেক লোক একত্রিত হয়ে গেল এবং বিজ্ঞ ব্যক্তিকে মিথ্যারোপ করল। আর সকলেই বলল- এ আতর ব্যবসায়ী অত্যন্ত দীনদার ব্যক্তি। সে কখনো খেয়ানত করেনা। যদি তুমি তার সাথে ঝগড়া-বিবাদ কর, তাহলে তোমাকে শাস্তি প্রদান করা হবে। বিজ্ঞ ব্যক্তি নিরূপায় হয়ে তার

অবস্থা সম্পর্কে এক টুকরা কাগজে লিখে বাদশাহের সামনে পেশ করল। বাদশাহ তাকে বললেন, তুমি যাও। তার দোকানে তিন দিন বসে থাক। তবে তার সাথে কোন প্রকার কথা বলবে না।

চতুর্থ দিন আমি ঐ দোকানের কাছ দিয়ে যাব এবং তোমাকে সালাম দিব। তুমি সালামের উত্তর ব্যতীত আমার সাথে আর অন্য কিছু বলবে না। যখন আমি সেখান থেকে যাব, তখন তুমি আতর বিক্রেতার কাছে তোমার টাকা ফেরৎ চাবে। অতঃপর সে কি বলে তা আমাকে জানাবে। বিজ্ঞ ব্যক্তি বাদশাহের হুকুম অনুসারে আতর বিক্রেতার দোকানে বসে রইল।

চতুর্থ দিন বাদশাহ তাঁর পরিপূর্ণ আড়ম্বরতার সাথে সেই পথ ধরে চললেন। যখন বিজ্ঞ ব্যক্তিকে দেখলেন, তখন ঘোড়া থামিয়ে বিজ্ঞ ব্যক্তিকে সালাম দিলেন। সে সালামের উত্তর দিল। অতঃপর বাদশাহ বললেন হে ভাই! তুমি কখনো আমার দরবারে আসলে না এবং তোমার কোন সংবাদ আমাকে জানালে না? বিজ্ঞ ব্যক্তি মাথা ঝুকালো আর অন্য কিছু বলল না।

আতর ব্যবসায়ী এসব দেখে ভয় পেল। যখন বাদশাহ চলে গেলেন। তখন আতর ব্যবসায়ী বিজ্ঞ ব্যক্তিকে বলল- যখন আমাকে টাকা দিয়েছিলে তখন আমি কোথায় ছিলাম? আর বল আমার কাছে কে উপস্থিত ছিল? এটাও হতে পারে যে, আমি ভুলে গিয়েছি। বিজ্ঞ ব্যক্তি সম্পূর্ণ ঘটনা আবারো বলল। আতর ব্যবসায়ী বলল, সত্য বলেছ, এখন আমার স্মরণ হয়েছে।

মোটকথা, আতর ব্যবসায়ী বিজ্ঞ ব্যক্তিকে হাজার দীনার দিয়ে দিল এবং অনেক ক্ষমা প্রার্থনা করল।

শিক্ষা ঃ প্রবাদ আছে হাকিমের কাজ হেকমত হতে খালি হয় না। শিক্ষিত ও বুদ্ধিমানগণের প্রত্যেকটি কাজে শিক্ষণীয় অনেক কিছু নিহিত থাকে।

শব্দ বিশ্লেষণ ঃ [illegible] অর্থ-দীনার, স্বর্ণ মুদ্রা। دروغ অর্থ মিথ্যা। آویخت অর্থ-আঁকড়িয়ে ধরল বা জড়িয়ে ধরল। تہمت অর্থ- মিথ্যারোপ করা। [illegible] ঝাড়া। لاچار অর্থ- নিরূপায়। احوال অর্থ- অবস্থা। تنگ অর্থ- টাকা। [illegible] আড়ম্বরতা। جنبانید অর্থ-ঝুঁকালো। এটা [illegible] এর সীগাহ, বাবে [illegible] মাসদার [illegible] جنبانیدن - جنبیدن দু'টি একইসীগাহ। [illegible] এর সীগাহ। মাসদার [illegible] অর্থ- দেখে ভয় পেল।

حکایت : دو کس مال خود پیش زنے را سپردند و گفتند کہ ہرگاہ ہر دو نوا [illegible]
آید [illegible] گرفت. بعد از چند روز شخصے از [illegible] پیر زن آمد و [illegible]
[illegible] حالا مرا بده. پیرزن ناچار شد. [illegible] از چند روز [illegible]
[illegible] خواست پیر زن گفت کہ شریک تو آمده [illegible]

ساخت. ہر چند مبالغہ کردم و حجت آوردم لیکن سخن نشنید. وہمہ مال را برد. شخص مذکور پیرزن را پیش قاضی برد و تاوان مال خواست. قاضی بعد از تامل دریافت کرد کہ پیرزن بے تقصیر است فرمود کہ اول شرط کردہ بودی کہ ہرگاہ ما ہر دو شریک میخواہیم آں مال خواہیم گرفت. تو شریک خود را بیار. ومال بگیر. تنہا چگونہ بیابی مرد لاجواب شدہ راہ خود پیش گرفت.

হেকায়েত নং ৭ ঃ ধোকাবাজের পরিণাম।

দু'ব্যক্তি তাদের কিছু মাল একজন বৃদ্ধা মহিলার কাছে রেখে একথা বলল যে, আমরা দু'জন এক সাথে এসে মাল নিয়ে যাব। কিছুদিন পর তাদের একজন বৃদ্ধা মহিলার কাছে এসে বলল যে, আমার অংশীদার মৃত্যু বরণ করেছে। অতএব এখন আমাকে মাল দিয়ে দাও। বৃদ্ধা মহিলা অপারগ হয়ে তাকে মাল দিয়ে দিল। কিছুদিন পর অপর লোকটি এসে মাল চাইল। বৃদ্ধা মহিলা বলল তোমার অংশীদার এসেছিল। তুমি মৃত্যুবরণ করেছ বলে প্রকাশ করেছিল। আমি তাকে চেষ্টা করলাম এবং যুক্তি পেশ করলাম। কিন্তু সে আমার কোন কথা না শুনে সমস্ত মাল নিয়ে গেল। সে বৃদ্ধা মহিলাকে বিচারকের কাছে নিয়ে গেল এবং সুবিচার চাইল। বিচারক চিন্তা ভাবনার পর বুঝল যে, বৃদ্ধা মহিলা নির্দোষ। অতঃপর বললেন, "প্রথমে তুমি শর্ত করেছিলে যে, যখন আমরা দু'জনে এক সাথে আসব তখন মাল নিয়ে যাব। সুতরাং তুমি তোমার অংশীদারকে নিয়ে এসো এবং মাল নিয়ে যাও। একা মাল পাবে কিভাবে? লোকটি নির্বাক-নিরুত্তর হয়ে আপন পথ ধরে প্রস্থান করল।

শিক্ষা ঃ রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, ধোকাবাজ ও প্রতারক আমার উম্মত নয়। (আল হাদীস)। শর্ত মানতে অপারগ হলে এমন শর্তে আবদ্ধ না হওয়াই উচিত। শর্ত মত কাজ সমাধা করা সকলের কর্তব্য।

শব্দ বিশ্লেষণ ঃ پیرزنے অর্থ- একজন বৃদ্ধা মহিলা। (ے একক বুঝানোর জন্য) خواہیم آمد অর্থ- আমরা আসব। এটা جمع متکلم এর সীগাহ, বাহস فعل مستقبل معروف মাসদার آمدن-مرد অর্থ- মৃত্যুবরণ করেছে। এটা واحد غائب এর সীগাহ বাহস ماضی مطلق معروف, মাসদার مردن-اکنوں অর্থ- এখন।بدہ অর্থ- দিয়ে দাও। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر معروف, মাসদার دادن-لاچار অর্থ- অপারগ, নিরুপায়।مبالغہ অর্থ- কোন কাজে অধিক চেষ্টা করা।حجت অর্থ- প্রমাণ, দলীল।تامل অর্থ- চিন্তা ভাবনা করা।دریافت এটা حاصل بالمصدر অর্থ- জানা, শুনা।بے تقصیر অর্থ- নির্দোষ, নিষ্পাপ।بیار অর্থ- নিয়ে এসো। এটা واحد حاضر সীগাহ, বাহস امر حاضر, মাসদার آوردن-لاجواب অর্থ- নির্বাক, নিরুত্তর।

حکایت : ۸ : غلامے از نزد صاحب خود گریخت. بعد از چند روز صاحب او در شہر دیگر رفت. آنجا غلام را دیدہ او را گرفت و گفت. چرا گریختی؟ غلام دست در دامن خواجہ زدہ گفت. تو غلام من ہستی. نقد بسیار از من دزدیدی و گریختی. حالا کہ ترا یافتہ ام بر تو سیاست خواہم نمود. آخر الامر ہر دو پیش قاضی رفتند. و انصاف خواستند. قاضی آں ہر دو را نزد دریچہ ایستادہ کردہ فرمود کہ یک بار ہر دو از دریچہ سرہا بیروں کنید. چوں سر بیروں کردند. قاضی جلاد را فرمود کہ شمشیر بر سر غلام بزن. غلام چوں ایں سخن بشنید. دریں حال سر خود را اندروں کشید و صاحب او اصلاً نہ جنبید. قاضی غلام را سیاست کرد و صاحب او بسپرد.

হেকায়েত নং ৮ ঃ পলাতক গোলাম।

একজন ক্রীতদাস তার মালিকের কাছ থেকে পলায়ন করল। কিছুদিন পর তার মালিক অন্য এক শহরে গেল। তথায় চাকরকে দেখল এবং ধরে বলল, কেন পলায়ন করেছিস? ক্রীতদাস স্বহস্তে মালিকের আঁচল ধরে বলল তুমি আমার চাকর। আমার টাকা-পয়সা চুরি করে নিয়ে পলায়ন করেছিলে। এখন আমি তোমাকে পেয়েছি, তোমার বিরুদ্ধে বিচার দায়ের করব। পরবর্তীতে উভয়ে বিচারকের কাছে গেল এবং বিচার চাইল। উভয়কে বিচারক একটি জানালার পাশে দাঁড় করিয়ে বললেন- প্রত্যেকে নিজ নিজ মাথা জানালার পাশ দিয়ে বের কর। উভয়ে যখন মাথা বের করল, তখন বিচারক জল্লাদকে বললেন, ক্রীতদাসের মাথায় তরবারী চালাও। একথা শুনামাত্রই ক্রীতদাস তার মাথা ভিতরে নিয়ে আসল। কিন্তু তার মালিক মোটেই মাথা নাড়াচাড়া করল না। বিচারক ক্রীতদাসকে শাস্তি প্রদান করে তার মালিকের হাতে সোপর্দ করে দিলেন।

শিক্ষা ঃ কর্মচারী নিয়োগ করতে আল্লাহ ভীরু ও দায়িত্ববান দেখে নিয়োগ করতে হবে। বিচার করতে বিভিন্ন কৌশল অবলম্বন করে সঠিক বিচার করতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ گریخت অর্থ- পলায়ন করেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মাসদার گریختن صاحب او অর্থ- তার মালিক। خواجہ অর্থ- মালিক। زدہ گفت অর্থ- মেরে বলল। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معطوفہ سیاست - অর্থ- শাস্তি। آخر الامر অর্থ- পরবর্তী, শেষ ফলাফল। دریچہ অর্থ- জানালা, ছিদ্র বিশেষ। سرہا অর্থ- মাথাগুলো। شمشیر অর্থ- তরবারী, তলোয়ার। بزن অর্থ- আঘাত কর। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر معروف, মাসদার زدن.

حکایت : ۹ : شخصے مال بسیار صرافی را سفردہ بسفر رفت. چوں باز آمد تقاضا نمود. صراف انکار ساحت. وقسم خورد کہ مرا نہ سفردہٗ. آں شخص پیش قاضی رفت. واحوال خود گفت. قاضی تأمل کردو فرمود کہ کسے را مگو کہ فلاں صراف مال نمی دہد. تدبیرے برائے مال تو خواہم کرد. روزے دیگر قاضی آں صراف راطلبیدہ گفت، کارہائے بسیار نمن آمدہ است تنہا انجام آں نمی توانم کرد. ترانائب خود کردن میخواہم. زیراکہ متدین ہستی. صراف قبول کرد خوش گردید. چوں بخانہ رفت قاضی آں شخص راطلبید و گفت. حالاً بروو مال خود را از صراف بخواہ. البتہ خواہد داد. شخص مذکور پیش صراف رفت. صراف چوں رؤے او دید گفت بیابیا. خوش آمدی. مال تو فراموش کردہ بودم. دی شب مرا یاد آمد. القصہ مال اوداد. واز طمع نیابت پیش قاضی رفت، قاضی گفت : امروز پادشاہ رفتہ بودم شنیدم کہ کارے بزرگ ترا سفردن می خواگد. خدارا شکر کن. مرتبۂ بزرگ خواہی یافت. حالاً نائب دیگر برائے خود تلاش خواہم کرد. القصہ، قاضی اورا بدیں حیلہ رخصت کرد.

হেকায়েত নং ৯ ঃ পদের লোভে।

জনৈক ব্যক্তি তার অনেক মালামাল একজন সাররাফীর (টাকা বা ডলার ব্যবসায়ীর) কাছে রেখে সফরে গেল। যখন ফিরে এলো, তখন তাগাদা করল। সাররাফ অস্বীকার করল এবং শপথ করল যে, আমার কাছে তুমি কোন টাকা রেখে যাও নাই। সে ব্যক্তি বিচারকের কাছে গিয়ে তার সম্পূর্ণ ঘটনা বলল। বিচারক চিন্তা-ভাবনা করে বলল, তুমি এ কথা কারো কাছে বলবে না যে, অমুক সাররাফ আমার মালামাল দিচ্ছে না। তোমার মালের জন্য আমিই পদক্ষেপ নিব।

দ্বিতীয় দিন বিচারক সাররাফকে ডেকে বললেন, আমার কাছে অনেক কাজ আসছে। একা এ সমস্ত কাজ সমাধা করতে আমি অক্ষম। সুতরাং তোমাকে আমার সহকারী নিযুক্ত করতে চাচ্ছি। কেননা তুমি তো খুব আমানতদার ব্যক্তি। সাররাফ তা শুনে খুব আনন্দিত হল। সে যখন বাড়ী ফিরল, তখন কাযী সাহেব ঐ লোকটিকে ডেকে বললেন, এখন যাও, গিয়ে সাররাফের কাছে তোমার মাল চাও। অবশ্যই সে দিয়ে দিবে। সে লোকটি যখন সাররাফের কাছে গেল। আর যখনই সাররাফ তাকে দেখল সাথে সাথে বলতে লাগল এসো! শুভ হোক তোমার আগমন। তোমার মালের কথা আমি ভুলে গিয়েছিলাম। গতরাত তোমার মালের কথা মনে পড়েছে।

মোটকথা, সাররাফ তাকে মাল দিয়ে দিল এবং বিচারকের সহকারী হওয়ার লোভে বিচারকের দরবারে গেল। বিচারক বললেন, আজ বাদশাহের দরবারে গিয়েছিলাম। শুনে এলাম যে, একটি বড় কাজের গুরু দায়িত্ব তোমার উপর অর্পন করতে বাদশাহ আশাবাদী। অতএব তুমি আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপন কর যে, তুমি বড় দায়িত্ব পাচ্ছ। এ জন্য এখন আমি অন্য লোককে সহকারীর জন্য খোঁজ করব। মোটকথা এ বাহানা করে বিচারক তাকে ফিরিয়ে দিলেন।

শিক্ষা ঃ কাউকে ধোকা দেয়া নিষেধ। কোন কিছু কারো কাছে আমানত রাখতে চিন্তা করে রাখতে হবে। নিজের ধন-সম্পত্তি রক্ষণাবেক্ষণে যত্নবান হতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ صراف অর্থ- টাকা বা মুদ্রা ব্যবসায়ী। تقاضا অর্থ- পাওনা চাওয়া, তাগাদা দেয়া। نہ داد অর্থ- সে দেয় নাই। এটা واحد غائب এর সীগাহ, বাহস نفی فعل ماضی مطلق, মাসদার دادن- تدبیر অর্থ- পন্থা বের করা, চেষ্টা করা। طلبیدہ گفت অর্থ- ডেকে বললেন। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معطوفہ- نائب অর্থ- সহকারী, স্থলাভিষিক্ত। متدین অর্থ- আমানতদার, দ্বীনদার, বিশ্বাসী। البتہ অর্থ- অবশ্য, নিঃসন্দেহে। خواہد داد অর্থ- সে দিবে। এটা واحد غائب এর সীগাহ, বাহস مستقبل معروف, মাসদার دادن- بیا بیا অর্থ- এসো! এসো!! এ দু'টি واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر, মাসদার آمدن- طمع অর্থ- লোভ, লিপ্সা। نیابت অর্থ- সহকারী হওয়া, প্রতিনিধি হওয়া, স্থলাভিষিক্ত হওয়া। رفتہ بودم অর্থ- গিয়েছিলাম। এটা واحد متکلم এর সীগাহ, বাহস ماضی بعید معروف, মাসদার رفتن- حیلہ অর্থ- বাহানা।

حکایت : ۱۰ : زنے بازن ہمسایۂ خود دشمنی داشت. شبے طفلے بسیار خوردہ سست شد. و خودرا کشت. و در خانۂ ہمسایہ انداخت. و صباح برو تہمت نہاد کہ طفل مرا کشتہ است. و اورا پیش قاضی برد. قاضی اول زن ہمسایہ را در خلوت طلبید. و بسیار ترسانید و گفت راست بگو. ورنہ خواہم کشت. زن قسم خورد و انکار کرد. قاضی گفت اگر روبروئے من برہنہ شوی سخن تو راست پندارم. زن از حیا سر فرو کرد و گفت کہ مرا کشتہ شدن قبول است لیکن زنہار برہنہ نخواہم شد. قاضی اورا رخصت کرد. و زن فریادی را در خلوت طلبید و گفت: اگر پیش من برہنہ شوی سخن تو باور کنم. آں زن خواست کہ خود را برہنہ کند. قاضی اورا منع کرد و گفت کہ خود پسر خود کشتۂ. قاضی چوں چند تازیانہ اورا زد. آں زن اقرار کرد کہ چنیں تقصیر کردم و تہمت برو نہادم. القصہ قاضی اورا بر دار کشید.

হেকায়েত নং ১০ ঃ নির্লজ্জতার সূত্র ধরে।

জনৈকা মহিলার তার প্রতিবেশী এক মহিলার সাথে শত্রুতা ছিল একরাতে অতিরিক্ত মদ্য পানের কারণে সে মহিলা অজ্ঞান হয়ে তার নিজ সন্তানকে হত্যা করে ফেলল এবং প্রতিবেশী মহিলার বাড়ীতে রেখে এলো। সকালে তার উপর অপবাদ দিল যে, সে আমার সন্তানকে হত্যা করেছে এবং তাকে বিচারকের দরবারে উপস্থিত করল। বিচারক প্রথমে প্রতিবেশী মহিলাকে নিরালয়ে ডেকে নিয়ে অনেক ভয়-ভীতি দেখিয়ে বলল, সত্য কথা বল, না হয় তোমাকে হত্যা করব। মহিলা শপথ করে অস্বীকার করল। বিচারক বললেন, তুমি যদি আমার সামনে উলঙ্গ হতে পার, তাহলে তোমার কথা সত্য মনে করব। মহিলা লজ্জায় মাথা নত করে বলল- আমাকে হত্যা করতে পারেন, কিন্তু আমি কখনো উলঙ্গ হতে পারব না।

বিচারক তাকে ছেড়ে দিলেন এবং বাদী মহিলাকে নিরালয়ে নিয়ে বললেন- তুমি যদি আমার সামনে উলঙ্গ হতে পার তাহলে তোমার কথা বিশ্বাস করব। সে মহিলা যখন উলঙ্গ হতে লাগল, বিচারক তাকে নিষেধ করলেন এবং বললেন, তুমি নিজেই তোমার সন্তানকে হত্যা করেছ। বিচারক যখন তাকে কয়েক ঘা বেত্রাঘাত করলেন, তখন মহিলা স্বীকার করল যে, আমি স্বয়ং ভুল করেছি এবং তার উপর অপবাদারোপ করেছি।

সারকথা এই যে, বিচারক ঐ মহিলাকে ফাঁসির কাষ্ঠে ঝুলালেন।

শিক্ষা ঃ প্রতিবেশীর সাথে সদাচরণ ও মধুর সম্পর্ক রাখবে। সর্বদা প্রতিহিংসা ত্যাগ করবে। প্রতিবেশীর উপকার করবে, মোটেও অপকার করবে না। প্রতিবেশীর সদাচরণের জন্য রাসূলুল্লাহ (সাঃ) গুরুত্বারোপ করেছেন।

শব্দ বিশ্লেষণ ঃ مے অর্থ- মদ, শরাব। خوردہ অর্থ- খেয়েছে বা পান করেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی قریب معروف, মাসদার خوردن- کشت অর্থ- হত্যা করেছে, মেরে ফেলেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মসিদার کشتن- صباح অর্থ- সকাল বেলা, প্রভাত। نہاد অর্থ- সে রেখেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার نہادن- خلوت অর্থ- নিরালা, নির্জনতা। ترسانید অর্থ- ভয়-ভীতি প্রদর্শন করেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার ترسانیدن- روبروئے من অর্থ- আমার সামনে। برہنہ অর্থ- উলঙ্গ, লেংটা। راست অর্থ- সঠিক। سر فرو کرد অর্থ- মাথা নিচু করেছে। زنہار অর্থ- কখনো, বরং। زن فریادی অর্থ- অভিযোগকারী মহিলা। باور অর্থ- বিশ্বাস। تازیانہ অর্থ- চাবুক, বেত। دار অর্থ- ফাঁসির কাষ্ঠ।

حکایت : ۱۱ : شخصے دو ہزار روپیہ در کیسہ سر بمہر بقاضی سپرد. وخود بسفر رفت
چوں باز آمد کیسہ خود چناں سر بمہر از قاضی گرفت. چوں بکشاد فلوس نہ دید.
باز از قاضی مواخذہ نمود قاضی گفت. برو دروغ می گوئی. مرا روپیہا نمودہ نہ

سپردہ بودی. کیسۂ سر بمہر چناچہ سپردہ بودی باز گرفتی. مردماں و قاضی اورا راندند. آں شخص پیش پادشاہ رفت واحوال خود عرض کرد. سلطان اندک تأمل نمودہ فرمود کہ حالاً برو. و کیسہ رانزد من بدار کہ داد او خواہم داد. روزے دیگر پادشاہ مسند نورا کہ بر تخت بود. اندک پارہ نمودہ بشکار رفت. فراشے کہ آں روز خدمت اوبود. چوں مسند راپارہ دیدبتر سید. ولرزہ براندام افتاد. فراش دیگر را نمودو گفت اگر پادشاہ خواہد دید مراخواہد کشت. پر سید کہ دیگرے ایں سخن شنیدہ است یا مسند دیدہ گفت: نہ گفت خود خاطر جمع دار کہ دریں شہر رفوگرے کامل است. مسند پیش اوبر. او آنچناں رفو خواہد کرد کہ کسے رانخواہد دریافت. فراش بر دکان اور فت و مسند بر فوگر داد. وگفت ہر چہ بخواہی ترابد ہم. لیکن بخوبی رفو کن. رفوگر نیم دینار خواست. فراش یک دینار اورا بخشید. رفوگر در یک شب مسند را رفو کردہ باز داد. فراش روز دیگر آں رابر تخت گسترد. پادشاہ چوں آں مسند را درست دید، از فراش پر سید: ایں مسند راکہ رفو کردہ. فراش تجاہل نمود. پادشاہ فرمود ہیچ مترس، برائے مصلحتے ایں راپارہ کردہ بودم فراش نشان داد. پادشاہ آں رفوگر راطلبید و پر سید کہ دریں سال کدام کیسہ رفو کردۂ. گفت بلے گفت آں کیسہ رابینی شناسی. گفت آرے. پادشاہ کیسہ رانمود. رفوگر کیسہ را بشناخت و گفت. قاضی ایں شہر مرابرائے رفو دادہ بود. پادشاہ قاضی راطلبید و گفت بر دیانت تو اعتماد تمام داشتم. بنماء بر آں ایں منصب قضابتو دادم نمی دانستم کہ دزد ہستی. مال ایں شخص راچرا دزدی. گفت: اےئ خداوند کہ می گوید. گفت، من می گویم پس کیسہ رانمود. ورفوگر رانشان داد. قاضی شرمندہ شد. پادشاہ قاضی رادر زندان فرستاد. ومالک کیسہ رافرمود کہ نقد خود رااز قاضی بگیر. قاضی ناچار نقداورا داد. وروز دیگر پادشاہ قاضی راعبرۂ بردار کشید.

হেকায়েত নং ১১ ঃ বাদশাহ্‌র কাছে কাযীর বিরুদ্ধে অভিযোগ।

জনৈক ব্যক্তি দু'হাজার টাকা একটি থলেতে রেখে সীল মোহর করে বিচারকের কাছে আমানত রেখে সফরে গেল। যখন সফর থেকে ফিরে এলো, তখন বিচারকের কাছ থেকে পূর্বের ন্যায় থলেটি মোহরসহ নিয়ে এলো। যখন সে থলে খুলল, তখন তা শূন্য দেখল, ফিরে এসে বিচারককে জিজ্ঞাসা করলে বিচারক বললেন, তুমি মিথ্যা বলছ, বেরিয়ে যাও।তুমি তো আমাকে টাকা দেখিয়ে থলেটি দাওনি। বরং যেভাবে থলেটি মোহর সহকারে দিয়েছিলে, ঠিক সেভাবে আমার কাছ থেকে থলেটি ফেরৎ নিয়েছ। উপস্থিত জনতা ও বিচারক তাকে তাড়িয়ে দিলে সে বাদশাহ্‌র দরবারে উপস্থিত হয়ে তার অবস্থা বর্ণনা করল। কিছুক্ষণ চিন্তা করে বাদশাহ বললেন, তুমি এখন যাও, থলেটি আমার কাছে রেখে দাও। আমি এর যথোপযুক্ত বিচার করব।

দ্বিতীয় দিন বাদশাহ তাঁর সিংহাসনের নতুন গালিচাটি সামান্য ছিড়ে শিকারে চলে গেলেন। সেদিন যে ফাররাশ বাদশাহের খেদমতে নিযুক্ত ছিল, সে যখন গালিচা ছেঁড়া দেখতে পেল, তখন সে ভয়ে কাঁপতে শুরু করল এবং অন্য চাকরকে দেখিয়ে বলল- যদি বাদশাহ এ অবস্থা দেখেন, তাহলে আমাকে হত্যা করে ফেলবেন। সে জিজ্ঞেস করল যে, একথা আর কেউ শুনেছে কি? অথবা কেউ দেখেছে কি? বলল, না। তখন সে বলল, নিশ্চিন্ত থাক, এ শহরে একজন বিজ্ঞ দর্জি আছে। গালিচাটি তার কাছে নিয়ে যাও। সে গালিচাটি এমনভাবে রিপু করবে যে, কেউ তা বুঝতে পারবে না। চাকর ঐ দোকানে গিয়ে দর্জিকে গালিচাটি দিয়ে বলল, তুমি যা চাও, তাই দিব। কিন্তু খুব নিপুনভাবে সেলাই করবে। দর্জি আধা দীনার দাবী করল। চাকর তাকে একটি দীনার দিল। দর্জি একরাতেই রিপু করে গালিচাটি ফিরিয়ে দিল। দ্বিতীয় দিন চাকর গালিচাটি সিংহাসনে বিছাল। বাদশাহ যখন সে গালিচাটি ভাল দেখতে পেলেন, চাকরকে জিজ্ঞাসা করলেন এ গালিচাটি কে রিপু করেছে? চাকর অজ্ঞতা প্রকাশ করল। বাদশাহ বললেন- তুমি ভয় করো না। কোন এক বিশেষ কারণেই আমি এটাকে ছিঁড়েছিলাম। চাকর দর্জিকে চিহ্নিত করল। বাদশাহ দর্জিকে ডেকে জিজ্ঞেস করলেন যে, তুমি এ বছর কোন থলে রিপু করেছিলে কি? সে বলল হ্যাঁ, বাদশাহ বললেন- যদি ঐ থলেটি দেখ, তবে চিনতে পারবে কি? দর্জি বলল, হ্যাঁ চিনব। বাদশাহ্ তখন থলেটি দেখালেন। দর্জি থলেটি দেখে চিনতে পারল এবং বলল- এ শহরের বিচারক সাহেব রিপু করার জন্য আমাকে দিয়েছিলেন। বাদশাহ বিচারককে ডেকে বললেন- তোমার আমানতদারীর উপর আমি পূর্ণ আস্থাবান ছিলাম। এজন্যই তোমার কাছে বিচারকের দায়িত্ব অর্পণ করেছিলাম। আমি জানতাম না যে, তুমি একজন চোর। এ ব্যক্তির মাল কি জন্য চুরি করেছ? বিচারক বলল, হে জাহাঁপনা! কে বলেছে? বাদশাহ বললেন- আমি নিজেই বলেছি। অতঃপর থলেটি দেখালেন এবং দর্জির পরিচয় দিলেন। বিচারক লজ্জিত হল, বাদশাহ তাকে জেলে পাঠালেন। থলের মালিককে বললেন যে, তোমার

টাকা বিচারক থেকে নিয়ে নাও। বিচারক নিরূপায় হয়ে তাকে টাকা দিয়ে দিল। দ্বিতীয় দিন বাদশাহ বিচারককে উদাহরণ হিসেবে ফাঁসির কাষ্ঠে ঝুলালেন।

শিক্ষা ঃ প্রবাদ আছে- " রক্ষক যখন ভক্ষক হয়, দেশে তখন অরাজকতা রয়।" কেউ কেউ বলেন বুদ্ধি বাপের চেয়েও বড়।

শব্দ বিশ্লেষণ ঃ کیسہ অর্থ- থলে। چوں کشاد অর্থ- যখন খুলল। کشاد - واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মাসদার کشیدن- فلوس অর্থ- টাকা-পয়সা। এটা বহুবচন, একবচনে فلس - مؤاخذہ অর্থ- গ্রেফতার করা। روپیہ ہا অর্থ- টাকাগুলো। এটা বহুবচন, একবচনে روپیہ - راندند অর্থ-তারা তাড়িয়ে দিল। এটা جمع غائب এর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার راندن- اندک অর্থ- স্বল্প, অল্প। داد تو অর্থ- তোমার বিচার। مسند نو অর্থ- নতুন গালিচা। فراش অর্থ- বিছানা পরিস্কারক বা ঝাড়ুদার। لرزہ অর্থ- কম্পন করা। اندام অর্থ- শরীর, দেহ। جمع خاطر অর্থ- মনের শান্তি। رفوگر অর্থ- দর্জি, রিপুকারী। نخواہد دریافت অর্থ- জানতে পারবে না। এটা واحد غائب এর সীগাহ, বাহস نفی فعل مستقبل معروف, মাসদার دریافتن- نیم دینار অর্থ- অর্ধ দীনার। گسترد অর্থ- বিছিয়েছিল। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মাসদার گستردن- درست অর্থ- ঠিক, সঠিক। تجاہل অর্থ- অজ্ঞতা প্রকাশ করা। مصلحت অর্থ- কাজের ভাল ফলাফল। آرے অর্থ- হ্যাঁ। دیانت অর্থ- আল্লাহভীরুতা, আমানতদারী। اعتماد অর্থ- আস্থা, ভরসা। منصب قضا অর্থ- বিচারকের পদ। জেলখানা, কয়েদখানা। عبرہ অর্থ- উদাহরণ স্বরূপ।

حکایت : ۱۲: شخصے را کیسۂ دینار در خانہ گم شد. او بقاضی خبر کرد. قاضی ہمہ مردمان خانۂ او طلبید. و بہر کس یک یک چوب داد کہ ہمہ آں چوبہا در طول برابر بودند. و گفت ہر کہ دزد است چوب او بقدر یک انگشت دراز خواہد شد. چوں ہمہ را رخصت کرد، شخصے کہ دزد دیدہ بود، ترسید. و چوب خود را بقدر یک انگشت تراشید. روز دیگر چوں قاضی ہمہ را طلبید و چوبہا دید معلوم کرد کہ فلاں دزد است. کیسۂ دینار را از و گرفت و سیاست نمود.

হেকায়েত নং ১২ ঃ কাযীর কৌশল।

জনৈক ব্যক্তির টাকার থলেটি ঘরে হারিয়ে গেল। সে বিচারককে অবগত করালো। বিচারক তার ঘরের সকল লোকজনকে ডেকে আনলেন। সকলের হাতে একটি করে কাঠি দিলেন। সকলের কাঠির দৈর্ঘ্য সমান ছিল। বিচারক বললেন, যে ব্যক্তি চুরি করেছে তার লাঠি এক আঙ্গুল লম্বা হয়ে যাবে। সকলে যখন চলে গেল, তখন যে ব্যক্তি চুরি করেছিল সে ভয় পেল এবং তার লাঠি এক আঙ্গুল পরিমাণ কেটে ফেলল। দ্বিতীয়

দিন যখন বিচারক সকলকে ডাকলেন এবং সকলের লাঠি দেখলেন। তখন বুঝতে পারলেন যে, সে-ই চুরি করেছে। অতঃপর তার কাছ থেকে টাকার থলে উদ্ধার করল এবং তাকে শাস্তি প্রদান করল।

শিক্ষা ঃ আল্লাহ পাক বলেন, "সত্য সমাগত, মিথ্যা অপসৃত।" মিথ্যার পরাজয় সর্বদা, সত্যের বিজয় চিরন্তন। প্রবাদ আছে- "চোরের মনে পুলিশ পুলিশ।"

শব্দ বিশ্লেষণ ঃ چوب অর্থ- লাঠি।طول অর্থ- দৈর্ঘ্য।دزدیدہ بود অর্থ- চুরি হয়ে গিয়েছিল। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی بعید, মাসদার دزدیدن-بقدر یک انگشت অর্থ- এক আঙ্গুল পরিমাণ।تراشید অর্থ- ছিলেছে, কেটেছে। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার تراشیدن-

حکایت : ۱۳ : شخصے با یکے شرط کرد. اگر بازی نیابم یک آثار گوشت از اندام من تراش چوں بازی نیافت. مدعی ایفائے شرط خواست. او قبول نہ کرد. ہر دو پیش قاضی رفتند. قاضی مدعی را گفت. معاف کن، او قبول نہ کرد. قاضی برہم شد و فرمود. لیکن اگر اندک یا زیادہ از یک آثار خواہی تراشید ترا سیاست خواہم نمود. مدعی نتوانست، ناچار شدہ معاف کرد.

হেকায়েত নং ১৩ ঃ অবশেষে ক্ষমা ঘোষণা।

জনৈক ব্যক্তি অন্য এক লোকের সাথে এ শর্ত করল যে, আমি যদি খেলায় পরাজয় বরণ করি, তাহলে তুমি আমার দেহ হতে এক কেজি গোশত কেটে নিয়ে যাবে। সে যখন খেলায় পরাজিত হলো, দাবীদার শর্ত পূরণ করতে চাইল, সে রাজি হল না। অতঃপর দু'জনই বিচারকের কাছে উপস্থিত হলো। বিচারক বাদীকে বললেন, তুমি তাকে ক্ষমা করে দাও। বাদী তা গ্রহণ করল না। বিচারক অসন্তুষ্ট হয়ে বললেন, কিন্তু তুমি যদি এক কেজি থেকে কম বা বেশি কাট, তবে আমি তোমাকে শাস্তি দিব। বাদী অক্ষম ও নিরুপায় হয়ে তাকে ক্ষমা করে দিল।

শিক্ষা ঃ এক গুয়েমী করা ভাল নয়। অসাধ্য কাজে বীরত্ব দেখাবে না।

শব্দ বিশ্লেষণ ঃ بازی অর্থ- খেলাধুলা।بازی یافتن অর্থ- খেলাধুলায় বিজয় লাভ করা।آثار অর্থ- এক সের, (এক কেজি)।تراش অর্থ- কেটে নাও। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر معروف, মাসদার تراشیدن- অর্থ- বাদী, দাবীদার।ایفاء অর্থ- পূর্ণ করা।برہم অর্থ- অসন্তুষ্ট হওয়া।

حکایت : ۱۴ : دو برادر مفلس بسفر رفتند. و در راہ کیسۂ پر از زر و دو پارۂ لعل یافتند. برادر خرد گفت کہ غرض من حاصل شد. حالا بخانہ خواہم رفت. برادر بزرگ گفت، من سیر جہاں خواہم کرد. آں زر را قسمت کردند.

برادر کلاں حصۂ خود را بہ برادر خرد سپرد و گفت. بزن من بدہ. چوں او بخانہ رسید حصۂ برادر را بہ زن او داد. مگر لعل را نہ داد. بعد از سہ سال برادر کلاں از سفر بہ خانہ باز آمد. پارۂ لعل را پیش زن خود نہ دید. از برادر پرسید کہ لعل چہ شد؟ گفت بہ زن تو دادم. گفت: او می گوید کہ نیافتم. گفت دروغ می گوید. آں مرد زن خود را تنبیہ آغاز کرد. زن گریخت و پیش قاضی رفت. و احوال خود باز نمود. قاضی شہر او را بابرادر او طلبید. و از برادر پرسید کہ چوں لعل بایں زن سفر دی کسے آں وقت حاضر بود؟ گفت دو کس. قاضی فرمود بطلب او آنہارا. اندکے نقد داد و گفت کہ من بیائید و پیش قاضی بدروغ گواہی دہید. القصہ آں ہر دو گواہی دادند. قاضئ شہر آں مرد را فرمود کہ برو از زن خود پارۂ لعل بگیر. زن گریاں پیش سلطان رفت و احوال خود عرض کرد. پادشاہ فرمود: چرا پیش قاضی نمی روی؟ گفت رفتہ بودم. لیکن بخوبی انصاف نہ کرد. سلطان آں ہر دو برادر را و گواہاں را طلبید و ہر یک را جدا کرد. و بدست ہر یک موم دادہ فرمود کہ بصورت آں لعل بسازند. آں ہر دو برادر یکساں ساختند. و آں ہر دو گواہاں بصورت مختلف. سلطان زن را فرمود کہ تو ہم بساز. عرض کرد کہ لعل گاہے نہ دیدم چگونہ سازم؟ سلطان گواہاں را سیاست نمودہ فرمود کہ اگر راست بگوئید وگرنہ خواہم کشت. ناچار شدہ ہر دو گواہ عرض کردند کہ ما ہر دو بدروغ گواہی دادیم. سلطان برادر خرد را چند تازیانہ زد. او اقرار کرد کہ تقصیر کردم. پادشاہ بر قاضی عتاب فرمود کہ چرا بخوبی انصاف نہ کردی و لعل را باآں زن دہانید.

হেকায়েত নং ১৪ ঃ দুই ভাই ও স্বর্ণে ভরা থলে।

গরীব দু'ভাই সফরে রওয়ানা দিল। পথিমধ্যে স্বর্ণে ভর্তি একটি থলে এবং মণির দু'টি টুকরা পেল। ছোট ভাই বলল যে, আমার উদ্দেশ পূরণ হয়েছে। এখন আমি বাড়ী চলে যাব। বড় ভাই বলল, আমি পৃথিবী ভ্রমণ করব। উভয়ে সেই স্বর্ণ ও

জওহারগুলো বন্টন করে নিল। বড় ভাই তার অংশটি ছোট ভাইকে দিয়ে বলল, আমার স্ত্রীকে দিয়ে দিও। সে যখন বাড়ী পৌছল, তখন বড় ভাইয়ের অংশ তার স্ত্রীকে দিয়ে দিল। কিন্তু পদ্মরাগ মণির টুকরাটি দিল না। বড় ভাই তিন বছর পর সফর থেকে বাড়ী ফিরে এসে মণির টুকরাটি স্ত্রীর কাছে দেখতে পেল না। ছোট ভাইকে জিজ্ঞেস করল যে, মণিটি কি হয়েছে? ছোট ভাই বলল, আপনার স্ত্রীর কাছে দিয়েছি। বড় ভাই বলল, সে নাকি পায়নি। ছোট ভাই বলল, সে মিথ্যা বলছে। বড় ভাই স্ত্রীকে শাসন করল। স্ত্রী পালিয়ে বিচারকের কাছে গেল। নিজের অবস্থা বর্ণনা করল। বিচারক তার স্বামী ও ভাইকে ডেকে উপস্থিত করলেন এবং ভাইকে বললেন, যখন তুমি মহিলাকে মণি দিয়েছিলে, তখন কেউ উপস্থিত ছিল কি? বলল, দু'ব্যক্তি উপস্থিত ছিল। বিচারক বললেন, তাদেরকে নিয়ে এসো। সে দু'ব্যক্তিকে কিছু টাকা দিয়ে বলল যে, আমার সাথে এসো এবং বিচারকের সামনে মিথ্যা স্বাক্ষী দিও।

মোটকথা, তারা উভয়ে স্বাক্ষ্য প্রদান করল। শহরের বিচারক বললেন, যাও গিয়ে তোমার স্ত্রীর থেকে মণির টুকরাটি নিয়ে নাও। মহিলা কেঁদে কেঁদে বাদশাহের দরবারে গেল এবং স্বীয় অবস্থা বর্ণনা করল। বাদশাহ বললেন, তুমি বিচারকের কাছে যাওনি কেন? মহিলা বলল, গিয়েছিলাম কিন্তু তিনি ন্যায় বিচার করতে পারেননি। বাদশাহ দু'ভাইকে ও স্বাক্ষীদ্বয়কে ডেকে প্রত্যেককে পৃথক করে একটি করে মোম দিয়ে বললেন যে, ঐ মণির মত বানাও। তারা দু'ভাই এক রকম বানাল। স্বাক্ষীদ্বয় ভিন্ন ভিন্ন ধরণের মণি তৈরী করল। বাদশাহ মহিলাকে বললেন যে, মণি বানাও। মহিলা বলল, আমি কখনো মণি দেখিনি। আমি কিভাবে বানাব? বাদশাহ স্বাক্ষীদ্বয়কে শাস্তি দিয়ে বললেন যে, যদি সত্য বল তবে মুক্তি দেব। নতুবা তোমাদেরকে ফাঁসিতে চড়াব। নিরুপায় হয়ে স্বাক্ষীরা বলল যে, আমরা দু'জন মিথ্যা স্বাক্ষ্য দিয়েছিলাম। বাদশাহ ছোট ভাইকে কিছু চাবুকাঘাত করল। সে স্বীকার করল যে, আমি অন্যায় করেছি। বাদশাহ বিচারকের প্রতি অসন্তোষ হয়ে বললেন যে, আপনি কেন ন্যায় বিচার করলেন না? এবং মণিটি ঐ মহিলাকে দিয়ে দিলেন।

শিক্ষা ঃ না জেনে উস্তাদী করতে নেই। বিচার করতে জেনে-শুনে ন্যায় বিচার করতে হবে। প্রয়োজনে কৌশল অবলম্বন করতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ مفلس অর্থ- গরীব, দরিদ্র। پر از زر অর্থ- স্বর্ণ দ্বারা ভর্তি। لعل অর্থ- এক ধরণের লাল মণি, উন্নত মানের পাথর। برادر خورد অর্থ- ছোট ভাই। قسمت অর্থ- বন্টন করা। برادر کلاں অর্থ- বড় ভাই। زن من অর্থ- আমার স্ত্রী। تنبیہ آغاز کرد অর্থ- শাসন শুরু করল। گریاں অর্থ- কেঁদে কেঁদে, ক্রন্দনরত। عتاب অর্থ- অসন্তোষ, নারাজ। داد অর্থ- দিয়ে দিলেন। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی معروف, মাসদার دادن।

حکایت : ۱۵ : جوانے پیر مردے را صد دینار سپرد و بسفر رفت چوں باز آمد دینار خود خواست۔ پیر مرد انکار کرد کہ مرا نہ دادہ۔ جوان پیش قاضی صورت واقعہ ظاہر نمود۔ قاضی پیر مرد را طلبید۔ پرسید کہ ایں جوان زر بتو داد؟ گفت نہ۔ قاضی جوان را فرمود کہ کسے گواہ داری۔ گفت نہ۔ قاضی پیر مرد را گفت۔ سوگند بخور۔ جواں گریاں شد و گفت۔ او را از سوگند ہیچ باک نیست۔ بارہا سوگند خوردہ است۔ قاضی جوان را گفت۔ آں وقت کہ زر باو بسپردی کجا نشستہ بودی؟ گفت زیر درخت۔ قاضی گفت پس چرا گفتی کہ گواہ ندارم؟ آں درخت گواہ تست۔ نزد آں درخت رو۔ وبگو کہ قاضی ترا می طلبید پیر مرد تبسم کرد۔ جوان گفت اے قاضی می ترسم کہ درخت از حکم تو نہ خواہد آمد۔ قاضی گفت، مہر من ببر۔ وبگو کہ ایں مہر قاضی است۔ البتہ خواہد آمد۔ جواں مہر قاضی گرفتہ رفت پس قاضی بعد از چند لمحہ از پیر مرد پرسید کہ جوان نزد آں درخت رسیدہ باشد؟ مرد گفت رسیدہ باشد۔ جوان چوں نزد آں درخت رسید، مہر قاضی نمود و گفت قاضی ترا می طلبید، از درخت ہیچ نہ شنید غمگین باز آمد و گفت۔ مہر تو درخت را نمودم۔ ہیچ جواب نہ داد۔ قاضی گفت۔ در آمد و گواہی دادہ باز رفت۔ پیر مرد گفت اے قاضی چہ سخن است۔ ہیچ درخت ایجانہ آمد۔ قاضی گفت راست می گوئی نہ آمد۔ لیکن آں وقت کہ از تو پرسیدہ بودم کہ جوان نزد آں درخت رسیدہ باشد جواب دادی رسیدہ باشد اگر تو زیر آں درخت نہ گرفتی چرانہ گفتی کہ درخت کدام است، من نمی دانم۔ ازیں معلوم می شود کہ جوان راست می گوید۔ پیر مرد الزام یافت و زر بجوان داد۔

হেকায়েত নং ১৫ ঃ সত্য চিরদিনই সত্য।

জনৈক যুবক একজন বৃদ্ধের কাছে একশত দীনার আমানত রেখে ভ্রমণে গেল। ভ্রমণ হতে যখন ফিরে আসল, সে নিজের দীনার চাইলো। বৃদ্ধ তখন অস্বীকার করে বলল, না, তুমি কোন দীনার দাওনি।বিচারকের কাছে যখন যুবক অবস্থা ব্যক্ত করল, বিচারক বৃদ্ধ লোককে ডেকে জিজ্ঞাসা করলেন যে, এ যুবক তোমাকে স্বর্ণ দিয়েছিল? সে বলল, না। বিচারক যুবককে বললেন, কোন স্বাক্ষী আছে কি? যুবক বলল, না। বিচারক বৃদ্ধকে বললেন, তুমি শপথ কর। তখন যুবক কাঁদতে কাঁদতে বলতে লাগল, শপথের প্রতি তার কোন ভয় নেই। সে অনেক বার শপথ করেছে। বিচারক যুবককে বললেন, যখন তুমি তার কাছে স্বর্ণ দিয়েছিলে তখন তুমি কোথায় বসেছিলে? যুবক বলল, একটি গাছের নিচে। বিচারক বললেন, তবে কেন বলছ আমার কোন স্বাক্ষী নেই? সে গাছই তোমার স্বাক্ষী। সে গাছের কাছে যাও এবং বলো বিচারক তোমাকে ডাকছে। বৃদ্ধ লোকটি মৃদু হাসল। যুবক বলল, আমার ভয় হচ্ছে যে, আপনার কথায় গাছ আসবে না। বিচারক বললেন, আমার সীলটি নাও এবং বল যে, এটা বিচারকের সীল। অবশ্যই আসবে। যুবক বিচারকের সীল নিয়ে গেল। কিছুক্ষণ পর বিচারক বৃদ্ধকে জিজ্ঞাসা করলেন যে, যুবক এখন গাছের কাছে পৌছেছে কি? বৃদ্ধ বলল, হ্যাঁ পৌছে গেছে। যুবক সে গাছটির কাছে পৌছে বিচারকের সীল দেখাল এবং বলল, বিচারক তোমাকে ডেকেছে। গাছ তার কোন কথাই শুনল না। তাই সে চিন্তিত হয়ে ফিরে এলা এবং বলল, আপনার সীল গাছকে দেখিয়েছি। সে কোন উত্তর দেয়নি।

বিচার বললেন, গাছ এসেছে এবং স্বাক্ষী দিয়ে চলে গেছে। বৃদ্ধ লোকটি বলল, হে বিচারক! এটা কেমন কথা! কোন গাছ তো এখানে আসেনি। বিচারক বললেন সত্য বলেছ, গাছ আসেনি। কিন্তু আমি যখন তোমাকে জিজ্ঞাসা করেছিলাম যে, যুবকটি কি ঐ গাছের নিকট পৌছেছে? তুমি উত্তর দিয়েছ যে, পৌছেছে। যুবক থেকে যদি ঐ গাছের নিচে তুমি দীনার না নিয়ে থাকতে তবে তুমি কেন বললে না যে, গাছ কোথায় তা আমি জানি না। এ দ্বারাই প্রমাণিত হলো যে, যুবক সত্য কথা বলেছে। বৃদ্ধ লোক দোষী প্রমাণিত হলো এবং যুবককে তার স্বর্ণ দিয়ে দিল।

শিক্ষা ঃ আসামীর বক্তব্য এবং কথাবার্তা হতে বিচারকগণ বিচার পরিচালনার ব্যবস্থা করতে পারেন।

শব্দ বিশ্লেষণ ঃ سوگند অর্থ- শপথ, কসম।گریاں অর্থ- ক্রন্দনকারী। এটা اسم حالیہএর সীগাহ।باک অর্থ- ভয়, আতংক।بارہا অর্থ- অনেক বার।نشستہ بودی অর্থ- তুমি বসেছিলে। এটা واحد حاضرএর সীগাহ, বাহস ماضی بعید,মাসদার نشستن -تبسم کرد অর্থ- মৃদু হাসল।می ترسم অর্থ- আমি ভয় পাচ্ছি। এটা واحد متکلمএর সীগাহ, বাহস فعل حال معروف , মাসদারترسیدن- ببرঅর্থ- নিয়ে যাও। এটা واحد حاضرএর সীগাহ, বাহস امر حاضر, معروف,মাসদার بردن- لحہ অর্থ- মুহূর্ত। رسیدہ باشد অর্থ- হয়তো পৌছেছে। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی احتمالی معروف, মাসদার رسیدن-داده অর্থ- দিয়ে ফিরে এলো। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی احتمالی بازرفت

معروف. মাসদার دادن، رفتن- راست অর্থ- ঠিক, সঠিক। الزام অর্থ- অপবাদ দেয়া।

حکایت :۱۶: ماہی گرے ہمیشہ ماہیان دریا گرفتے ودر بازار فروختے. روزے یک ماہی زندہ گرفت. وآں چناں ماہی خوب گاہے نہ گرفتہ بود. دردل خود گفت کہ اگر ایں ماہی را در بازار فروشم زیادہ از دو سہ فلوس نخواہم یافت. مصلحت آنست کہ پیش پادشاہ برم. البتہ بسیار انعام خواہد داد. القصہ ماہی را پیش پادشاہ برد. پادشاہ چوں ماہی رادید. بسیار پسندید. وخشنود شد وحکم کرد کہ ماہی گیر را صد روپیہ دہند. وزیر آں وقت حاضر بود. در گوش پادشاہ عرض کرد کہ برائے یک ماہی ایں قدر نقد دادن مصلحت نیست. پادشاہ جواب داد کہ اگر نہ دہم جائے شرم است. زیرا کہ حالاً حکم کردہ ام. وزیر گفت مصلحت آنست کہ از ماہی گیر پرسیدہ شود کہ ایں ماہی نر است یا مادہ؟ اگر گوید نر است مادہ را نخواہید. واگر مادہ است نر را نخواہید. ماہی گیر مثل آں آوردن نخواہد یافت. وپادشاہ از اسراف بے جا باز آمد. وسخن او بر جا ماند. پادشاہ سخن وزیر پسندید واز ماہی گیر پرسید کہ ایں ماہی نر است یا مادہ؟ ماہی گیر جواب داد کہ ایں ماہی خنثی است. پادشاہ بسیار خندید ودو صد روپیہ اورا بخشید.

হেকায়েত নং ১৬ ঃ বাদশাহর কাছে মাছ বিক্রি।

জনৈক জেলে সর্বদা সমুদ্রে মাছ শিকার করত এবং বাজারে বিক্রি করত। একদা একটি জীবিত মাছ শিকার করল। এমন ভাল মাছ সে কখনও শিকার করেনি। তাই সে মনে মনে বলল যে, যদি এ মাছটি বাজারে বিক্রি করি তবে দু'তিন টাকা হতে বেশী পাব না। সুতরাং এটাই ভাল হবে যে, বাদশাহের দরবারে নিয়ে যাব। নিশ্চয়ই বাদশাহ অনেক টাকা দিবেন।

মোটকথা, মাছটি বাদশাহর দরবারে নিয়ে গেল। যখন বাদশাহ মাছটি দেখলেন, তখন তিনি খুব পছন্দ করলেন এবং খুশি হলেন। তিনি আদেশ করলেন যে, জেলেকে একশত টাকা দিয়ে দাও। তকন উযীর উপস্থিত ছিলেন। বাদশাহের কানে এ কথা বলল যে, একটি মাছের জন্য এত টাকা মূল্য দেয়া সমীচীন নয়।

বাদশাহ উত্তর দিলেন, যদি না দেই তবে লজ্জার ব্যাপার। কেননা, মাত্র এখন এ নির্দেশ দিয়েছি। উযীর বললেন, এটাই উচিৎ হবে যে, জেলেকে জিজ্ঞাসা করুন যে, এ

মাছটি পুরুষ না মহিলা? সে যদি বলে পুরুষ বলবেন মহিলা চাচ্ছি। আর যদি বলে মহিলা তবে পুরুষ চাবেন। মাছ শিকারী তখন এমন মাছ আনতে সক্ষম হবে না এবং বাদশাহ অপচয় থেকে মুক্ত হবেন। বাদশাহের কথাও ঠিক থাকবে। বাদশাহ উযীরের কথা পছন্দ করলেন এবং মাছ শিকারীকে জিজ্ঞেস করলেন, এ মাছটি পুরুষ না মহিলা? মাছ বিক্রেতা উত্তর দিল যে, এ মাছটি খুনসা (উভয় লিঙ্গ) বাদশাহ খুব হাসলেন এবং দু'শত টাকা তাকে বখশিস দিলেন।

শিক্ষা ঃ প্রবাদ আছে "কপালের লিখন না যায় খণ্ডন।" ভাগ্যেও যা থাকে কুঁড়িয়ে কুঁড়িয়ে আসে। মৎস শিকারীর ভাগ্যে ছিল, তাই বহু ঝামেলার পরও আল্লাহ তাকে দ্বিগুণ টাকার মালিক বানালেন।

শব্দ বিশ্লেষণ ঃ ماہی گیر অর্থ- মৎস শিকারী, জেলে। گرفتے অর্থ- শিকার করত। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی تمنائی, মাসদার گرفتن- তবে এখানে ماضی استمراری অর্থ হবে। فروشم অর্থ- আমি বিক্রি করব। এটা واحد متکلم এর সীগাহ, বাহস مضارع معروف, মাসদার فروشیدن-فلوس অর্থ- টাকা-পয়সা। مصلحت অর্থ- সমীচীন, উচিৎ। برم অর্থ- নিয়ে যাব। এটা واحد متکلم এর সীগাহ, বাহস مضارع معروف, মাসদার بردن-انعام অর্থ- উপহার, বখশিস। خوشنود অর্থ- খুশি হওয়া, আনন্দিত হওয়া। پرسیده شد অর্থ- জিজ্ঞাসা করা হবে। এটা واحد غائبএর সীগাহ, বাহস مضارع مجهول, মাসদার پرسیدن-اسراف অর্থ- অপচয়, ব্যয় বহুল। خنثی অর্থ- উভয় লিঙ্গ। অর্থাৎ পুরুষও না মহিলাও না।

حکایت : ۱۷ : چند سوداگراں پیش پادشاہے رفتند و اسپاں را برو عرض نمودند، پادشاہ بسیار پسندید و خرید و دو لک روپیہ زیادہ از قیمت سوداگراں را دادہ فرمود کہ از ملک خود باز اسپاں را بیارید . سوداگراں رخصت شدند . روزے پادشاہ در حالت مستی و خوشی وزیر را گفت . اسامئ جمیع احمقاں را بنویس وزیر عرض کرد کہ پیش ازیں نوشتہ ام . واول نامہائے ہمہ نام حضرت است . پرسید، چرا؟ گفت سوداگراں را دو لک روپیہ کہ برائے آوردن اسپاں بے شناختی واطلاع مساکن آنہا عنایت شد . علامت حماقت است . پادشاہ گفت : اگر آنہا اسپاں را بیارید؟ پس چہ باید کرد . وزیر گفت اگر بیارید، نام حضرت از فہرست احمقاں محو خواہم کرد و نام سوداگراں آنجا خواہم نوشت .

হেকায়েত নং ১৭ ঃ আহমক কাকে বলে?

কিছু সওদাগর বাদশাহের দরবারে গিয়ে তাদের ঘোড়াগুলো বাদশাহের [illegible]

বাদশাহ খুব পছন্দ করলেন এবং ক্রয় করে নেন। মূল্য হতে আরো দু'লক্ষ টাকা বেশী দিলেন এবং বললেন, তোমাদের দেশ হতে আবার ঘোড়া নিয়ে এসো। ব্যবসায়ীরা চলে গেল। একদা বাদশাহ আনন্দে উল্লাসে মতোয়ারা উযীরকে বললেন যে, সমস্ত নির্বোধ-অজ্ঞদের নাম লিখ। উযীর বললেন, ইতিপূর্বে আমি লিখেছি। সমস্ত নামের প্রথম জনাবের নামই রয়েছে। বাদশাহ জিজ্ঞাসা করলেন, কেন? উযীর বললেন ব্যবসায়ীদের যমানত ও নাম ঠিকানা ছাড়া ঘোড়া এনে দেয়ার জন্য দু'লক্ষ টাকা দেয়াই নির্বোধ-অজ্ঞদের পরিচয়। বাদশাহ বললেন, যদি তারা ঘোড়া নিয়ে আসে তাহলে কি করবে? উযীর বললেন, যদি ব্যবসায়ীরা ঘোড়া নিয়ে আসে তবে জনাবের নাম নির্বোধদের তালিকা হতে মুছে ব্যবসায়ীদের নাম সেখানে লিখব।

শিক্ষা ঃ প্রমাণাদি ছাড়া কাউকে টাকা-পয়সা বা মাল-পত্র দেয়া ভুল। প্রমাণাদি ও স্বাক্ষী রেখে কোন কাজের চুক্তি সমাধা করবে।

শব্দ বিশ্লেষণ ঃ دادہ فرمود অর্থ- দিয়ে বলেন। এটা ماضی معطوف এর সীগাহ। اسامی অর্থ- সমস্ত নাম। এটা اسماء এর বহুবচন, আর اسماء বহুবচন হলো اسم এর। احمقان বহুবচন, একবচনে احمق, অর্থ- নির্বোধ, অজ্ঞ। بنویس অর্থ- লিখ। তালিকাভূক্ত কর। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر, মাসদার نوشتن। نام حضرت অর্থ- বাদশাহর নাম, জনাবের নাম। ضامنی অর্থ- জামানত, জিম্মাদার। اطلاع অর্থ- খবর নেয়া। مساکن এটা مسکن এর বহুবচন, অর্থ- ঘরসমূহ। حماقت অর্থ অজ্ঞতা। محو অর্থ- মুছে দেয়া।

حکایت ۱۸ : روزے شاعرے تقصیرے کرد. پادشاہ جلاد را فرمود کہ رو بروئے من اورا بکش. لرزہ بر اندام شاعر افتاد. ندیمے اورا گفت ایں چہ نامردی وبے جگری است. مرداں گاہے ایں چنیں نمی ترسند. شاعر گفت اے ندیم اگر تو مرد بیا. بجائے من بنشین تا من برخیزم پادشاہ ایں لطیفہ پسندیدہ خندید و تقصیر او معاف فرمود.

হেকায়েত নং ১৮ ঃ বলা সহজ করা কঠিন।

একদা জনৈক কবি একটি ভুল করে ফেলেন। বাদশাহ জল্লাদকে হুকুম করলেন যে, তাকে আমার সামনে হত্যা কর। কাঁপতে কাঁপতে কবি পড়ে গেল। বাদশাহের এক সহচর বলল, এটা কেমন কাপুরুষতা এবং হীনতা। পুরুষ মানুষ খনো এমন ভয় পায় না। কবি বললেন, হে সহচর! তুমি যদি পুরুষ হও, তবে এসো দেখি। আমার জায়গায় বসো, তাহলে আমি মুক্তি লাভ করব। বাদশাহ এ কৌতুক পছন্দ করে হেসে ফেলেন এবং তার ভুল ক্ষমা করে দেন।

শিক্ষা ঃ ভুক্তভোগীরা [illegible] মর্ম বুঝে [illegible] "একজনের পাছায় বাঁশ যায়, আরেক জন গিট্টু গুণে" [illegible]

শব্দ বিশ্লেষণ ঃ [illegible] অর্থ- [illegible] কাঁপতে কাঁপতে। [illegible] অর্থ-

حکایت : ۱۹: زنے می رفت. مردے اورا دید. وبدنبال او رواں شد. زن پرسید کہ چرا پس من می آئی؟ گفت بر تو عاشق شدہ ام. زن گفت. بر من چہ عاشق شدۂ؟ خواہر من از من خوب تراست واز پس من می آید. برو. وبر او عاشق شو. مرد از آنجا بر گزشت وزن بد صورت دید. بسیار ناخوش گردید. وباز نزد آں زن رفت وگفت: چرا دروغ گفتی. زن گفت: تو نیز راست نہ گفتی. زیرا کہ تو اگر عاشق من بودے پیش دیگر چرا می رفتی؟ آں مرد شرمندہ شد ورفت.

হেকায়েত নং ১৯ ঃ মেকী প্রেম।

জনৈকা মহিলা পথে চলল। জনৈক পুরুষ তাকে দেখল এবং তার পিছু চলতে লাগল। মহিলা জিজ্ঞাসা করল, কেন তুমি আমার পিছনে আসছ? লোকটি বলল, আমি তোমার প্রতি আসক্ত হয়েছি। মহিলা বলল, তুমি আমার প্রতি আসক্ত হলে কেন? আমার বোন আমার চেয়ে অনেক সুন্দরী। সে পিছনে তার প্রতি আসক্ত হও। লোকটি প্রস্থান করে চলে গেল এবং একজন কুশ্রী মহিলা দেখে প্রচন্ড অসন্তুষ্ট হলো। অতঃপর ঐ মহিলার কাছে প্রত্যাবর্তন করে বলল, তুমি মিথ্যা বললে কেন? মহিলাটি বলল, তুমি নিজেও সত্য কথা বলনি। কেননা তুমি যদি আমার প্রেমিকই হতে তবে অন্যের পিছনে কেন গেলে? লোকটি লজ্জিত হয়ে চলে গেল।

শিক্ষা ঃ দুনিয়া ও পার্থিব জগতের জিনিসের প্রতি ভালবাসা সৃষ্টি করা ভাল নয়। আখিরাত ও রাসূলুল্লাহ (সাঃ) এর নির্দেশকে ভালবাসতে হবে ও মেনে চলতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ می رفت অর্থ- পথ চলল। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی استمراری, মাসদার رفتن-دنبال অর্থ- কোন জিনিসের পিচনে যাওয়া। عاشق অর্থ- আসক্ত। خوب تر অর্থ- খুব সুন্দর। بد صورت অর্থ- কুশ্রী। رواں অর্থ- চলতে শুরু করল।

حکایت : ۲۰: کوزہ پشتے را گفتند می خواہی کہ پشت تو راست شود یا پشت دیگراں ہمچوں پشت تو کوز گردد. کوز گفت می خواہم کہ پشت دیگر مرداں کوز گردد. تا ازاں چشمے کہ دیگراں مرا می بینند من نیز آنہا را بہ بینم.

হেকায়েত নং ২০ ঃ কুজোর বাসনা।

জনৈক কুঁজো (বাঁকা পিঠ বিশিষ্ট ব্যক্তি) ব্যক্তিকে লোকেরা বলল, তুমি কি চাও যে, তোমার বাঁকা পিঠ সোজা হয়ে যাক, নাকি সকলের পিঠ তোমার মত বাঁকা হয়ে

যাওয়া। কুঁজো বলল, আমি চাই যেন, সকলের পিঠ আমার পিঠের মত বাঁকা হয়ে যায়। যেন যারা আমাকে টেরা চোখে দেখে, আমি তাদেরকে টেরা চোখে দেখতে পারি।

শিক্ষা ঃ আল্লাহ পাক বলেন, "যে যে দলভূক্ত সে ঐ দলকেই ভাল জানে।" মানুষ স্বভাবতই সে যেমন- সকলকে সেরূপ দেখতে চায়।

শব্দ বিশ্লেষণ ঃ کوزه پشتے অর্থ- একজন কুঁজো পিঠ বিশিষ্ট ব্যক্তি। پشت অর্থ- পিঠ। ہمچوں অর্থ- অনুরূপ, এরূপ। می بینند অর্থ- যারা দেখে। এটা جمع غائب এর সীগাহ, বাহস فعل حال معروف, মাসদার دیدن-

حکایت : ۲۱ : شخصے ہر روز شش نان می خرید. روزے دوستے از وے پرسید کہ شش نان ہر روز چہ می کنی؟ گفت : نانے را نگاہ می دارم و یک نان از اں می اندازم و دو نان را واپس می کنم. و دو نان را قرض می دہم. آں دوست گفت : سخن تو ہیچ نمی فہمید. صاف بگو. گفت، یک نان کہ می دارم، می خورم. و نانے کہ می اندازم، خوشدامن رامی دہم. و دو نان کہ واپس می کنم مادر و پدر رامی دہم. و دو نان کہ قرض می دہم پسران خود رامی دہم.

হেকায়েত নং ২১ ঃ ছয়টি রুটির ইতিকথা।

জনৈক ব্যক্তি প্রত্যহ ছয়টি করে রুটি ক্রয় করত। একদিন তার বন্ধু তাকে জিজ্ঞেস করল, দৈনিক ছয়টি রুটি কি কর। সে উত্তর দিল, একটি রুটি হেফাযতে রাখি। একটি রুটি ফেলে দেই। দু'টি রুটি ফেরৎ দেই। আর দু'টি রুটি ঋণ দিচ্ছি। তার বন্ধু বলল "আমি তোমার কথা কিছুই বুঝতে পারছি না। সুতরাং পরিস্কার করে বল।

লোকটি বলল, যে রুটিখানা রাখি, সেটি আমি নিজে ভক্ষণ করি। যে রুটিখানা ফেলে দেই, সেটি আমার শ্বাশুড়ীকে দেই। যে দু'টি ফেরৎ দেই, সেগুলো মাতাপিতাকে দেই। আর যে দু'টি রুটি ঋণ হিসেবে দেই, সেগুলো ছেলেমেয়েদেরকে দেই (অর্থাৎ আগামীতে তার প্রতিদান পাওয়ার আশায় দিয়ে থাকি।)

শিক্ষা ঃ প্রত্যেকটি কাজ হিসাব ও বিবেচনার সাথে করতে হবে। অযথা কাজ পরিহার করতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ می خرید অর্থ- ক্রয় করত। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی استمراری, মাসদার خریدن- অর্থ- ছয়টি রুটি। نگاہ অর্থ- হেফাযত রাখা, সংরক্ষিত রাখা। خوشدامن অর্থ- শ্বাশুড়ী।

حکایت : ۲۲ : امیر تیمور لنگ چوں بہندوستان رسید، مطرباں را طلبید و گفت، ازبزرگاں شنیدم کہ دریں شہر مطرباں کامل اند. مطربے نابینا پیش پادشاہ رفت و سرود آغاز کرد. پادشاہ بسیار خوش گردید و نام او پرسید. گفت نام من دولت ست. پادشاہ گفت، دولت ہم کور می شود؟ جواب داد اگر دولت کور بنو دے بخانۂ لنگ نیامدے پادشاہ ایں جواب را پسندید و انعام بسیار داد.

হেকায়েত নং ২২ ঃ বাদশাহ তৈমুর লং ও এক গায়ক।

বাদশাহ তৈমুর লং যখন ভারতবর্ষে আগমন করলেন। গায়কদের ডেকে বললেন, বড়দের কাছে শুনেছি এ শহরে অনেক পারদর্শী গায়ক আছে। অতঃপর একজন অন্ধ গায়ক বাদশাহের সামনে উপস্থিত হয়ে গান গেতে শুরু করল। বাদশাহ খুব আনন্দ পেলেন এবং তার নাম জিজ্ঞাসা করলেন। গায়ক বলল আমার নাম দৌলত (সম্পদ)। বাদশাহ (পরিহাস করে) বললেন, দৌলতও কি অন্ধ হয়? সেও (পরিহাস করে) উত্তর দিল, যদি দৌলত অন্ধ না হতো, তাহলে লেংড়ার ঘরে আসত না। (বাদশাহর নাম তৈমুর লং ছিল, ফার্সি ভাষায় লং অর্থ লেংড়া। সে লেংড়া বলে বাদশাহর প্রতি ইঙ্গিত করেছে) বাদশাহ (তার উপস্থিত বুদ্ধির মাধ্যমে উত্তর শুনে) খুব খুশি হয়ে তাকে অনেক পুরস্কার দিলেন।

শিক্ষা ঃ হাস্য-রসিকতা অবৈধ নয়, তবে স্থান-কাল-পাত্র বুঝে করতে হবে। বড়দের সাথে কথাবার্তা ও চাল-চলনে শালীনতা বজায় রাখবে। কথার দ্বারাই মানুষের জ্ঞান-গরীমা পরিমাপ করা হয়।

শব্দ বিশ্লেষণ ঃ امیر অর্থ- বাদশাহ। মোগল সাম্রাজ্যের ইতিহাস প্রসিদ্ধ এক নৃপতির উপনাম (তৈমুর লং বাদশাহ)।مطرباں অর্থ- গায়কগণ। এটা বহুবচন, একবচনে مطرب - نابینا অর্থ- অন্ধ ব্যক্তি। سرود অর্থ- গান গাওয়া। آغاز کرد অর্থ- শুরু করল, আরম্ভ করল। کور অর্থ- অন্ধ ব্যক্তি। نیامدے অর্থ- আসত না। এটা واحد غائب এর সীগাহ, বাহস نفی فعل ماضی تمنائی , এখানে استمراری এর অর্থ দিবে, মাসদার آمدن - انعام অর্থ- বখশিস, উপঢৌকন, উপহার, হাদিয়া।

حکایت : ۲۳ : شخصے نزد طبیب رفت و گفت شکم من درد می کند. دوا کن. طبیب گفت. امروز چہ خوردۂ؟ گفت نان سوختہ. طبیب دوائے چشم او کردن خواست. آں شخص گفت، اے طبیب درد شکم را بچشم چہ نسبت؟ حکیم گفت. اول ترا دوائے چشم می باید کرد. زیرا کہ اگر چشمت بینا بودی نان سوختہ نمی خوردے.

হেকায়েত নং ২৩ ঃ রসিক ডাক্তার।

জনৈক ব্যক্তি ডাক্তারের কাছে গিয়ে বলল, আমার পেটে ব্যথা করছে, ঔষধ দিন। ডাক্তার বলল, আজ কি খেয়েছ? সে বলল পোড়া রুটি। ডাক্তার তার চোখে ঔষধ দিতে চাইল। সে লোকটি বলল, হে ডাক্তার! পেটের ব্যথা চোখের সাথে কি সম্পর্ক রাখে? ডাক্তার বললেন, তোমাকে প্রথমে চোখে ঔষধ দিতে হবে। কেননা যদি চোখে দেখতে, তবে তুমি কখনো পোড়া রুটি খেতে না।

শিক্ষা ঃ পরিমিতভাবে খাবার খেতে হবে। খাবার খাওয়ার পূর্বে যাচাই করে খাবে। কারণ, স্বাস্থ্য দুর্বল হয়ে পড়লে ইবাদত করতে অক্ষম হয়ে যায়।

حکایت : ۲۴ : روزے بادشاہے از شاعرے برنجید و جلاد را فرمود کہ او را و بروئے من بکش. جلاد برائے شمشیر آوردن رفت. شاعر حاضراں را گفت : تا شمشیر آوردہ شود شما مرا سیلی ہا بزنید کہ پادشاہ خوش شود. پادشاہ تبسم نمود و تقصیر او بخشید.

হেকায়েত নং ২৪ ঃ বাদশাহর ক্রোধ কবির উপর।

একদিন এক বাদশাহ জনৈক কবির উপর রাগান্বিত হয়ে জল্লাদকে হুকুম দিলেন, তাকে আমার সামনে হত্যা কর। জল্লাদ তরবারী আনার জন্য গেল। কবি উপস্থিত লোকদেরকে বলল, তরবারী নিয়ে আসার পূর্ব পর্যন্ত আপনারা আমাকে চপেটাঘাত করতে থাকুন তাহলে বাদশাহ খুশি হবেন। (কেননা বাদশাহ ক্রোধান্বিত হয়েই আমাকে হত্যা করার নির্দেশ দিয়েছেন। তাই আমি কষ্ট পেলে বাদাশাহ খুশী হবেন।) বাদাশাহ হেসে ফেললেন এবং তার ভুল ক্ষমা করে দিলেন।

শিক্ষা ঃ মন জয় করতে পারলে জঘন্য ভুলও ক্ষমা করে নেয়া যায়। উপস্থিত বুদ্ধি মন্ত্রবৎ কাজ করে।

শব্দ বিশ্লেষণ ঃ شمشیر অর্থ- তলোয়ার, তরবারী। آوردہ شود অর্থ- সে নিয়ে আসবে। এটা واحد غائب এর সীগাহ, বাহস مضارع معروف, মাসদার آوردن - سیلی অর্থ- চপেটাঘাত, থাপ্পড়।

حکایت : ۲۵ : شاعرے توانگرے را مدح کرد. ہیچ نیافت. پس ہجو کرد. توانگر او را ہیچ نہ گفت. روزے دیگر شاعر بر دروازۂ او رفت و نشست. توانگر گفت اے شاعر مدح کردی ہیچ ندادم. ہجو کردی ہیچ نہ گفتم. حالا چرا ایں جا نشستی؟ گفت حالا می خواہم کہ اگر بمیری مرثیۂ تو بگویم.

হেকায়েত নং ২৫ ঃ জনৈক কবি ও ধনাঢ্য ব্যক্তি।

জনৈক কবি একজন ধনাঢ্য ব্যক্তির প্রশংসা করল। সে কিছুই পেল না। অতঃপর সে নিন্দা-মন্দ করল। সম্পদশালী ব্যক্তি তাকে কিছুই বলেনি। দ্বিতীয় দিন কবি বিত্তবান ব্যক্তির দরজায় গিয়ে বসে রইল। ধনী ব্যক্তি বলল, হে কবি! তুমি আমার প্রশংসা করেছিলে, তোমাকে কিছুই দেইনি। আমার কুৎসা রটিয়েছিলে। তখনো আমি কিছু বলিনি। এখন কেন তুমি এখানে বসে আছ? কবি বলল, এখন চাচ্ছি, যদি আপনি মৃত্যুবরণ করেন। আপনার মৃত্যু শোকে শোকগীত করব।

শিক্ষা ঃ টাকা-পয়সা পাওয়ার জন্য মানুষ অনেক বাহানা করে তাকে। কৃপণতা ভাল নয়। এটা সর্বদা পরিত্যাজ্য। ইতিহাস প্রসিদ্ধ কৃপণ ছিল কারুন, তাকে জগৎবাসী ঘৃণার সাথেই স্মরণ করে থাকে।

শব্দ বিশ্লেষণ ঃ مدح অর্থ- প্রশংসা। هجو অর্থ- কুৎসা রটানো, নিন্দা-মন্দ করা। بمیری অর্থ- তুমি মরলে। এটা واحد حاضرএর সীগাহ, বাহসمضارع معروف, মাসদারمردن-مرثیہ অর্থ- মৃত্যুর শোকগীত বা মৃত ব্যক্তির গুণগান এমনভাবে বর্ণনা করা যা শুনে শ্রোতাগণ মৃতের প্রতি মুগ্ধ ও দয়াশীল হয়ে পড়ে।

حکایت ۲۶: پادشاہے در خواب دید کہ تمام دندانہائے او افتادند. از منجمے تعبیر آں پرسید. منجم گفت کہ اولاد واقارب پادشاہ ہمہ روبروئے پادشاہ خواہند مرد، پادشاہ در خشم شد. و منجم را قید کرد. دیگر منجم را طلبید. تعبیر آں خواب پرسید. عرض کرد کہ از ہمہ اولاد و اقارب خود پادشاہ عالم پناہ زیادہ خواہند زیست. پادشاہ ایں نکتہ را پسندید و انعام داد.

হেকায়েত নং ২৬ ঃ বিচক্ষণ জ্যোতিষী।

জনৈক বাদশাহ একদা স্বপ্ন দেখলেন, তার সব ক'টি দাঁত পড়ে গেছে। তিনি একজন জ্যোতিষীকে ডেকে তার স্বপ্নের ব্যাখ্যা জিজ্ঞাসা করলেন। জ্যোতিষী বলল, বাদশাহের সামনে বাদশাহের ছেলেমেয়ে আত্মীয়-স্বজন মৃত্যুবরণ করবে। বাদশাহ জ্যোতিষীর উপর রাগান্বিত হয়ে তাকে কয়েদ করেন। অন্য জ্যোতিষীকে ডেকে এ স্বপ্নের ব্যাখ্যা জিজ্ঞাসা করলেন। জ্যোতিষী বলল, জাহাঁপনা! আপনি আপনার ছেলেমেয়ে ও আত্মীয়-স্বজন সবার থেকে বেশি কাল জীবিত থাকবেন। বাদশাহ তার একথা খুবই পছন্দ করেন এবং তাকে পুরস্কৃত করেন।

শিক্ষা ঃ শব্দ ব্যবহারের তারতম্যে একজনের জেল হয়। আরেক জন পুরস্কারে ভূষিত হয়। স্বপ্নের ব্যাখ্যা একই, তবে প্রথম জ্যোতিষী বলেছিল, আপনার ছেলেমেয়ে ও আত্মীয় স্বজন সকলে আপনার সম্মুখে মৃত্যুবরণ করবে। এখানে মৃত্যুর কথা উল্লেখ করা হয়েছে। তাই তাকে শাস্তি দেয়া হয়েছে। দ্বিতীয় জ্যোতিষী বলেছিল, আপনি আপনার ছেলেমেয়ে ও আত্মীয়-স্বজন হতে বেশী কাল জীবিত থাকবেন। এখানে বেশী কাল জীবিত থাকার কথা উল্লেখ করা হয়েছে। তাই তাকে পুরস্কৃত করা হয়েছে। কথা বলার [illegible] অনেক কিছু হয়ে যায়।

শব্দ বিশ্লেষণ ঃ دندانہا অর্থ- দাঁতসমূহ। এটা বহুবচন, একবচনে دندان-منجم অর্থ- জ্যোতিষী। تعبیر অর্থ- ব্যাখ্যা, বর্ণনা করা, স্বপ্নের ব্যাখ্যা দেয়া। اولاد অর্থ- ছেলেমেয়ে। এটা বহুবচন, একবচনে ولد-اقارب অর্থ- আত্মীয়-স্বজন। এটা বহুবচন, একবচনে اقرب-مرد خواہند অর্থ- মৃত্যুবরণ করবে। এটা جمع غائب এর সীগাহ, বাহস مستقبل معروف, মাসদার مردن-خشم অর্থ- রাগান্বিত হওয়া, ক্রোধ। عالم پناہ অর্থ- সমস্ত জগতের শান্তিদাতা, বাদশাহ। خواہند زیست অর্থ- জীবিত থাকবে। এটা جمع غائب এর সীগাহ, বাহস مستقبل معروف, মাসদার زیستن-نکتہ অর্থ- বুদ্ধি, সূক্ষ্মতা (যা সহজে সকলের বুঝে আসে না)।

حکایت : ۲۷ : شخصے مرتبۂ بزرگ یافت. دوستے برائے تہنیت پیش او رفت، آں کس پرسید کیستی و چرا آمدۂ؟ دوست او شرمندہ شد. گفت: مرا نہ شناسی کہ من دوست قدیم توام. برائے تعزیت نزد تو آمدہ ام. زیرا کہ شنیدہ ام کور شدۂ.

হেকায়েত নং ২৭ ঃ অন্ধ কাকে বলে?

জনৈক ব্যক্তি এক উচ্চ মর্যাদাপূর্ণ পদে নিযুক্ত হল। তার এক বন্ধু তাকে অভিনন্দন জানানোর জন্য তার কাছে গেল। সে ব্যক্তি বন্ধুকে জিজ্ঞাসা করল, তুমি কে? কেন এসেছ? তার বন্ধু লজ্জিত হয়ে বলল, তুম কি আমাকে চিনতে পারনি? আমি তোমার পুরনো বন্ধু। তোমাকে সমবেদনা জ্ঞাপনের জন্য এসেছি। কেননা, আমি শুনেছি, তুমি নাকি অন্ধ হয়েছ (অর্থাৎ তাইতো তুমি আজ আমাকে চিনতে পারছ না)।

শিক্ষা ঃ এমন অধার্মিকতা করা মানবতা বহির্ভূত কাজ। প্রকৃত মানুষ যারা, তারা এমন অমানুষিকতা করতে পারেনা। অহংকার করা প্রায় শিরক সমতুল্য। অতএব, অহংকার হতে সাবধান।

শব্দ বিশ্লেষণ ঃ مرتبۂ بزرگ অর্থ- উচ্চ পদ, মর্যাদা। تہنیت অর্থ- অভিনন্দন জানানো, স্বাগতম জানানো। قدیم অর্থ- পুরানো, অতীত। تعزیت অর্থ- সমবেদনা জানানো। کور অর্থ- অন্ধ।

حکایت : ۲۸ : پادشاہے در جنگ شکست یافت. شخصے از فوج دشمن اورا گرفت. و نشناخت کہ پادشاہ است. اسباب خود بر سر او نہادہ چوں بمنزل خود رسید. قدرے برنج اوراداد کہ بپزد و نخورد. پادشاہ بسیار گرسنہ بود. برنج را در

سبو کردہ بر آتش نہاد و خود از آتش دور نشست. سگے آمد. سبو را گرفت و گریخت. پادشاہ خندید آں شخص بر پادشاہ غصہ شد. و گفت اے احمق سگ سبوئے ترا برد تو خندہ می کنی بگو سبب چیست؟ پادشاہ خاموش ماند. چوں تازیانہ خورد گرفت. روزے چناں بودم کہ ہر گاہ کہ برائے شکار می رفتم صد شتر اسباب باورچی خانہ با من ہمراہ می رفت. امروز چناں ہستم کہ مشتے برنج را ہم سگ نہ گذاشت آں شخص عذر تقصیرات نمود و گذاشت.

হেকায়েত নং ২৮ ঃ সকালে বাদশাহ, বিকালে ফকীর।

জনৈক বাদশাহ যুদ্ধে পরাজিত হল। শত্রু পক্ষের একজন সৈন্য তাঁকে বন্দী করল, সে চিনতে পারেনি যে, তিনি বাদশাহ। সে তার সমস্ত মালপত্র তাঁর মাথায় তুলে দিল। যখন তার বাড়ী পৌঁছে, তখন সে সামান্য চাউল তাঁকে দিয়ে বলল, রান্না করে খাও। বাদশাহ খুব ক্ষুধার্ত ছিলেন। তাই চাউলগুলো পাতিলে করে চুলায় বসালেন এবং তিনি আগুন হতে দূরে বসলেন। এমতাবস্থায় একটি কুকুর এসে পাতিলটি নিয়ে পালিয়ে গেল। বাদশাহ হেসে ফেললেন। সে ব্যক্তি বাদশাহর প্রতি রাগান্বিত হয়ে বলল, হে নির্বোধ! তোর পাতিলটি কুকুর নিয়ে গেল। আর তুই হাসছিস। এর কারণ কি বল? বাদশাহ চুপ থাকেন। যখন বেত্রাঘাত খেলেন, তখন তিনি বাদশাহকে বললেন, আমি একদিন এমন ছিলাম, যখন আমি শিকারে বের হতাম, তখন শুধু আমার বাবুর্চীর তৈজসপত্র বহনের জন্য একশতটি উটের প্রয়োজন হতো। আর আজ আমি এমন হলাম যে, এক মুষ্টি চাউলও একটি কুকুর নিতে পারে না। সে লোকটি নিজের ভুলত্রুটির ক্ষমা চেয়ে তাকে মুক্ত করে দিলেন।

শিক্ষা ঃ রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, যে ব্যক্তি বড়কে সম্মান ও ছোটকে স্নেহ করেনা, সে আমার উম্মত নয়। (আল-হাদীস)

শব্দ বিশ্লেষণ ঃ جنگ অর্থ- যুদ্ধ। شکست অর্থ- ভেঙ্গে যাওয়া, যুদ্ধে পরাজিত হওয়া। এটা حاصل بالمصدر-فوج অর্থ- সৈন্যদল। اسباب অর্থ- তৈজসপত্র। نہاد অর্থ- সে রেখেছে। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی قریب, মাসদার نہادن-منزل অর্থ- ঘরবাড়ী। برنج অর্থ- চাউল। پزد অর্থ- রান্না করবে, পাকাবে। এটা واحد غائبএর সীগাহ, বাহস مضارع معروف, মাসদার پختن-سبو অর্থ- পাতিল। سگ অর্থ- কুকুর। مشت অর্থ- এক মুষ্ঠি।

حکایت : ۲۹ : روزے مرغے بر درختے نشستہ بود. پادشاہ او را دید و با حاضراں گفت کہ ایں را بہ تیر خواہم کشت. تیر و کمان گرفت و تیر بر مرغ انداخت. تیر خطا کرد و مرغ پرید، پادشاہ بسیار خجل گردید. شخصے برائے دفع خجلت پادشاہ عرض کہ پادشاہ اگرچہ اول مرغ کشتن خواست می توانست. لیکن بر جان او رحم کرد. و قصداً خطا نمود.

হেকায়েত নং ২৯ ঃ পাখির উপর দয়া, নাকি অন্য কিছু?

একদা একটি পাখি একটি গাছে বসেছিল। বাদশাহ এটি দেখেন। উপস্থিত ব্যক্তিবর্গের সাথে বলেন, এটা আমি তীর দ্বারা শিকার করব। তিনি তীর ধনুক নিলেন এবং পাখির উপর নিক্ষেপ করেন। তবে তীর লক্ষ্যভ্রষ্ট হল। ফলে পাখি উড়ে চলে গেল। বাদশাহ খুব লজ্জিত হলেন। এক ব্যক্তি বাদশাহের লজ্জা দূরিভূত করার জন্য বলল, যদি বাদশাহ প্রথমে পাখি শিকার করতে চাইতেন, তবে শিকার করতে সক্ষম হতেন। কিন্তু তিনি পাখিটির উপর দয়া করেছেন। তিনি স্বেচ্ছায় তীর লক্ষ্যভ্রষ্ট করেছেন।

শিক্ষা ঃ সর্বদা বড়দের ইজ্জতের প্রতি যত্নবান হবে। বড়দের কখনো অপমান করবে না।

শব্দ বিশ্লেষণ ঃ نشستہ بود অর্থ- বসেছিল। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی بعید معروف, মাসদার نشستن- تیر و کمان অর্থ- তীর ও ধনুক। پرید অর্থ- উড়ে গেল। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার پریدن- خجل অর্থ- লজ্জিত। خجلت অর্থ- লজ্জা।

حکایت : ۳۰ : شخصے یک طوطی را پرورد. و او را زبان پارسی آموخت. و ہرچہ سعی کرد آں طوطی جز ایں (دریں چہ شک) دیگر یاد نہ گرفت. آں مرد ہرچہ سوال می کرد طوطی در جواب آں شخص می گفت : (دریں چہ شک) روزے آں شخص طوطی را در بازار برائے فروختن برد. و صد روپیہ قیمت آں ظاہر کرد. مغلے از طوطی پرسید کہ تو لائق صد روپیہ ہستی. طوطی می گفت (دریں چہ شک) آں مغل خوشنود و طوطی را خریدہ بخانہ خود برد. آں مغل ہر سخن کہ با طوطی می گفت. جواب آں (دریں چہ شک) می یافت. مغل چوں چناں دید. در دل خود پشیماں و شرمندہ گردید و گفت چہ حماقت کردم. کہ چنیں طوطی را خریدم. طوطی گفت (دریں چہ شک) مغل را تبسم آمد و طوطی را آزاد کرد.

হেকায়েত নং ৩০ ঃ দরই চেহ শক।

জনৈক ব্যক্তি একটি তোতা পাখি পেলে ফার্সি ভাষা শিক্ষা দিল। যতই চেষ্টা করা হলো সে তোতাকে একথা ব্যতীত "দরই চেহ শক" (অর্থাৎ এত কি সন্দেহ আছে?) বাক্যটি ব্যতীত অন্য কিছু শিক্ষা দিতে পারেনি। সে ব্যক্তি যে প্রশ্নই করত, সে ব্যক্তির উত্তরে তোতা পাখি শুধু "দরই চেহ শক" বলত। একদা সে ব্যক্তি তোতাটি বিক্রি করার জন্য বাজারে নিয়ে গেল এবং একশত টাকা ূল্য ধার্য করল। এক মোগল (মোগল বংশের লোক) তোতাকে জিজ্ঞাসা করল, তুই একশত টাকার উপযুক্ত হয়েছিস? তোতা বলল, "দরইঁ চেহ শক" (অর্থাৎ এত কি সন্দেহ আছে?) মোগল ব্যক্তি খুশি হয়ে গেল। তোতাকে ক্রয় করে বাড়ী নিয়ে গেল। মোগল তোতার সাথে যে কথাই বলত, উত্তরে তোতা বলত, "দরইঁ চেহ শক" এতে কি সন্দেহ আছে? মোগল যখন এরূপ দেখল, সে মনে মনে অনুতপ্ত ও লজ্জিত হলো এবং বলল, আমি কেমন নির্বোধ যে, এমন তোতাটি ক্রয় করেছি। তোতা বলল "দরইঁ চেহ শক" অর্থাৎ এত কি সন্দেহ আছে? মোগল হেসে ফেলল এবং তোতাটিকে মুক্ত করে দিল অর্থাৎ ছেড়ে দিল।

শিক্ষা ঃ অনুপযুক্ত ও অসাধ্য স্থানে চেষ্টা করলে, তার ফলাফল শূণ্য হয়।

শব্দ বিশ্লেষণ ঃ سعی অর্থ- চেষ্টা। مغل অর্থ- মোগল বংশের একজন লোক। طوطی অর্থ- তোতা পাখি, গানের পাখি, শুক পাখি, কথা শিখালে কথা বলতে পারে এমন পাখি। حماقت অর্থ- নির্বুদ্ধিতা, বেকুফী, বোকামী, আহাম্মকী।

حکایت : ۳۱ : روزے پادشاہے معہ شاہزادہ بشکار رفت. چوں ہوا گرم شدو آفتاب بوسط سماء رسید. پادشاہ و شاہزادہ لبادۂ خود را بر دوش مسخرۂ نہادند. پادشاہ تبسم کردو گفت اے مسخرہ بر تو باریک خراست. گفت نہ اے خداوند بلکہ بار دو خراست.

হেকায়েত নং ৩১ ঃ দুই গাধার বোঝা।

একদা এক বাদশাহ শাহজাদাকে নিয়ে শিকারে গেলেন। রৌদ্রের তাপে বাতাস প্রখর হল এবং সূর্য মধ্যাকাশে উপনীত হল। বাদশাহ ও শাহজাদা স্বীয় গরমের কাপড় খুলে এক কৌতুকীর কাঁধে রাখলেন। বাদশাহ রসিকতার ছলে বললেন, হে কৌতুকী! তোমার উপর এক গাধার বোঝা রয়েছে (অর্থাৎ এক গাধা যে পরিমাণ বোঝা বহন করতে পারে সে পরিমাণ হয়েছে)। কৌতুকী রসিকতা বুঝতে পেরে বলল, জাহাঁপনা! এক গাধার নয় বরং দুই গাধার বোঝা রয়েছে (অর্থাৎ বাদশাহ ও শাহজাদার বোঝা)।

শিক্ষা ঃ একান্ত অন্তরঙ্গ মহলে কৌতুহলের ছলে রসিকতা করা যায় তবে লক্ষ্য রাখতে হবে কোনভাবে যেন জ্ঞানী ও সম্মানী ব্যক্তির সম্মানের হানী না হয়। রসিক বুঝে রসিকতা করবে। অতিরিক্ত রসিকতা বা কৌতুক ভাল নয়।

শব্দ বিশ্লেষণ ঃ وسط سماء অর্থ-মধ্যাকাশ। لبادہ অর্থ- কোট-এর ধরণের পোশাক। دوش অর্থ- কাঁধ, স্কন্ধ। مسخرہ অর্থ- কৌতুকী, উপহাস্পদ। بار অর্থ- বোঝা। خر অর্থ- গাধা, গর্দভ।

حکایت : ۳۲ : مسخرہ بازے نکاح کرد. بعد از چہار ماہ زن او پسر زائید. شوہر را گفت کہ ایں پسر را چہ نام خواہی نہاد. گفت (پیک تیز رفتار) چرا کہ راہ نہ ماہ در چہار ماہ طے کرد.

হেকায়েত নং ৩২ ঃ পেক তেজ রফতার

জনৈক কৌতুকী কোন এক মহিলার সাথে পরিণয়সূত্রে আবদ্ধ হল। বিবাহের চারমাস পর তার স্ত্রী একটি বাচ্চা প্রসব করল। স্ত্রী স্বামীকে জিজ্ঞাসা করল যে, এ বাচ্চাটির নাম কি রাখবে? কৌতুকী উত্তর দিল ছেলেটির নাম হবে "পেক তেজ রফতার" অর্থাৎ দ্রুতগামী বাহক। কেননা, (বাচ্চা নয় মাসে জন্ম হওয়ার কথা। কিন্তু) নয় মাসের রাস্তা সে চারমাসে অতিক্রম করেছে।

শিক্ষা ঃ অনেক ক্ষেত্রে কর্মগুণে নাম হয়। তবে কর্ম ও নাম বিবেচ্য হওয়া বিধেয়। কাউকে যেমন- তেমন উপাধি দেয়া উচিৎ নয়।

শব্দ বিশ্লেষণ ঃ زائید অর্থ- জন্ম দিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق , معروف, মাসদার زائیدن- پیک অর্থ- সংবাদ বাহক, দূত।

حکایت : ۳۳ : دانشمندے در مسجدے نشست و مردماں را وعظ می گفت شخصے دراں مجلس ہر روزمی گریست. روزے دانشمند گفت کہ سخن من در دل ایں شخص بسیار اثر می کند. ازیں سبب می گرید. دیگراں آں شخص را گفتند کہ در دل ما سخن دانشمند ہیچ اثر نمی کند. تو چگونہ دل داری کہ ہر روز می گری. آں مرد گفت بر سخن دانشمند نمی گریم بلکہ یک بز خصی پرورده بودم او را بسیار دوست داشتم. چوں خصی پیر شد، مرد. ہرگاہ دانشمند سخن می گوید و ریش او می جنبد. مرا آں خصی یاد می آید. زیرا کہ او ہمچنیں ریش دراز داشت.

হেকায়েত নং ৩৩ ঃ কান্নার কারণ ভিন্ন

জনৈক ব্যক্তি মসজিদে বসে লোকজনদের উদ্দেশ্যে উপদেশ দিতেন। প্রত্যহ মজলিসে এক ব্যক্তি কাঁদত। একদা জ্ঞানী ব্যক্তি বলল, আমার কথা ঐ ব্যক্তির অন্তরে বেশী প্রভাব পড়েছে। একারণে সে কাঁদে। লোকেরা ঐ ব্যক্তিকে বলল, জ্ঞানী ব্যক্তির কোন কথাইতো আমাদের উপর প্রতিক্রিয়া করেনা। তুমি কেমন অন্তরের অধিকারী যে, জ্ঞানী ব্যক্তির কথা শুনে প্রত্যহ বসে বসে কাঁদো। তখন ঐ ব্যক্তি বলল, আমি জ্ঞানী ব্যক্তির উপদেশ শুনে কাঁদি না। বরং আমি একটি খাশী বকরী পালতাম, আমি তাকে খুব ভালবাসতাম। যখন খাশী বৃদ্ধ হয়ে গেল, তখন সে মারা গেল। যখন এ জ্ঞানী ব্যক্তি কথা বলে এবং দাঁড়ী নাড়াচাড়া করে তখন আমার খাশীর কথা স্মরণ হয়ে যায়। তাই কাঁদতে থাকি। কেননা, এ জ্ঞানী ব্যক্তির দাঁড়ির ন্যায় আমার খাশীরও লম্বা দাড়ি ছিল।

শিক্ষা ঃ এ দ্বারা মানুষ অনেক সময় বিভিন্ন মন্তব্য ও স্বার্থ হাসিল করে থাকে। তবে ভালো জিনিস দ্বারা মন্দ চরিতার্থ করা অত্যন্ত বোকামী ও অন্যায়।
শব্দ বিশ্লেষণ ঃ می گریست অর্থ- কাঁদছিল। এটা واحد غائبএর সীগাহ, বাহস ماضی استمراری معروف, মাসদার گریستن-می گرید অর্থ- কাঁদতেছে। এটা واحد حاضرএর সীগাহ, বাহস فعل حال معروف. মাসদার گریستن-خصی بز অর্থ- খাশী বকরী। ریش অর্থ- দাঁড়ি।

حکایت : ۳۴ : شخصے دستار درویشے گرفت و گریخت. درویش بگورستان رفت و نشست. مردماں اور اگفتند کہ آں شخص دستار ترا بطرف باغ برد تو در گورستاں چرا نشستۂ و ایں جا چہ می کنی؟ گفت او نیز روزے ایں جا خواہد آمد. ازیں سبب ایں جا نشستہ ام.

হেকায়েত নং ৩৪ ঃ পাগড়ীর জন্য গোরস্থানে অপেক্ষা

এক ব্যক্তি জনৈক দরবেশের পাগড়ী নিয়ে পলায়ন করল। দরবেশ কবরস্থানে গিয়ে বসে রইল। লোকেরা জিজ্ঞাসা করল যে, ঐ ব্যক্তি আপনার পাগড়ী নিয়ে বাগানের দিকে চলে গেছে; অথচ আপনি কবরস্থানে বসে রইলেন কেন? এবং আপনি এখানে কি করেন? দরবেশ উত্তর দিল, সে অবশ্যই একদিন এখানে আসবে। এ কারণে আমি এখানে বসে আছি।
শিক্ষা ঃ বুযুর্গগণের চিন্তা-ভাবনা সর্বদা পরকালের হয়ে থাকে। মূলতঃ ইহজগতের চিন্তা-ভাবনা ও কাজ-কর্মে তাঁদের মনোযোগী ও উৎসাহ কম দেখা যায়। দুনিয়া ক্ষণস্থায়ী। তাই তাঁদের কাছে তা কিছুই নয়। তাঁরা পরকালের প্রতিদান চান।
শব্দ বিশ্লেষণ ঃ دستار অর্থ- পাগড়ি, আমামা, শিরস্ত্রাণ। گورستان অর্থ- কবরস্থান। باغ অর্থ- বাগান, উদ্যান।

حکایت : ۳۵ : پادشاہے باوزیر خرما می خورد تخم خرما نزد وزیر می انداخت. بعد خوردن وزیر را گفت. بسیار خوار ہستی. زیراکہ تخم خرما بسیار پیش تو افتادہ اند. وزیر گفت، جہاں پناہ بسیار خوار ہستند کہ نہ تخم خرما گذاشتہ اند، نہ خرما.

হেকায়েত নং ৩৫ ঃ অধিক পেটুক

জনৈক বাদশাহ তাঁর মন্ত্রীকে নিয়ে খুরমা খাচ্ছিলেন। বাদশাহ খুরমা খেয়ে দানাগুলো মন্ত্রীর দানার সাথে রাখেন। খুরমা খাওয়ার পর বাদশাহ মন্ত্রীকে বললেন, তুমিতো দেখি অধিক পেটুক। কেননা, অনেক খুরমার দানা তোমার নিকট পড়ে আছে। মন্ত্রী উত্তর দিল, জাহাঁপনা বেশী পেটুক। কেননা, আপনি খুরমাতো ফেলেনইনি, তার দানাও ফেলেননি (অর্থাৎ দানাসহ খেয়ে ফেলেছেন)।
শিক্ষা ঃ রসিক বুঝে রসিকতার কারণ। এরূপ রসিকতা মনানন্দের জন্য রাসূলুল্লাহ (সাঃ)ও করতেন।
শব্দ বিশ্লেষণ ঃ تخم অর্থ- দানা, বীজ। بسیار خور অর্থ- পেটুক, অতিরিক্ত ভক্ষণকারী। এটা اسم فاعل ترکیبی-

حکایت :۳٦ : روزے سکندر با حاضراں گفت گاہے کسے را محروم نہ کردم. ہر کس ہر چہ از من خواست بخشیدم. شخصے در آں وقت عرض کردہ اے خداوند! مرا ایک درم درکار است بہ بخش. سکندر فرمود کہ از پادشاہاں چیزے محقر خواستن بے ادبی است آں شخص گفت کہ اگر پادشاہ را از یک درم دادن شرم می آید. ملکے مرا بخشند. سکندر گفت، بار اول سوالے کردی کم از مرتبۂ من. وبار دیگر سوالے کردی زیادہ از مرتبۂ خود. ہر دو سوال بے جا کردی. آں شخص لاجواب وشرمندہ گردید.

হেকায়েত নং ৩৬ ঃ বাদশাহ সেকান্দরের দানশীলতা

একদা বাদশাহ সেকান্দর উপস্থিত জনতাকে উদ্দেশ্য করে বললেন, আমি কখনো কাউকে বঞ্চিত করিনি। আমার নিকট যে যা চেয়েছে আমি তাকে তা-ই দান করেছি। তৎক্ষণাৎ একটি লোক বলল, বাদশাহ আমার এক টাকার প্রয়োজন, দয়া করে আমাকে একটি টাকা দিন। বাদশাহ সেকেন্দার বললেন, বাদশাহদের থেকে এরকম তুচ্ছ জিনিস চাওয়া মানহানীকর। ঐ লোকটি বলল, যদি বাদশাহ এক টাকা দান করতে লজ্জাবোধ করেন তাহলে সম্পূর্ণ রাজ্য আমাকে দান করে দিন। বাদশাহ বললেন, প্রথমবার তুমি এমন জিনিস চেয়েছ যা মানহানীকর। আর দ্বিতীয়বার এমন জিনিস চেয়েছ যা তোমার মর্যাদাতিরিক্ত। সুতরাং তুমি উভয় প্রশ্নই অনর্থক করেছ। একথা শুনে লোকটি নিরুত্তর ও লজ্জিত হয়ে গেল।

শিক্ষা ঃ কারো কাছে কোন কিছু চাওয়ার সময় চিন্তা করতে হবে যে, আমার কি প্রয়োজন এবং যার কাছে চাবে সে কেমন; দিতে পারবে কি-না? সর্বদিকে লক্ষ্য রেখে চাইতে হবে।

শব্দ বিশ্লেষণ ঃ بہ بخش অর্থ- দান করা। এটা واحد حاضر এর সীগাহ, বাহস امر حاضر, মাসদার بخشیدن-محقر অর্থ- মানহানীকর, অপমানজনক। معروف,

حکایت :۳۷ : پادشاہے از مسخرہ بر نجید. وزیر پائے فیل انداختن فرمود. مسخرہ شور وفغاں نمودہ گفت : اے خداوند! من ضعیف ونحیف ولائق پائے فیل نیستم. امید دارم کہ حکم فرمانید تا مرا زیر پائے صعوہ اندازند ووزیر را زیر

پائے فیل. زیرا کہ فربہ است واستخوانہائے اودرپائے فیل نخواہند خلید. پادشاہ طرف وزیر دیدو تبسم کردو گفت: چہ می گوئی؟وزیر عرض کرد کہ برائے خدا تقصیر ایں حرام زادہ را بہ بخشند. وگرنہ مرا نیز دربلا خواہد انداخت. پادشاہ را سخن مسخرہ وشفاعت وزیر پسند آمد. ومعاف کردو خلعت وانعام بخشید.

হেকায়েত নং ৩৭ ঃ কৌতুকীর কথা ও মন্ত্রীর সুপারিশে

জনৈক বাদশাহ এক কৌতুকীর উপর অসন্তুষ্ট হলে, বাদশাহর মন্ত্রী তাকে পরামর্শ দিল, কৌতুকীকে হাতীর পায়ের নীচে ফেলে হত্যা করে দিন। একথা শুনে কৌতুকী কেঁদে কেঁদে বলল, হে বাদশাহ! আমি এতই দুর্বল যে, হাতীর পায়ের নীচে পড়ার উপযোগী নই। আমি আপনার নিকট আশাবাদী যে, আপনি আদেশ করুন, যেন আমাকে সাওয়া পাখীর পায়ের নীচে ফেলে দেয় এবং মন্ত্রীকে যেন হাতীর পায়ের নীচে ফেলা হয়। কেননা তিনি মোটাতাজা আছেন এবং তাঁর হাড় হাতীর পায়ে বিদ্ধ হবে না। বাদশাহ মন্ত্রীর দিকে তাকিয়ে মুছকি হেঁসে বললেন, তুমি কি বল? মন্ত্রী অনুনয় করে বলল, আল্লাহর ওয়াস্তে এ নির্বোধ বোকার ত্রুটি ক্ষমা করে দিন। অন্যথায় সে আমাকেও বিপদে ফেলে দিবে। কৌতুকীর কথা ও মন্ত্রীর সুপারিশ বাদশাহর খুব পছন্দ হল। তাই ক্ষমা করে দিলেন এবং কৌতুকীকে পুরস্কৃত করলেন।

শিক্ষা ঃ সব প্রাণীই নিজের জীবন বাঁচাতে সচেতন। মানুষ বিবেকবান। তাই বিবেক বুদ্ধি খাটিয়ে জান বাঁচাতে মানুষই বেশী অগ্রগামী। সকলেই নিজের পিঠ বাঁচাতে চায়।

শব্দ বিশ্লেষণ ঃ برنجید অর্থ- অসন্তুষ্ট হয়েছেন। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق, معروف, মাসদার رنجیدن-ر زیر অর্থ- নিচে। فیل অর্থ- হাতী, হস্তী। فغاں অর্থ- কাঁদা, বিলাপ, অভিযোগ। نحیف অর্থ- পাতলা, শীর্ণ। صعوہ অর্থ- চড়ুই পাখীর ন্যায় এক ধরণের ছোট পাখী। فربہ অর্থ- মোটা। استخوانہا অর্থ- হাড্ডিসমূহ, হাড়সমূহ। এটা বহুবচন, একবচনে استخوان-نخواہند خلید অর্থ- বিদ্ধ হবে না। সীগাহ جمع غائب, বাহস مستقبل معروف, মাসদার خلیدن-تقصیر অর্থ- ত্রুটি। حرام زادہ অর্থ- জারজ সন্তান। এটা দ্বারা উদ্দেশ্য হল গালি। شفاعت অর্থ- সুপারিশ, অনুরোধ। خلعت অর্থ- পোশাক, পরিচ্ছদ। যাহা বাদশাহ ও মন্ত্রীদের পক্ষ থেকে কাউকে দান করা হয়।

حکایت: ۳۸: شیرے ومردے دریک خانہ تصویر خودہا دیدند. مرد شیر را گفت می بینی شجاعت انسان کہ شیر را تابع کردہ است. شیر گفت مصور ایں انسان است. اگر شیر مصور بودے چنیں نہ بودے.

হেকায়েত নং ৩৮ ঃ শিল্পীর নিপুন হাতে ছবি আঁকা

কোন এক সিংহ ও এক লোক ঘরের মধ্যে নিজ নিজ ছবি দেখতে পেয়ে লোকটি সিংহকে বলল, দেখেছ মানুষ কত বাহাদূর সে সিংহকে অনুগত করে নিয়েছে। সিংহ উত্তর দিল, এই ছবি মানুষ অংকন করেছে তাই এমনটি হয়েছে। কিন্তু যদি কোন সিংহ এ ছবি অংকন করত তাহলে এমনটি হতনা (অর্থাৎ তার বিপরীত হত)।

শিক্ষা ঃ সমস্ত মানুষই নিজের বুদ্ধি ও চাহিদা অনুযায়ী কাজ করে থাকে। নিজের চাহিদাকেই সকলেই প্রাধান্য দেয়।

শব্দ বিশ্লেষণ ঃ شیر অর্থ- সিংহ, ব্যাঘ্র। تصویر অর্থ- ছবি, ফটো। شجاعت অর্থ- বাহাদুরী, বীরত্ব, সাহসিকতা। مصور অর্থ- অংকনকারী, অংকন শিল্পী। সীগাহ (আরবী) واحد مذکر, বাহস اسم فاعل-

حکایت : ۳۹ : شخصے پیش نویسندہ رفت وگفت خطے بنویس. گفت پائے من درد می کند. آں شخص گفت ترا جائے فرستادن نمی خواہم کہ چنیں عذر می کنی. جواب داد کہ ایں تو راست است لیکن ہر گاہ برائے کسے خط می نویسم طلبیدہ می شوم برائے خواندن آں. زیراکہ دیگر خط من خواندن نمی تواند.

হেকায়েত নং ৩৯ ঃ মজার লেখক

জনৈক ব্যক্তি কোন এক লেখকের নিকট গিয়ে বলল, আমাকে একটি চিঠি লিখে দাও। লেখক উত্তর দিল, আমার পায়ে ব্যথা করছে। লোকটি বলল, আমি তোমাকে ঐ স্থানে (চিঠি নিয়ে) পাঠাতে চাইনা যে, তুমি (পায়ে ব্যথার) এরূপ আপত্তি করবে। লেখক উত্তর দিল যে, তুমি যা বলেছ তা সঠিক বলেছ। কিন্তু আমি যেখানে কাউকে চিঠি লিখে দেইনা কেন সে চিঠি পড়ে দেওয়ার জন্য সেখানে আমাকে অবশ্যই ডেকে পাঠাবে। কেননা আমার চিঠি আমি ব্যতীত অন্য কোন ব্যক্তি পড়তে সক্ষম হবে না।

শিক্ষা ঃ মানুষ কখনো কারো কাছে দুর্বলতা শিকার করতে চায় না। সর্বদা নিজের বড়ত্ব ও কৃতিত্ব প্রকাশ করতে চায়।

শব্দ বিশ্লেষণ ঃ نویسندہ অর্থ- লেখক। সীগাহ واحد বাহস اسم فاعل- طلبیدہ می شوم অর্থ- আমাকে ডাকা হবে। সীগাহ واحد متکلم, বাহস فعل حال مجہول اثبات-

حکایت : ۴۰ : شخصے خطے می نوشت. مرد بیگانہ نزد او نشستہ بود. و طرف خط می دید. آں شخص در خط نوشت کہ مرد بیگانہ و احمق نزد من نشستہ است. و خط را می خواند. ازیں سبب راز نمی نویسم. آں مرد گفت مرا در خط احمق نوشتی پس

چرا از خود نمی نوسی؟ من خط تو نہ خواندہ ام. نویسندہ گفت. اگر خط من نخواندی. چگونہ معلوم کردی کہ چنیں نوشتہ ام.

হেকায়েত নং ৪০ ঃ আহমক পড়ে পরের চিঠি

জনৈক ব্যক্তি পত্র লিখছেন। তার নিকট একজন অপরিচিত লোক বসে তার পত্রের দিকে চেয়ে দেখছিল। ঐ ব্যক্তি তার পত্রের মধ্যে লিখল, এক অপরিচিত নির্বোধ আমার নিকট বসে চিঠি পড়ছে। এ কারণে পত্রে আমি গোপন কথা লিখতে পারছিনে। ঐ (অপরিচিত) ব্যক্তিটি বলল, তুমি আমাকে কেন চিঠির মধ্যে নির্বোধ লিখেছ? কেনইবা তুমি চিঠির মধে গোপন কথা লিখছ না। আমিতো তোমার পত্র পড়িনি। (লেখক) লোকটি বলল, যদি তুমি আমার পত্র না পড় তাহলে কিভাবে জানতে পারলে, আমি পত্রে তোমাকে নির্বোধ লিখেছি?

শিক্ষা ঃ অপরের পত্র বা ডাইরী অনুমতি চাড়া কখনো পড়তে নেই। অন্যের ব্যক্তিত লিখন বা আসবাবপত্র অনুমতি ছাড়া পড়া বা ধরা অমার্জনীয় অপরাধ।

শব্দ বিশ্লেষণ ঃ می نوشت অর্থ-লিখছিল। সীগাহ واحد غائب, বাহস ماضی استمراری معروف, মাসদার نوشتن- راز অর্থ- গোপন কথা, রহস্য। بیگانہ অর্থ- অপরিচিত।

حکایت: ۴۱: روزے باز مرغ خانگی را گفت کہ تو بسیار بے وفا ہستی زیرا کہ مردماں ترا می پرورند و برائے تو خانہ می سازند و ہر گاہ کہ ترا گرفتن می خواہند چرا می گریزی. و من اگر چہ مرغ دشتم لیکن چند روزے کہ از دست مردماں طعمہ می خورم برائے ایشاں شکار می کنم و ہر چند دور می روم. چوں طلبیدہ می شوم بازمی آیم. خروس جواب داد کہ گاہے باز را بر سیخ نہ دیدۂ من بسیار خروساں بر سیخ کباب و بسیار خروساں را بر آتش بریاں دیدہ ام تو بسیار دور تر گریزی. اگر بازے را بر سیخ بینی باز لاجواب شد.

হেকায়েত নং ৪১ ঃ মোরগ ঝোলে কাবাবের শিকে

একদা একটি বাজপাখী গৃহপালিত মোরগকে বলল, তুমি বড়ই অকৃতজ্ঞ। কেননা, মানুষ তোমাকে পালন করে এবং তোমার আয়েশের জন্য গৃহ নির্মাণ করে। কিন্তু যে যখন তোমাকে ধরতে চায় তুমি কেন পালিয়ে যাও? আমি যদিও বন্য পাখী। কিন্তু

কিছুদিন যাবৎ মানুষের হাতে খানা খাই এবং তাদের উপকারার্থে শিকার করি। যখন আমাকে ডাকা হয় আমি যত দূরেই তাকি না কেন জলদি চলে আসি। গৃহপালিত মোরগটি উত্তর দিল যে, তুমি কখনো বাজ পাখীকে লোহার শলাকায় দেখনি। কিন্তু আমি বহু মোরগকে কাবাবের শিকে এবং বহু মোরগকে আগুনের মধ্যে ভূনা হতে দেখেছি। তুমিও বহু দূরে পলায়ন করতে যদি কোন বাজ পাখীকে কাবাবের শিকে দেখতে। একথা শুনে বাজপাখী নিরুত্তর হয়ে গেল।

শিক্ষা ঃ পূর্বের ঘটনা ইত্যাদি হতে শিক্ষা লাভ করা জ্ঞানী ব্যক্তিদের কাজ। নির্বোধ ব্যক্তিরা কোন কাজ হতে শিক্ষা লাভ করেনা।

শব্দ বিশ্লেষণ ঃ باز অর্থ- বাজপাখী। مرغ خانگی অর্থ- গৃহপালিত মোরগ। می پرورند অর্থ- লালন পালন করে। সীগাহ جمع غائب, বাহস فعل حال معروف, মাসদার پروردن- مرغ وحشی অর্থ- জঙ্গী পাখী। طعمہ অর্থ- খানা, খাদ্য। آیم অর্থ- আমি আসি। সীগাহ واحد متکلم, বাহস فعل حال معروف, মাসদার آمدن- خروس অর্থ- গৃহপালিত মোরগ। سیخ অর্থ- শলা, কাবাবের শিক।

حکایت : ۴۲ : دانشمندے مصاحب پادشاہ بود. وہمیشہ موئے ریش خود می کند. روزے پادشاہ اورا گفت کہ اگر بار دیگر موئے ریش خود را خواہی بر کند بر تو سیاست خواہم نمود. بعد از چند روز دانشمند کارے کرد کہ بادشاہ بسیار براو مہربان گردید. اورا گفت کہ ہر چہ بخواہی ترا بخشم. دانشمند گفت. ریش من مرا بہ بخش دیگر ہیچ نمی خواہم. پادشاہ تبسم کرد وگفت اگر خوشی تو ہمیں است بخشیدم.

হেকায়েত নং ৪২ ঃ স্বভাব না যায় মরলে

জনৈক জ্ঞানী ব্যক্তি বাদশাহর প্রিয়পাত্র হয়েছিল এবং সে সর্বদা স্বীয় দাঁড়ি উপড়ে ফেলত। একদিন বাদশাহ তাকে বলল, যদি দ্বিতীয়বার তুমি তোমার দপাড়ি উপড়ে ফেল তাহলে আমি তোমাকে শাস্তি দিব। তারপর থেকে সে দাঁড়ি উপড়ে ফেলা তেকে বিরত থাকল। কিছুদিন পর জ্ঞানী লোকটি এমন কাজ করল যদ্দরুন বাদশাহ খুশি হয়ে তাকে বলল যে, আজকে তুমি যা চাইবে আমি তা দান করব। জ্ঞানী লোকটি বলল, আপনি আমাকে আমার দাঁড়ি উপড়ে ফেলার অনুমতি দান করুন। আমি অন্য আর কিছু চাই না। বাদশাহ মৃদু হেসে বললেন, যদি তুমি এটা দ্বারা খুশি হও তাহলে আমি এর অনুমতি দান করলাম।

শিক্ষা ঃ বড় লোকের মন-মেজায বুঝে চলতে পারলে অনেক কঠিন কাজও নিজের উদ্দেশ্য হাসিল করা সহজ হয়ে যায়।

শব্দ বিশ্লেষণ ঃ دانشمند অর্থ- জ্ঞানী, বুদ্ধিমান। مصاحب অর্থ- প্রিয়পাত্র, সঙ্গী, সাথী, বন্ধু। ریش অর্থ- দাঁড়ি, শ্মশ্রু।

حکایت : ۴۳ : زشت روئے پیش طبیبے رفت و گفت بہ زشت ترین جائے مرا دملے شدہ است دوابدہ. طبیب روئے او دید و گفت دروغ می گوئی. راست گو. روئے تو می بینم بر آں ہیچ دملے نیست.

হেকায়েত নং ৪৩ ঃ যেমন রোগী তেমন চিকিৎসক

একদা জনৈক কুশ্রী লোক এক ডাক্তারের কাছে গিয়ে বলল, আমার সর্ব নিকৃষ্ট স্থানে ফোঁড়া হয়েছে। আমাকে ঔষধ দিন (লোকটি সর্ব নিকৃষ্ট স্থান বলতে লজ্জাস্থানকে বুঝাতে চেয়েছে)। তখন ডাক্তার লোকটির চেহারার দিকে দেখল এবং বলল তুমি মিথ্যা বলছ, সত্য বল। আমি তোমার চেহারাতো দেখলাম। কিন্তু সেখানে কোন ফোঁড়া নেই।

শিক্ষা ঃ যেমন বক্তা, তেমন শ্রোতা ভাল হলে উল্টা-পাল্টা বুঝে আসে না। মানুষের কথা ভালভাবে বুঝে-শুনে উত্তর দিতে হয়।

শব্দ বিশ্লেষণ ঃ زشت رو অর্থ- কুশ্রী লোক, বিকৃত চেহারা। دمل অর্থ- ফোঁড়া, দুম্বল।

حکایت : ۴۴ : شخصے نوکر خود را گفت، علی الصباح اگر دو زاغ را یکجا نشستہ بینی مرا خبر کن. کہ آنہا را خواہم دید. و شگون نیک از آنہا خواہم یافت و تمام روز مرا بخوشی خواہد گذشت. القصہ نوکر او دو زاغ را یکجا دیدہ صاحب خود را خبر کرد. صاحب او چوں بیروں آمد یک زاغ پریدہ بود. بسیار بر نوکر غصہ شد. و تازیانہ زدن گرفت. ہماں وقت دوستے برائے او طعام فرستادہ. نوکر عرض کرد. اے خداوند یک زاغ دیدی طعام یافتی، اگر دو زاغ را می دیدی یافتی آنچہ می یافتم.

হেকায়েত নং ৪৪ ঃ সকালের শুভ লক্ষণ (?)

জনৈক ব্যক্তি স্বীয় চাকরকে বলল যে, যদি প্রাতঃকালে দু'টি কাককে একত্রে বসা দেখ, তৎক্ষণাৎ আমাকে সংবাদ দিও। এগুলোকে দেখে আমি শুভ লক্ষণ অর্জন করি (অর্থাৎ ভাগ্যবান হবে) এবং পূর্ণদিন আমার আনন্দে অতিবাহিত হবে। সুতরাং ঘটনা এমন হল যে, তার চাকর দু'টি কাক একত্রে দেখে তাকে সংবাদ দিল। যখন সে ঘর থেকে বেরিয়ে আসল, একটি কাক উড়ে গেল সে তার চাকরের উপর খুব রেগে গেল এবং বেত্রাঘাত করতে লাগল। ঐ সময় তার এক বন্ধু তার জন্য খানা পাঠাল। চাকর বিনীত কণ্ঠে বলল, হে মহাশয়! আপনি একটি কাককে দেখে খানা পেয়েছেন। যদি দু'টি কাককে একত্রে দেখতেন, তাহলে আমি যা পাচ্ছি আপনিও তা পেতেন (অর্থাৎ আপনিও আমার মত বেত্রাঘাতের অধিকারী হতেন)।

শিক্ষা ঃ দু'টি কাক একত্রে দেখলে শুভ লক্ষণ, একটি কাক দেখলে অশুভ লক্ষণ, এমন ধারণা করা শরীয়ত বিরোধী। তাকদীরে যা থাকে তা ঘটবে। এটাই সঠিক বিধান।

শব্দ বিশ্লেষণ ঃ علی الصباح অর্থ- প্রাতঃকাল, সকালবেলা। زاغ نشستہ অর্থ- কাক বসা অবস্থায়। সীগাহ واحد, বাহস اسم فاعل, মাসদার سُتن- شگون نیک অর্থ- শুভ লক্ষণ, ভাবী শুভাশুভের নিদর্শন। پریدہ بود অর্থ- উড়ে গিয়েছিল। সীগাহ واحد غائب, বাহস ماضی بعید معروف, মাসদার زدن گرفت-پریدن অর্থ- বেত্রাঘাত করতে লাগল, প্রহার আরম্ভ করল। সীগাহ واحد غائب, বাহস ماضی ابتدائیہ- কায়েদা ঃ যে কোন মাসদারের পরে گرفت ফেয়েল বাড়িয়ে দিলে ماضی ابتدائیہ গঠিত হয়। যাকে আরবীতে افعال مقاربہ বলা হয়। যেমন- کردن گرفت অর্থ- করতে লাগল। فرستادہ অর্থ- পাঠিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی قریب معروف, মাসদার فرستادن-

حکایت : ۴۵ : طبیبے ہر گاہ بگورستاں رفتے چادر بر سر وروئے خودمی کشیدے. مردماں ازو پرسیدند کہ سبب ایں چیست؟ گفت از مردمان ایں گورستاں شرم می کنم. زیرا کہ ہمہ از دوائے من مردہ اند.

হেকায়েত নং ৪৫ ঃ ডাক্তারের শরম

জনৈক ডাক্তার যখনই কবরস্তানে যেত চাদর দ্বারা মুখমণ্ডল ও মাথা ঢেকে নিত। লোকেরা তাকে জিজ্ঞাসা করল, এর কারণ কি? ডাক্তার বলল, কবরস্থানের লোকদের থেকে আমি লজ্জাবোধ করি। কেননা, এই কবরস্থানের সকল মানুষ আমার ঔষধ সেবন করে মৃত্যুবরণ করেছে অর্থাৎ অসুস্থ হওয়ার পর আমার ঔষধ সেবন করে মৃত্যুর কোলে ঢলে পড়েছে।

শিক্ষা ঃ আধা ডাক্তার জানের দুশমন, আধা মোল্লা ঈমানের দুশমন। অতএব, কোন কিছুতে পূর্ণতা লাভ ব্যতীত পেশা হিসাবে নেয়া অন্যায়।

শব্দ বিশ্লেষণ ঃ رفتے অর্থ- যেত। সীগাহ واحد غائب, বাহস ماضی تمنائی, কিন্তু এখানে ماضی استمراری এর অর্থে ব্যবহৃত হবে। কেননা যদি ماضی تمنائی হরফে শর্ত ব্যতীত ব্যবহৃত হয়, তার অর্থ استمراری এর অর্থ হয়ে যায়। کشیدے অর্থ- টেনে দিত। সীগাহ واحد غائب, বাহস ماضی تمنائی- ফায়েদা ঃ কখনো ماضی تمنائی এর উপরে می বাড়ানো হয়। কিন্তু এরূপ খুবই কম ব্যবহৃত হয়। مردہ اند অর্থ- মৃত্যুবরণ করেছে। সীগাহ جمع غائب, বাহস ماضی قریب معروف, মাসদার مردن-

حکایت : ۴۶ : روزے پادشاہے ظالم تنہا از شہر بیروں رفت. شخصے را زیر درختے نشستہ دید. پرسید کہ پادشاہ ایں ملک چگونہ است. ظالم است یا عادل؟ آں مرد گفت، بسیار ظالم است. پادشاہ گفت مرا می شناسی؟ گفت نہ. پادشاہ

گفت منم سلطان ایں ملک. آں مرد ترسید و پرسید. مرا می دانی؟ پادشاہ گفت،
نہ. پسر فلاں سوداگام. در ہر ماہ سہ روز دیوانہ می شوم. امروز یکے ازاں س روز
است. پادشاہ خندید واور ایچ نہ گفت.

হেকায়েত নং ৪৬ ঃ এ দেশের বাদশাহ বড়ই জালেম

একদা জনৈক অত্যাচারী বাদশাহ একাকী শহর থেকে বের হয়ে এক ব্যক্তিকে বৃক্ষের নীচে বসাবস্থায় দেখে জিজ্ঞাসা করলেন, এ রাজ্যের রাজা কেমন- অত্যাচারী, না ন্যায় পরায়ণ? ঐ লোকটি উত্তর দিল, এদেশের বাদশাহ বড়ই অত্যাচারী। বাদশাহ বললেন, তুমি কি আমাকে চিন? লোকটি বলল, না। বাদশাহ বললেন, আমিই এদেশের বাদশাহ। একথা শুনে লোকটি ভয় পেয়ে গেল এবং বলল, আপনি আমাকে চিনেন? বাদশাহ বললেন, না। আমি তোমাকে চিনিনা। লোকটি বলল, আমি অমুক বণিকের ছেলে। প্রত্যেক মাসে আমি তিনদিন পাগল হই। আজকে ঐ তিনদিন থেকে একদিন। একথা শুনে বাদশাহ হেসে ফেললেন এবং আর কিছুই বললেন না।

শিক্ষা ঃ নিজের কাজের কৃতিত্ব অপরের দ্বারা প্রকাশ পাওয়াই বাঞ্চনীয়। নিজের কৃতকর্মের সফলতার বিবেচনা অন্যের কাছ থেকে জেনে নেয়া ভাল। কারণ পরক্ষণে ত্রুটিসমূহ পরিশুদ্ধ করা যায়।

শব্দ বিশ্লেষণ ঃ عادل অর্থ- ন্যায় বিচারক, অপক্ষপাতকারী। منم অর্থাৎ من ہستم অর্থ- আমিই হই।

حکایت : ۴۷ : شاعرے پیش توانگرے رفت وبسیار اورا ستود. توانگر خوشنود شد و
گفت نزد من نقد نیست. لیکن غلہ بسیار است. اگر فردا بیائی بدہم. شاعر بخانۂ خود
رفت. وقت صبح نزد توانگر باز آمد. توانگر پرسید، چرا آمدی؟ گفت، دیروز وعدہ دادن
غلہ کردہ بودی ازیں سبب آمدہ ام. توانگر گفت عجب احمق ہستی تو از سخن خود مرا خوش
کردی. من ترا از سخن خود خوش نمودم حالا چرا غلہ بدہم؟ شاعر شرمندہ باز رفت.

হেকায়েত নং ৪৭ ঃ শুধু কথা দ্বারাই খুশি

জনৈক কবি এক ধনাঢ্য ব্যক্তির নিকট গিয়ে (তার কাব্য দ্বারা) খুব প্রশংসা করল। ধনাঢ্য ব্যক্তি নিজের প্রশংসা শুনে খুশি হয়ে বলল, আমার নিকট নগদ অর্থ নেই। কিন্তু বহু শস্য আছে। যদি তুমি আগামীকাল আস তাহলে আমি তোমাকে কিছু দিব। একথা শুনে কবি তার বাড়ীতে চলে গেল এবং পরদিন সকালে ধনাঢ্য ব্যক্তির নিকট পুনরায় আসল। কবিকে দেখে ধনাঢ্য ব্যক্তি জিজ্ঞাসা করল, তুমি কেন এসেছ? কবি বলল, গতকাল শস্য দেয়ার প্রতিজ্ঞা করেছিলেন এজন্য আমি এসেছি। একথা শুনে ধনাঢ্য ব্যক্তি বললেন, তুমিতো দেখি আশ্চর্য নির্বোধ! তুমি আমাকে তোমার কথা দ্বারা খুশি করেছ এবং আমিও তোমাকে আমার কথা দ্বারা আনন্দিত করেছি। বল, এখন তোমাকে আমি কেন শস্য দেব? কবি লজ্জিত হয়ে চলে গেল।

শিক্ষা ঃ অধিক লোভে লজ্জা পেতে হয়। প্রবাদ ঃ "লোভে পাপ, পাপে মৃত্যু।" অপর থেকে পাওয়ার আশা করা বোকামী। হাদীস শরীফে আছে, গ্রহীতার হাত হতে দাতার হাত উত্তম।

শব্দ বিশ্লেষণ ঃ ستود অর্থ- প্রশংসা করেছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق, মাসদার ستودن- غله অর্থ- শস্য। فردا অর্থ- আগামীকাল। دیروز অর্থ- গতকাল। عجب অর্থ- আশ্চর্য, বিস্ময়। عجب احمق অর্থ- আশ্চর্য নির্বোধ।

حکایت : ۴۸ : درویشے تقصیر بزرگ کرد. پیش کوتوال حبشی بردند. کوتوال حکم کرد، کہ تمام روئے درویش را سیاہ کنید و در تمام شہر گرداند. درویش گفت، اے کوتوال! نصف روئے من سیاہ کن وگرنہ ہماں مردمان شہر خواہند انست کہ کوتوال حبشی است. کوتوال ازیں سخن خوش شدو تقصیر درویش را معاف کرد.

হেকায়েত নং ৪৮ ঃ দরবেশ ও হাবশী কোতওয়াল

জনৈক দরবেশ বড় ধরণের অন্যায় করলে লোকেরা তাকে হাবশী কোতওয়ালের নিকট নিয়ে গেল। কোতওয়াল আদেশ করল দরবেশের সমস্ত চেহারাকে কালো করে পুরা শহর প্রদক্ষিণ করাবে। একথা শুনে দরবেশ বলল, হে মহমান্য কোতওয়াল! আমার অর্ধেক চেহারা কালো করুন। নতুবা শহরের লোকেরা আমাকে হাবশী কোতওয়াল মনে করবে। কোতওয়াল একথা শুনে খুশি হয়ে দরবেশের অন্যায় ক্ষমা করে দেন।

শিক্ষা ঃ কোন অন্যায় করে ফেললে যে কোনভাবে ক্ষমা করিয়ে নেয়ার চেষ্টা করুন। যেকোন কিছুর বিনিময়ে ক্ষমা করিয়ে নেয়া বুদ্ধিমানের কাজ।

শব্দ বিশ্লেষণ ঃ کوتوال অর্থ- পুলিশ। শহরের প্রধান রক্ষী। گردانید অর্থ- প্রদক্ষিণ করাবে। মাসদার گردانیدن- অর্থ- অর্ধেক, দুই ভাগের একাংশ।

حکایت : ۴۹ : نابینائے در شب تاریک چراغ در دست و سبو بر دوش گرفتہ در بازار می رفت. شخصے از وئے پرسید کہ احمق روز و شب در چشم تو یکسان است از چراغ تو فائدہ چیست؟ نابینا خندید گفت ایں برائے من نیست بلکہ برائے تست تا سبوئے مرا نہ شکستی.

হেকায়েত নং ৪৯ ঃ চোখের আলো যার, বাতির আলো তার

জনৈক অন্ধলোক রাতের অন্ধকারে বাতি হাতে এবং কাঁধে কলসী নিয়ে বাজারে যাচ্ছিল। এক ব্যক্তি তাকে জিজ্ঞাসা করল, হে নির্বোধ! তোমার চোখে দিনরাত সবই

সমান। তুমি কেন বাতি হাতে নিয়ে চলছ। অন্ধলোকটি হেসে বলল যে, এই বাতি আমার উপকারার্থে নয় বরং আপনার জন্য, যেন আপনি আমার সাথে ধাক্কা লেগে আমার কলসী ভেঙ্গে না ফেলেন।

শিক্ষা ঃ জাতি ও পরোপকারকারী ব্যক্তিগণ অমর হয়ে থাকে। পরোপকার করাই ইসলামের মহান বিধান। বুদ্ধিমান ও মহৎ ব্যক্তিগণই পরোপকার করে থাকেন। প্রবাদ আছেঃ "পরোপকার পরম ধর্ম।"

শব্দ বিশ্লেষণ ঃ نابینا অর্থ- অন্ধব্যক্তি। تاریک অর্থ- অন্ধকার। سبو অর্থ- মটকা, পাত্র, কলসী। دوش অর্থ- কাঁধ, স্কন্ধ। نشکستی অর্থ- না ভেঙ্গে ফেল। সীগাহ واحد حاضر, বাহস فعل مضارع معروف, মাসদার شکستن-

حکایت : ۵۰ : درویشے بر دکان بقال رفت. ودر خریدن اسباب تعجیل می کرد. بقال درویش را دشنام داد. درویش در خشم شد. وپاپوشے بر سر بقال زد. بقال پیش کوتوال رفت ونالش نمود. کوتوال درویش را طلبید وپرسید که چرا بقال را زدی؟ درویش گفت که بقال مرا دشنام داد. کوتوال گفت اے درویش تقصیر بزرگ کردی لیکن فقیر ہستی ازیں سبب ترا سیاست نمی کنم. برو، وہشت آنه بقال را بدہ که سزائے تقصیر تو ہمیں است. درویش یک روپیه از جیب خود بر آوردہ در دست کوتوال داد. ویک پاپوش بر سر کوتوال زد وگفت اگر چنیں انصاف است ہشت آنه تو بگیر وہشت آنه به بقال بدہ.

হেকায়েত নং ৫০ ঃ পুলিশের মাথায় জুতোর ঘা

জনৈক দরবেশ তরকারী বিক্রেতার দোকানে গিয়ে জিনিসপত্র ক্রয়ের ব্যাপারে খুব তাড়াতড়া করছিল। তরকারী বিক্রেতা দরবেশকে গালি দিল। দরবেশ রেগে গিয়ে স্বীয় জুতা খুলে তরকারী বিক্রেতার মাথায় আঘাত করল।

তরকারী বিক্রেতা থানা পুলিশের নিকট গিয়ে অভিযোগ করল যে, দরবেশ আমাকে জুতা মেরেছে। পুলিশ দরবেশকে ডেকে পাঠালো এবং জিজ্ঞাসা করল যে, তুমি তরকারী বিক্রেতাকে কেন প্রহার করেছ? দরবেশ উত্তর দিল যে, তরকারী বিক্রেতা আমাকে গালি দিয়েছে, এ কারণে আমি তাকে প্রহার করেছি। একথা শুনে পুলিশ বলল, তুমি বড় অন্যায় করেছ। কিন্তু তুমি অসহায় ফকির এজন্য তোমাকে শাস্তি দিলাম না। যাও তরকারী বিক্রেতাকে আট আনা পয়সা দন্ড দিয়ে দাও। দরবেশ নিজের পকেট থেকে এক টাকা বের করে পুলিশের হাতে দিয়ে পুলিশের মাথায় একটি জুতা মেরে বলল, যদি এটাই ন্যায়বিচার হয় তাহলে আপনি আট আনা পয়সা নিবেন এবং বাকী আট আনা পয়সা তরকারী বিক্রেতাকে দিয়ে দিবেন।

শিক্ষা ঃ বিচার করতে সর্বদিক লক্ষ্য রেখে বিচার করতে হবে। সব ক'টি পয়েন্ট ধরে উল্লেখ করে বিচারের ফয়সালা করতে হবে। এক পয়েন্ট দেখে বিচার করা ঠিক নয়।
শব্দ বিশ্লেষণ ঃ بقال অর্থ- তরকারী বিক্রেতা। تعجیل অর্থ- তাড়াহুড়া করা, জলদি করা। دشنام অর্থ- গালি। خشم অর্থ- রাগ। پاپوش অর্থ- জুতা। نالش অর্থ- অভিযোগ, অনুনয় করা। زدی অর্থ- তুমি মেরেছ। সীগাহ واحد حاضر, বাহস ماضی مطلق معروف, মাসদার زدن-

حکایت : ۵۱ : نقاشے در شہر رفت و آنجا پیشۂ طبابت آغاز کرد. بعد از چند روز شخصے از وطن او در آں شہر رسید. و او را دید، پرسید کہ حالاً چہ پیشہ می کنی ؟ گفت طبابت. پرسید، چرا ؟ گفت از برائے آنکہ اگر دریں پیشہ تقصیرے می کنم خاک آں را می پوشد.

হেকায়েত নং ৫১ ঃ শিল্পী হলো চিকিৎসক

জনৈক চিত্র শিল্পী কোন এক শহরে গিয়ে সেখানে ডাক্তারী পেশা গ্রহণ করল। কিছুদিন পর তার এলাকার এক ব্যক্তি শহরে গিয়ে তাকে দেখে জিজ্ঞাসা করল। তুমি এখন কোন পেশা গ্রহণ করেছ? সে উত্তর দিল ডাক্তারী পেশা। লোকটি জিজ্ঞাসা করল, কেন? সে উত্তরে বলল, এ কারণে যে, যদি এ পেশায় কোন ভুল হয় তাহলে সে ভুলকে মাটি ঢেকে ফেলবে। অর্থাৎ আমি যদি চিত্র শিল্পীতে কোন ভুল করতাম তাহলে তা দেওয়ালের মধ্যে স্পষ্ট হয়ে থাকবে। আর যদি ডাক্তারীতে ভুল হওয়ার কারণে যদি কোন ব্যক্তি মারা যায় তাহলে তাকে মাটির নিচে দাফন করে দেওয়া হবে।
শিক্ষা ঃ কোন পেশাকে ছোট মনে করতে নেই। যার যে পেশা, সে তার পেশার দায়িত্ব খুব নিষ্ঠার সাথে পালন করতে হবে। অনিষ্ঠাবান ব্যক্তিরা কখনো কোন কাজে সফলকাম হতে পারে না।
শব্দ বিশ্লেষণ ঃ نقاش অর্থ- চিত্রশিল্পী, চিত্রকর। طبابت অর্থ- ডাক্তারী, হেকিমী। وطن অর্থ- বাড়ী, জন্মস্থান। می پوشد অর্থ- ঢেকে ফেলবে। সীগাহ واحد غائب, বাহস حال معروف, মাসদার پوشیدن-

حکایت : ۵۲ : شاعرے مسکین پیش توانگرے رفت و چناں نزدیک او نشست کہ میان شاعر و توانگر از یک وجب زیادہ تفاوت نہ بود. توانگر ازیں سبب برہم شد و روئے ترش کرد و پرسید کہ در میان تو و خر چہ قدر تفاوت است ؟ گفت، بقدر یک وجب. توانگر ازیں جواب بسیار خجل شد و عذر نمود.

হেকায়েত নং ৫২ ঃ এক বিঘাৎ ব্যবধান

জনৈক গরীব কবি এক ধনাঢ্য ব্যক্তির নিকট গিয়ে এমনভাবে বসল যে, কবি এবং ধনাঢ্য ব্যক্তির মধ্যে এক বিঘৎ থেকে বেশী দূরত্ব ছিল না। এ কারণে ধনাঢ্য ব্যক্তি অসন্তুষ্ট হয়ে চেহারা বিকৃত করে কবিকে জিজ্ঞাসা করল যে, তুমি এবং গাধার মধ্যে

পার্থক্য কতটুকু? কবি উত্তর দিল আমার এবং গাধার মধ্যে পার্থক্য হল এক বিঘৎ পরিমাণ। ধনাঢ্য ব্যক্তি কবির জওয়াব শুনে অত্যন্ত লজ্জিত হল এবং কবির নিকট ক্ষমা প্রার্থনা করল।

শিক্ষা ঃ কবি, সাহিত্যিক, সাংবাদিক ও কথকগণকে কথায় হারানো খুব কষ্টের ব্যাপার। পূর্বযুগের রাজা-বাদশাহগণ সর্বদা কবি-সহিত্যিকদের ভয় পেতেন। কারণ, পূর্বেকার কবিরা রাজা ও মন্ত্রীদের গুণ কীর্তন করে সম্মান বৃদ্ধি করত। আবার এদের মন মত না হলে বাদশাহর কুৎসা রটনা করে করে অপমান করত।

শব্দ বিশ্লেষণ ঃ وجب অর্থ- বিঘৎ, পরিমিত স্থান। تفاوت অর্থ- দূরত্ব, প্রভেদ, তারতম্য। برہم অর্থ- রাগান্বিত। روئے ترش অর্থ- বিকৃত চেহারা, বদমেজাজ। خر অর্থ- গাধা। قدر অর্থ- পরিমাণ, সামঞ্জস্য। خجل অর্থ- লজ্জিত। عذر অর্থ- ক্ষমা, আপত্তি।

حکایت : ۵۳ : گدائے بر دروازۂ توانگرے رفت و سوال کرد. از اندرون خانہ جواب آمد کہ بی بی در خانہ نیست. گدا گفت من پارۂ نان را سوال کردہ بودم بی بی را نخواستم کہ چنیں جواب یافتم. بی بی مبارک بہ آقا.

হেকায়েত নং ৫৩ ঃ ভিক্ষুকের রসিকতা

জনৈক ভিক্ষুক এক ধনাঢ্য ব্যক্তির দরজায় গিয়ে ভিক্ষা চাইল। বাড়ির ভিতর থেকে উত্তর আসলো, বিবি সাহেবা বাড়িতে নেই। একথা শুনে ভিক্ষুক বলল, সাহেব আমি একটুকরা রুটি চাই। আমি আপনার বিবিকে চাই না। তবে এ উত্তরের কারণ কি? বিবি সাহেবা তো মালিকের জন্যই মোবারক।

শিক্ষা ঃ আল্লাহ পাক ইরশাদ করেন, সওয়ালকারীকে ধমক দিবে না। অর্থাৎ ভিক্ষুককে বঞ্চিত করবে না। (সূরা আদ-দ্বোহা ঃ ১০)

অর্থগত ও জ্ঞানগত উভয় প্রকার প্রার্থীকে ধমক দিতে হুজুর (সাঃ) নিষেধ করেছেন। সাহায্য প্রার্থীকে কিছু দিয়ে বিদায় করা অথবা কিছু না দিতে পারলে নরম ভাসায় অক্ষমতা প্রকাশ করা উত্তম। (মাআরেফুল কুরআন বাংলা ১৪৬২)

শব্দ বিশ্লেষণ ঃ گدا অর্থ- ভিক্ষুক, ফকীর। پارہ نان অর্থ- রুটির টুকরা। کردہ بودم অর্থ- করেছিলাম। সীগাহ واحد متکلم, বাহস ماضی بعید معروف, মাসদার کردن- آقا অর্থ- সাহেব, মালিক, মনিব।

حکایت : ۵۴ : پادشاہے دانشمندے را طلبید و گفت می خواہم کہ ترا قاضی ایں شہر کنم. دانشمند گفت من لائق ایں کار نیم. پادشاہ پرسید، چرا؟ جواب داد کہ آنچہ گفتم اگر راست گفتم مرا معذور دارید. و اگر دروغ گفتم پس دروغ گو را قاضی کردن مصلحت نیست. پادشاہ عذر دانشمند را پسندید واورا معذور داشت.

হেকায়েত নং ৫৪ ঃ জ্ঞানী লোক

জনৈক বাদশাহ এক জ্ঞানী ব্যক্তিকে ডেকে বললেন, আমার ইচ্ছা আপনাকে এ শহরের (বিচারক) বানাবো। একথা শুনে জ্ঞানী ব্যক্তি উত্তর দিলেন, আমি এ কাজের উপযুক্ত নই। বাদশাহ বললেন, কেন? জ্ঞানী ব্যক্তি উত্তর দিলেন, আমি যদি একথা সত্যই বলি, তাহলে আমাকে এ পদ দেয়া থেকে বিরত থাকবেন। আর যদি মিথ্যা বলে থাকি তাহলে শরীয়ত অনুযায়ী মিথ্যাবাদীকে কাযীর পদে নিযুক্ত করা উচিত নয়। বাদশাহ জ্ঞানী ব্যক্তির কথাকে পছন্দ করলেন এবং তাকে কাযীর পদ দেওয়া থেকে বিরত থাকলেন।

শিক্ষা ঃ যে কোন দুঃসাধ্য জিনিস সাধনার ত্যাগে অর্জন করা যায়। কিন্তু তা ঠিকভাবে পরিচালনা বা ব্যবহার ভীষণ কঠিন ব্যাপার। বুঝে-শুনে ও চিন্তা করে দায়িত্ব গ্রহণ করাই বুদ্ধিমানের কাজ।

শব্দ বিশ্লেষণ ঃ نیَم অর্থাৎ نیستم অর্থ- আমি নই। دروغ گو অর্থ- মিথ্যাবাদী। সীগাহ واحد, বাহস سماعی اسم فاعل-

حکایت : ۵۵ : روزے امیرے بر میخ تیر می انداخت و تیر اندازاں بسیار آنجا حاضر بودند. تیر کسے بر میخ نمی رسید. فقیرے آنجا رفت و از امیرے چیزے سوال کرد. امیر تیر و کمان خود را در دست فقیر دادہ فرمود کہ میخ را بزن. فقیر تیر را بر تاب کرد. اتفاقاً تیر فقیر بر میخ رسید. امیر بسیار خوشنود گردید. صد روپیہ فقیر را بخشید و رخصت کرد. فقیر امیر را گفت. سوال کردم ہیچ نیافتم. امیر روئے در ہم کشید و گفت صد روپیہ را بخشیدم. و تو می گوئی ہیچ نیافتم. ایں چہ سخن است ؟ فقیر گفت صد روپیہ میخ را زدہ گرفتم. از سوال چہ یافتم ؟ امیر خندید و انعام دیگر بخشید.

হেকায়েত নং ৫৫ ঃ আমীর ও ভিক্ষুকের দেন-দরবার

একদা জনৈক আমীর লোহার পেরেকের উপর তীর নিক্ষেপ করছিলেন এবং সেখানে অন্যান্য তীর নিক্ষেপকারীরাও উপস্থিত ছিল। কেউ লোহার পেরেকে তীর পৌঁছাতে পারছে না। এমতাবস্থায় সেখানে একজন ভিক্ষুক এসে আমীরের নিকট ভিক্ষা চাইল। আমীর স্বীয় তীর ধনুক ভিক্ষুকের নিকট দিয়ে বললেন, পেরেকের উপর নিশানা কর। ভিক্ষুক তীর নিক্ষেপ করল। ঘটনাক্রমে! ভিক্ষুকের তীর পেরেকে গিয়ে লাগল। আমীর অত্যন্ত আনন্দিত হলেন এবং একশত টাকা দিয়ে

বিদায় করে দিলেন। ভিক্ষুক আমীরকে বলল, আমি ভিক্ষা চাইলাম। কিন্তু কোন কিছুই পেলাম না। আমীর চেহারা মলিন করে ভিক্ষুককে বললেন, একশত টাকা দিলাম। কিন্তু তুমি বলছ কিছুই পাওনি। ভিক্ষুক বলল, একশত টাকাতো আমি তীর নিশানা করে পেয়েছি। আমি ভিক্ষা চেয়ে কি পেয়েছি? একথা শুনে আমীর হেসে ফেললেন এবং দ্বিতীয়বার অনেক পুরস্কারে পুরস্কৃত করলেন।

শিক্ষা ঃ কাজের বিনিময় ও দান-খয়রাত পৃথক পৃথক করে দেয়াই উচিত। তবে কাজের বিনিময় পেলে দান-খয়রাত চাওয়া কু-অভ্যাস।

শব্দ বিশ্লেষণ ঃ میخ অর্থ-পেরেক।می انداخت অর্থ- নিক্ষেপ করছিল। সীগাহ واحد غائب, বাহস ماضی استمراری معروف, মাসদার انداختن-انداز ان- تیر انداز ان অর্থ- অনেক তীর নিক্ষেপকারী। এটা বহুবচন, একবচনে تیر انداز, সীগাহ جمع, বাহস اسم فاعل تاب-تابی অর্থ- ঔজ্জ্বল্য, শক্তি, সহনশীলতা। এটা تافتن-تابیدن মাসদার থেকে امر حاضر এর সীগাহও হয়।اتفاقا অর্থ- আশ্চর্য, ঘটনাক্রমে।

حکایت : ۵۶ : شبے قاضی در کتابے دید کہ ہر کہ سر خرد می دارد و ریش دراز، احمق می باشد. قاضی سر خرد داشت و ریش بسیار دراز. با خود گفت کہ سر را بزرگ کردن نمی توانم. لیکن ریش را کوتاہ خواہم کرد. مقراض تلاش کرد. نیافت، ناچار نیمۂ ریش را در دست گرفت و شمع را نزد چراغ برد. چوں موہائے ریش آتش گرفت شعلہ بر دست او رسید. پس ہمچناں ریش را فرو گذشت. ہمہ ریش او سوختہ شد. قاضی بسیار شرمندہ گردید. باسبب ایں کہ ہر چہ در کتاب دید باثبات رسید.

হেকায়েত নং ৫৬ ঃ আসল আহমক

জনৈক কাযী (বিচারক) একরাতে কিতাবের মধ্যে দেখল, যে ব্যক্তির মাথা ছোট এবং দাঁড়ি লম্বা সে ব্যক্তিই নির্বোধ। এদিকে কাযীর মাথা ছোট এবং দাঁড়ি লম্বা ছিল। তাই কাজী ভাবল মাথাতো আমি বড় করতে পারব না। কিন্তু দাঁড়ি তো ছোট করতে পারব। তাই কাঁচি খোঁজ করতে আরম্ভ করলেন। কিন্তু না পেয়ে অগত্যা তিনি অর্ধেক দাঁড়ি হাত দিয়ে ধরে বাতির সামনে নিয়ে আগুন লাগিয়ে দিলেন, আগুন যখন দাঁড়ির অগ্রবাগে লেগে গেল, তার স্ফুলিঙ্গ কাজীর হাতে এসে লাগল। তখন তিনি হাত ছেড়ে দিলেন। এ অবস্থায় তার সম্পূর্ণ দাঁড়ি পুড়ে ছাই হয়ে গেল। কাযী অত্যন্ত লজ্জিত হলেন, এ কারণে যে, যা কিতাবে রয়েছে তা বাস্তবেই প্রমাণিত হয়ে গেল।

শিক্ষা ঃ প্রবাদ আছে, "ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না।" বুদ্ধি-বিবেচনা করে প্রজ্ঞার সাথে কাজ করতে হয়। যা শুনলাম আর দেখলাম তা-ই করে ফেললাম তা বোকাদের কাজ।

শব্দ বিশ্লেষণ ঃ سر خرد অর্থ- ছোট মাথা। بزرک অর্থ- বড়। مقراض অর্থ- কাঁচি। شعلہ অর্থ- স্ফুলিঙ্গ, অগ্নিশিখা, আগুনের ফুলকী। فرو گزاشت অর্থ- অতিরিক্ত। گذاشت অর্থ- ছেড়ে দিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার گذاشتن-سوختہ شد অর্থ- প্রজ্জ্বলিত হয়েছে বা জ্বলে গিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার سوختن-

حکایت : ۵۷ : شخصے در خواب با شیطان ملاقات کرد و یک سیلے بروئے او زد و ریش او را گرفت و گفت اے ملعون تو دشمن ما ہستی و برائے فریب دادن مردماں ریش دراز می داری. چوں سیلے دیگر بر روئے او زد، بیدار شد. و ریش خود در دست خود دید. شرمندہ گردید. و بر خود خندید.

হেকায়েত নং ৫৭ ঃ নিজের দাঁড়ি নিজের হাতে...

জনৈক ব্যক্তি স্বপ্নে এক শয়তানের সাথে সাক্ষাৎ করল এবং স্বজোরে তার চেহারায় চপেটাঘাত করে তার দাঁড়ি শক্ত করে ধরল এবং বলল, হে অভিশপ্ত! তুমি আমাদের শত্রু। মানুষকে ধোঁকা দেওয়ার জন্য লম্বা দাঁড়ি রেখেছ। সে যখন দ্বিতীয়বার চপেটাঘাত করল তৎক্ষণাৎ জাগ্রত হয়ে দেখতে পেল স্বীয় দাঁড়ি স্বীয় হাতের মধ্যে। এ অবস্থা দেখে সে লজ্জিত হল এবং নিজের কৃতকর্মের জন্য হাসতে লাগল।

শিক্ষা ঃ স্বপ্নের ঘোরে মানুষ অনেক কিছুই দেখে থাকে। তা বাস্তবে সত্য মিথ্যার অবকাশ রাখে। তাই স্বপ্ন দেখে মন খুশি বা বেজার করা ঠিক নয়।

শব্দ বিশ্লেষণ ঃ سیلے অর্থ- চপেটাঘাত, থাপ্পড়, ঘুষি। زد অর্থ- মেরেছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার زدن-اے অর্থ- হে! এটা حرف ندا-

حکایت : ۵۸ : شخصے پیش درویشے رفت و سہ سوال کرد. اوّل آنکہ چرا می گوئی کہ خدا ہمہ جا حاضر است ؟ من ہیچ جا نمی بینم. بنمائی کجا است ؟ دوم آنکہ انسان را برائے تقصیرے چرا سیاست می کنند ؟ ہر چہ می کند خدا می کند. انسان را ہیچ قدرت نیست و بے ارادت خدا ہیچ نمی تواند کرد. و اگر انسان را قدرت بودے ہمہ کارہا برائے خود بہتر کردے. سوم آنکہ خدا شیطان را در آتش دوزخ چگونہ عقوبت تواند کرد ؟ زیرا کہ سرشت او از آتش است و آتش در آتش چہ اثر خواہد کرد ؟ درویش کلوخے بر سر او زد. آں شخص گریاں پیش قاضی رفت و

گفت کہ از فلاں درویش سہ سوال کردہ بودم. او بر سر من چناں کلوخے زد. کہ سر من درد می کند. وہیچ جواب نداد. قاضی درویش را طلبید و گفت. چرا کلوخ بر سر او زدی وجواب سوال او ندادی. درویش گفت کہ آں کلوخ جواب سخن او است. می گوید کہ درد سر دارد. بنماید کجا است. تا من خدا را باو بنمایم وچرا پیش حضرت نالش نمود. ہر چہ کرد خدا کرد. بے ارادت خدا او را نہ زدم. مرا چہ قدرت است. وسرشت او از خا است. از خاک چگونہ او را رنج رسید. آں شخص شرمندہ گردید. قاضی جواب درویش را بسیار پسندید.

হেকায়েত নং ৫৮ ঃ তিনটি প্রশ্নের জবাব

জনৈক ব্যক্তি একজন দরবেশের নিকট গিয়ে তিনটি প্রশ্ন করল। প্রথম প্রশ্ন ঃ আপনি কেন বলেন, আল্লাহ তায়ালা সর্বত্র বিরাজমান? আমি তো তাকে কোথাও দেখতে পাইনি। কোথায় আছে, দেখিয়ে দিন। দ্বিতীয় প্রশ্ন ঃ মানুষের অন্যায়ের জন্য কেন আল্লাহ তায়ালা শাস্তি দেবেন? মানুষ যা কিছু করে সব কিছু তো তাঁর হুকুমেই করে। তাঁর আদেশ ব্যতীত কোন কিছুই করতে পারে না। যদি মানুষের কিছু করার শক্তি থাকত তাহলে সে নিজের জন্য সকল মঙ্গল কাজই করত। তৃতীয় প্রশ্ন ঃ আল্লাহ তায়ালা শয়তানকে দোযখের আগুনে কিভাবে শাস্তি দিবেন। কেননা শয়তান তো আগুন দ্বারা সৃষ্টি এবং আগুনের মধ্যে আগুন কিভাবে আছর করবে? দরবেশ একটি মাটির ঢিল লোকটির মাথায় ছুড়ে মারলেন। লোকটি ক্রন্দনরত অবস্থায় কাজীর নিকট গিয়ে বলল যে, আমি অমুক দরবেশকে তিনটি প্রশ্ন করেছি। কিন্তু সে আমার প্রশ্নের উত্তরতো দেইনি, বরং আমার মাথায় একটি ঢিল ছুঁড়ে মেরছে। এখন আমার মাথা ব্যথা করছে। কাজী দরবেশকে ডেকে বললেন, তার মাথায় তুমি ঢিল ছুঁড়ে কেন মেরেছ এবং তার প্রশ্নের জবাব দাওনি কেন? দরবেশ বললেন, এ ঢিলই তার প্রশ্নের উত্তর। কেননা, সে বলে তার মাতা ব্যথা করছে। সে যদি তার মাথা ব্যথা দেখাতে পারে তাহলে আমিও আমার আল্লাহকে দেখাবো এবং সে কেন হযরতের সামনে অভিযোগ করল? কেননা, যদি কিছু হয় সব কিছু আল্লাহর হুকুমেই হয়। আমি আল্লাহ তায়ালার হুকুমেই তাকে ঢিল নিক্ষেপ করেছি এবং সে মাটি দ্বারা সৃষ্টি হয়েছে। আর আমি তাকে মাটির ঢিল নিক্ষেপ করেছি। সুতরাং মাটি মাটির মধ্যে কি প্রতিক্রিয়া করতে পারে? একথা শুনে লোকটি অত্যন্ত লজ্জিত হল এবং কাযী সাহেব দরবেশের উত্তরকে খুব পছন্দ করলেন।

শিক্ষা ঃ প্রবাদ আছে, "যুক্তিতে মুক্তি নেই।" শরীয়াতের অনেক জিনিস এমন আছে যা যুক্তিতে বুঝে আসে না। তারপরও তা মেনে নেয়া অপরিহার্য কর্তব্য। যুক্তি খোঁজা অন্যায়।

শব্দ বিশ্লেষণ ঃ نمایم অর্থ- দেখাবো। সীগাহ واحد متکلم, বাহস مضارع معروف, মাসদার نمودن- عقوبت অর্থ- শাস্তি, পীড়ন, যন্ত্রণা। سرشت অর্থ- সৃষ্টি, জন্ম। کلوخ অর্থ- মাটির ঢিল, ইটের টুকরা। رنج অর্থ- দুঃখ, বেদনা, মনোকষ্ট।

حکایت : ۵۹ : درویش نزد بخیلے رفت و چیزے ازو سوال کرد بخیل گفت اگر یک سخن من قبول می کنی ہر چہ بگوئی خواہم کرد. درویش پرسید. آں سخن چیست ؟ گفت گاہے از من چیزے مخواہ و دیگر ہر چہ بگوئی بکنم.

হেকায়েত নং ৫৯ ঃ বখীলের দানের রকম-শকম

জনৈক দরবেশ এক কৃপণের নিকট গিয়ে কিছু চাইল। একথা শুনে কৃপণ বলল যে, যদি তুমি আমার একটি কথা গ্রহণ কর, তবে আমি তোমার সকল কথা গ্রহণ করব। দরবেশ বলল, সে কথাটি কি? কৃপণ বলল, কখনো তুমি আমার নিকট কিছু চাইবে না। তবে তুমি আমার নিকট যা চাইবে তাই দেব।

শিক্ষা ঃ কৃপণতা করা ঠিক নয়। কৃপণতা না করে যা কিছু দান সদকাহ করা যায় তাই পরকালের সম্বল। ভিক্ষা করা ভাল নয়। নিজ হাতে কর্ম করে খাওয়া ভাল।

শব্দ বিশ্লেষণ ঃ درویش অর্থ- ভিক্ষুক, দরবেশ। بخیل অর্থ- কৃপণ, কঞ্জুস।

حکایت : ۶۰ : پادشاہے بر دشمنے فوج فرستادہ آں فوج شکست یافت. شخصے جلد نزد پادشاہ آمدہ خبر رسانید کہ فوج شما فتح یافت. پادشاہ آں شخص را انعام داد. روز دیگر خبر آمد کہ لشکر شکست یافت. پادشاہ بر آں شخص سیاست کردن خواست. آں شخص عرض کرد اے خداوند! لائق سیاست نیم. زیرا کہ دیروز شمارا خوشنود کردم، امروز چرا مرا ناخوش میکنید. پادشاہ ایں لطیفہ راپسندید واورا انعام فرمود.

হেকায়েত নং ৬০ ঃ ক্ষণিকের তরে খুশি

জনৈক বাদশাহ শত্রু সৈন্যের বিরুদ্ধে নিজের সৈন্য প্রেরণ করেন এবং সেখানে তার সৈন্যরা পরাজয় বরণ করে। তৎক্ষণাৎ এক ব্যক্তি বাদশাহর নিকট এসে সংবাদ দিল যে, আপনার সৈন্যরা বিজয় লাভ করেছে। বাদশাহ খুশি হয়ে তাকে অনেক পুরস্কার দিলেন। দ্বিতীয় দিন খবর আসল যে, সৈন্যরা পরাজয় বরণ করেছে। বাদশাহ রাগান্বিত হয়ে ঐ ব্যক্তিকে শাস্তি দিতে চাইলেন। ঐ ব্যক্তি বাদশাহর নিকট আরয করল। হে মহা মহিম! আমি শাস্তির উপযোগী নই। কেননা আমি গতকাল আপনাকে আনন্দ দান করেছি। আপনি কেন আজ আমাকে অসন্তুষ্ট করবেন? বাদশাহ তার কৌতুকপূর্ণ কথাকে খুব পছন্দ করলেন এবং দ্বিতীয়বার তাকে অনেক পুরস্কারে পুরস্কৃত করলেন।

শিক্ষা ঃ মানুষের মেজাব বুঝে খুশি করতে পারলে মরণ থেকেও বাঁচা যায়।

শব্দ বিশ্লেষণ ঃ دی روز অর্থ- গতকাল। لطیفہ অর্থ- কৌতুক, সূক্ষ্মরস।

حکایت : ٦١ : پادشاہے از منجم پرسید کہ چند سال از عمر من باقی ست ؟ گفت دہ سال. پادشاہ بسیار متفکر گردید . وہمچناں بیمار بر بستر افتاد . وزیر بسیار عاقل بود . منجم را بروبروئے پادشاہ طلبید و پرسید کہ چند سال از عمر تو باقی است ؟ گفت بیست . وزیر ہماں وقت از شمشیر منجم را روبروئے پادشاہ بقتل رسانید . پادشاہ خوشنود گردید و حکمت وزیر پسندید و باز سخن ہیچ منجم نہ شنید .

হেকায়েত নং ৬১ ঃ গণকের ভাগ্য নির্ণয়

জনৈক বাদশাহ এক গণককে জিজ্ঞাসা করল যে, আমার বয়স আর কত দিন বাকী আছে? গণক উত্তর দিল দশ বছর! একথা শুনে বাদশাহ চিন্তিত হয়ে শয্যাশায়ী হয়ে পড়লেন। তাঁর মন্ত্রী অত্যন্ত জ্ঞানী ছিলেন। গণককে বাদশাহর সামনে পুনরায় ডেকে এনে জিজ্ঞাসা করলেন, তোমার বয়স আর কত বছর বাকী আছে? গণক বলল, বিশ বছর। মন্ত্রী তৎক্ষণাৎ গণককে বাদশাহর সামনে তরবারি দ্বারা হত্যা করলেন। বাদশাহ খুব খুশি হলেন (এবং মন্ত্রীর সূক্ষ্ম বুদ্ধি বুঝতে পারলেন এবং আরও তিনি বুঝতে সক্ষম হলেন যে, গণকের কথা কখনও সত্য হয় না। কেননা গণক বলেছিল তার বয়স বিশ বছর বাকী আছে। কিন্তু তাকে মুহূর্তের মধ্যে হত্যা করা হল।) এরপর থেকে বাদশাহ আর কোন গণকের কথা বিশ্বাস করেননি।

শিক্ষা ঃ গণকের কথা কখনো সত্য হয় না। গণকরা শয়তানের মাধ্যমে তাক লাগানো এ কথা সে কথা বলে থাকে। এ সবের কোন ভিত্তি নেই।

শব্দ বিশ্লেষণ ঃ متفکر অর্থ- চিন্তিত। افتاد অর্থ- পতিত হল। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার افتادن - روبرو অর্থ- সামনে, সম্মুখে। منجم অর্থ- গণক, দৈবজ্ঞ।

حکایت : ٦٢ : بخیلے دوستے را گفت کہ یک ہزار روپیہ نزد من است می خواہم کہ ایں روپیہ ہارا بیرون شہر دفن کنم . وسوائے تو باکسے ایں راز نگویم . القصہ ہر دوکساں بیرون شہر رفتہ زیر درختے نقد مذکور دفن کردند . بعد چند روز بخیل تنہا زیر آں درخت رفت . ازاں نقد ہیچ نشان نیافت . باخود گفت کہ سوائے آں دوست کسے دیگر نبرد . لیکن اگر ازو پرسم ہرگز اقرار نخواہد کرد . پس بخانۂ او

رفت وگفت نقد بسیار بدست من آمده است می خواہم کہ ہماں جا نہم. لیکن فردا بیائی. باہم برویم. دوست مذکور بطمع نقد بسیار آں نقد را آں جا باز نہاد. بخیل روز دیگر آنجا تنہا رفت و نقد خود را یافت. و حکمت خود بسیار پسندید. باز بر دوستی دویستاں اعتماد نہ کرد.

হেকায়েত নং ৬২ ঃ সূক্ষ্ম কৌশল

জনৈক কৃপণ তার বন্ধুকে বলল, আমার নিকট এক হাজার টাকা আছে। আমার একান্ত বাসনা এ টাকাগুলোকে শহরের বাইরে মাটির নিচে লুকিয়ে রাখবো। একথা যেন তুমি ব্যতীত অন্য কোন ব্যক্তি না জানে। উভয় বন্ধু শহর ছেড়ে বাইরে গিয়ে একটি গাছের নিচে উল্লেখিত টাকাগুলোকে লুকিয়ে রাখল। কিছুদিন পর কৃপণ একাকী ঐ গাছের নিচে গেল, গিয়ে দেখে হায়! একি কাণ্ড! সে টাকার কোন চিহ্নও নেই। কৃপণ মনে মনে বলতে লাগল, এ বন্ধু ছাড়া অন্য কেউ এ টাকা নেয়নি। কিন্তু আমি যদি তাকে টাকার কথা জিজ্ঞেস করি তাহলে সে তা স্বীকার করবে না। অতঃপর সে তার বাড়িতে গিয়ে তার বন্ধুকে বলল যে, আমার হাতে এখন অনেক টাকা আছে। তাই এ টাকাগুলোকে আমি আগামী দিন ঐ জায়গায় লুকিয়ে রাখব। তাই তুমি আগামী কাল আসবে। উভয়ে এক সাথে যাব। তার বন্ধু একথা শুনে অনেক টাকার লোভে ঐ টাকাগুলো পূর্বের স্থানে রেখে আসল। কৃপণ দ্বিতীয় দিন একাকী ঐ স্থানে গিয়ে টাকাগুলো পেয়ে নিয়ে আসল এবং নিজের সূক্ষ্ম কৌশলকে অত্যন্ত পছন্দ করল। অতঃপর আর কোন বন্ধুর বন্ধুত্বের উপর বিশ্বাস করেনি।

শিক্ষা ঃ যাচাই করে বন্ধুত্ব করুন। যাকে তাকে বিশ্বাস করে নিজের জীবন নষ্ট করবেন না। মানুষ রূপী শয়তান পৃথিবীতে অনেক বেশী হয়ে গেছে।

শব্দ বিশ্লেষণ ঃ بروں অর্থ- বাইর, বাইরে। رفتہ অর্থ- গিয়েছে। সীগাহ واحد غائب, বাহস معروف ماضی قریب, মাসদার رفتن -پرسم অর্থ- আমি জিজ্ঞাসা করব। সীগাহ واحد متکلم, বাহস مضارع معروف, মাসদার پرسیدن - اعتماد অর্থ- আস্থা, বিশ্বস্ততা।

حکایت : ۶۳ : دو مصور باہم گفتند کہ ما ہر دو کساں دو تصویر بکشیم و بہ بینیم کہ کدام کس خوب می کشد ؟ یک مصور خوشۂ انگور را نقش نمود و آں را بر دروازہ آویخت. مرغاں آمدند و بر آں منقار زدند. مردماں آں تصویر را بسیار پسندیدند و در خانۂ مصور دیگر رفتند و پرسیدند کہ کجا تصویر کشیدۂ. گفت در پس ایں پردہ.

مصور اوّل خواست کہ پردہ بر دارو چوں دست بر پردہ نہاد و معلوم کرد کہ پردہ نیست. بلکہ دیوار ست کہ بر آں تصویر پردہ کشیدہ است. مصور دیگر گفت کہ تو چناں تصویر کشیدی کہ مرغاں فریفتند. و من چناں تصویر کشیدم کہ مصور فریفت.

হেকায়েত নং ৬৩ ঃ কে নিপুন শিল্পী?

দু'চিত্র শিল্পী পরস্পরে সিদ্ধান্ত করল যে, আমরা দু'জনে দু'টি ছবি অংকন করবো এবং দেখবো কে কত নিপুণতার সাথে অংকন করতে সক্ষম হয়। কথামত উভয়ই ছবি আঁকতে আরম্ভ করল। প্রথম চিত্রকর একটি আঙ্গুরের গুচ্ছ অংকন করে দরজায় লটকিয়ে দিল। তা দেখে মোরগ এসে তার মধ্যে ঠোকর দিল। সকলের নিকট তার ছবিটি প্রশংসার যোগ্য হল। এবার সকলে দ্বিতীয় চিত্রকরের ছবি অংকন দেখতে গেল। এদিক সেদিক তাকিয়ে কোথাও ছবি না দেখতে পেয়ে জিজ্ঞাসা করল যে, তুমি কোথায় ছবি এঁকেছ? দ্বিতীয় চিত্রকর বলল, আমার অংকিত ছবি এ পর্দার নিচে। প্রথম চিত্রকর যখন পর্দা উঠাতে গেল তখন বুঝতে পারল বাস্তবে তা পর্দা নয়। বরং দেয়ালের মধ্যে পর্দার ছবি অংকন করা হয়েছে। দ্বিতীয় চিত্রকর বলল যে, তুমি এমন ছবি অংকন করেছ যা দ্বারা মোরগ ধোকা খেয়েছে। কিন্তু আমি এমন ছবি অংকন করেছি। যা দ্বারা তুমি নিজেই ধোকা খেয়ে গেলে।

শিক্ষা ঃ হস্ত শিল্প এটা মানুষের একটি প্রশংসনীয় গুণ। মানুষ খেটে ও কাজ করে যুগের সাথে তাল মিলিয়ে সামনে এগিয়ে যেতে পারে।

শব্দ বিশ্লেষণ ঃ مصور অর্থ-চিত্র শিল্পী, চিত্রকর। کشم অর্থ- অংকন করবো। সীগাহ جمع متکلم, বাহস مضارع معروف, মাসদার کشیدن-خوشہ অর্থ- গুচ্ছ, শস্যের শীর্ষ। منقار অর্থ- ঠোকর। فریفت অর্থ- ধোকা খেয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার فریفتن-

حکایت : ۶۴ : روزے شخصے با خود گفت کہ ہر چہ در زمین و آسمان ست ہمہ برائے من است. خدا مرا بسیار بزرگ آفریدہ است. در آں اثناء پشۂ بر بینی او نشست. و گفت ترا چنیں غرور نشاید. زیرا کہ ہر چہ در آسمان و زمین است خدا برائے تو آفریدہ و ترا برائے من. ندانی کہ از تو بزرگ ترام.

হেকায়েত নং ৬৪ ঃ মশার উপদেশ

একদা জনৈক ব্যক্তি ভাবতে লাগল এই নভোমণ্ডল ও ভূমণ্ডলের মধ্যে যা কিছু আছে সবগুলো আমার জন্য। আল্লাহ তায়ালা আমাকে কত সম্মানী করে সৃষ্টি করেছেন। সে এখনো ভাবনার জগতে ইতিমধ্যে একটি মশা এসে তার নাকের উপর বসে বলতে লাগল, তোমার এমন অহংকার এবং আত্মগরিমা করা উচিত নয়। কেননা আল্লাহ তায়ালা নভোমণ্ডল এবং ভূমণ্ডলে যা কিছু আছে সব তোমার জন্য সৃষ্টি করেছেন। কিন্তু তোমাকে আমার জন্য সৃষ্টি করা হয়েছে। তুমি জাননা আমি তোমার থেকে বড়।

শিক্ষা ঃ সৃষ্টিকূলের সবই নিজের কৃতকর্ম নিয়ে অহংকার করে থাকে। তা ঠিক নয়. মূলতঃ আল্লাহ তায়ালা যে নেয়ামত দিয়েছেন তার কৃতজ্ঞতা প্রকাশ করা সকলের অপরিহার্য্য কর্তব্য।

শব্দ বিশ্লেষণ ঃ افریدہاست অর্থ- সৃষ্টি করা হয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی قریب معروف, মাসদার آفریدن-اثناء অর্থ- মধ্যখান। پشہ অর্থ- মশা। بینی অর্থ- নাক, নাসিকা। غرور অর্থ- অহংকার, অভিমান।

حکایت : ۶۵ :روزے در یک مقام شخصے برائے دزدیدن اسپ رفت اتفاقاً گرفتار شد. صاحب اسپ دزد را گفت. اگر حکمت دزدی اسپ مرا بنمائی، ترا آزاد بکنم. دزد قبول کردہ نزد اسپ رفت ورسن پائے او بکشاد. بعد ازاں لگام داد. پس بر اسپ سوار شد و تیز راند و گفت ببیں ایں طور دزدیٔ اسپ می کنند. مردماں ہر چند کہ تعاقب او کردند، نیافتند.

হেকায়েত নং ৬৫ ঃ চুরির কৌশল প্রদর্শন

একদা জনৈক ব্যক্তি ঘোড়া চুরির উদ্দেশ্যে গমন করল। ঘটনাক্রমে সে ঘোড়ার মালিকের হাতে ধরা পড়ে গেল। ঘোড়ার মালিক চোরকে বলল যে, যদি তুমি আমাকে ঘোড়া চুরির কৌশল দেখাও, তাহলে আমি তোমাকে ছেড়ে দিব। চোর তার কথা গ্রহণ করল এবং ঘোড়ার নিকট গিয়ে তার পায়ের রশি খুলল এবং ঘোড়ার লাগাম লাগিয়ে ঘোড়ার উপর সওয়ার হয়ে দিল ছুট এবং যেতে যেতে বলল, দেখুন আমি এভাবে ঘোড়া চুরি করি। লোকেরা যতই তার পিছু পিছু দৌড়াল কিন্তু পেল না।

শিক্ষা ঃ চুরি কোন বিদ্যা নয়। তাই চুরি যে শিখতে চায়. তার চেয়ে বোকা আর কেউ নেই। মন্দ কথা শুনাও মন্দ।

শব্দ বিশ্লেষণ ঃ رسن অর্থ- রশি। تعاقب অর্থ- পশ্চাতে দৌড়ানো।

حکایت : ۶۶ : شخصے بسیار مفلس بود. اسپے داشت آں را در اصطبل بست. لیکن طرفیکہ سر اسپاں می باشد دم او کردند و ندا داد کہ اے مردماں تماشائے عجیب بہ بینید کہ سر اسپ بجائے دم است. ہمہ مردمان شہر جمع شدند. ہر شخصے کہ درون اصطبل برائے تماشہ رفتن می خواست از واند کے نقدی گرفت واو را راہ می داد. ہر کہ دراں اصطبل می رفت شرمندہ از آنجا بازمی آید و ہیچ نمی گفت.

হেকায়েত নং ৬৬ ঃ তামাশা করে টাকা উপার্জন

জনৈক ব্যক্তি অত্যন্ত গরীব ছিল এবং তার একটি ঘোড়া ছিল। একদিন সে আস্তাবলের যেদিকে ঘোড়ার লেজ থাকে সেদিকে ঘোড়ার মাতা রেখে বলতে লাগল, হে ভাই সকল! তোমরা এক আশ্চর্য খেলা দেখে যাও। আমার ঘোড়ার লেজের স্থানে মাথা, শহরের সকল লোকেরা সমবেত হয়ে গেল। যেই আস্তাবলের দিকে যেতে চায় তার থেকেই সে ব্যক্তি কিছু টাকা নিয়ে তাকে যেতে দেয়। যখন ভিতরে যায় এ অবস্থা দেখে লজ্জিত হয়ে ফিরে আসে এবং কিছুই বলে না।

শিক্ষা ঃ রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, ধোকাবাজ আমার উম্মতের অন্তর্ভূক্ত নয়।(হাদীস)

শব্দ বিশ্লেষণ ঃ مفلس অর্থ- গরীব। اصطبل অর্থ- আস্তাবল, ঘোড়ার ঘর। دم অর্থ- লেজ। ندا অর্থ- আওয়াজ। تماشائے عجیب অর্থ- আশ্চর্য খেলা।

حکایت : ٦٧ : شخصے از افلاطون پرسید کہ سالہائے بسیار در جہاز بودی و سفر دریا کردی در دریا چہ عجائب دیدی ؟ گفت عجب ہمیں بود کہ از دریا بکنار سلامت رسیدم.

হেকায়েত নং ৬৭ ঃ আফলাতুনের বিস্ময়!

জনৈক ব্যক্তি আফলাতুনকে জিজ্ঞাসা করল, আপনি বহুকাল যাবৎ জাহাজে সমুদ্র ভ্রমণ করেছেন। আমরা জানতে চাই সমুদ্রের মধ্যে আশ্চর্য কি জিনিস দেখেছেন? আফলাতুন উত্তর দিলেন, আশ্চর্য এই ছিল যে, আমি সহীহ সালামতে ফিরে আসতে পেরেছি।

শিক্ষা ঃ পানি পথে ভ্রমণ করা খুব কষ্টসাধ্য ব্যাপার। গুণীজন থেকে নসীহত শিক্ষা লাভ করুন।

শব্দ বিশ্লেষণ ঃ عجائب অর্থ- আশ্চর্যসমূহ। এটা বহুবচন, একবচনে عجیب- افلاطون অর্থ- নাম বিশেষ। প্রাচীন গ্রীক দার্শনিক প্লেটো, বুদ্ধিমান ব্যক্তি।

حکایت : ٦٨ : پادشاہے را وزیر عاقل بود. دست از وزارت بر داشت و بعبادت خدا مشغول شد. پادشاہ از امیراں پرسید کہ وزیر کجاست ؟ عرض کردند او از وزارت دست بر داشتہ بعبادت الہی مشغول است. پادشاہ پیش وزیر رفت و پرسید کہ اے وزیر از من چہ خطا دیدی کہ وزارت را ترک نمودی ؟ گفت از پنج سبب.

اوّل : آنکہ تو نشستہ بودی. و من بحضور تو استادہ می ماندم، اکنوں بندگی خدا می کنم کہ در وقت نماز حکم نشستن دادہ است.

دوم : آنکہ تو طعام می خوری و من نگاہ می کردم اکنوں رزاقے پیدا کردہ ام کہ او نمی خورد مرا می خوارند.

سوم : آنکہ تو خواب می کردی و من پاسبانی کردم اکنوں خدائے دارم کہ او نمی

خواب می کنم واو پاسبانی می کند.

چہارم : آنکہ ہمیشہ می ترسیدم کہ اگر تو بمیری مرا از دشمنان تو آسیب برسد. اکنوں چناں خدائے دارم کہ نخواہد مرد. و مرا از دشمناں ہیچ آشب نخواہد رسید.

پنجم : از تو می ترسیدم کہ از من گناہے شود عفو نہ کونی اکنوں خدائے من چناں رحیم است کہ ہر روز صد گناہ می کنم واو می بخشد.

হেকায়েত নং ৬৮ ঃ বাদশাহ ও জ্ঞানী মন্ত্রী

জনৈক বাদশাহর মন্ত্রী ছিলেন খুবই জ্ঞানী। একদা মন্ত্রী তার দায়িত্ব ত্যাগ করে আল্লাহর ধ্যানে মগ্ন হলেন। বাদশাহ তার সভাসদদেরকে জিজ্ঞাসা করলেন যে, মন্ত্রী কোথায়? সভাসদরা উত্তর দিল যে, তিনি তাঁর দায়িত্ব ছেড়ে আল্লাহর ধ্যানে মগ্ন আছেন। একথা শুনে বাদশাহ মন্ত্রীর নিকট গিয়ে জিজ্ঞাসা করলেন, হে মন্ত্রী! তুমি আমার থেকে কি অন্যায় দেখেছ, যার কারণে তুমি তোমার দায়িত্ব ছেড়ে দিয়েছ? মন্ত্রী বলল, আমার দায়িত্ব ছেড়ে দেওয়ার মধ্যে ৫টি কারণ রয়েছে।

প্রথম কারণ ঃ আপনি বসে থাকতেন, আর আমি দাঁড়িয়ে আপনাকে পাহারা দিতাম। কিন্তু আমি এখন এমন প্রভুর উপাসানা করি, যিনি আমাকে নামাযের মধ্যেও বসার হুকুম দিয়েছেন।

দ্বিতীয় কারণ ঃ আপনি খানা খেতেন আর আমাকে আপনার দিকে কড়া নজরে তাকিয়ে থাকতে হত। কিন্তু আমি এখন এমন রিযিকদাতা পেয়েছি; যিনি নিজে খানা না খেয়ে আমাকে খাওয়ান।

তৃতীয় কারণ ঃ আপনি ঘুমাতেন আর আমি আপনার পাহারাদারী করতাম। কিন্তু আমি এখন এমন প্রভু পেয়েছি, যিনি ঘুমান না বরং আমি ঘুমালে আমার পাহারাদারী করেন।

চতুর্থ কারণ ঃ আমি সর্বদা ভয় পেতাম যে, আপনি যদি ইনতেকাল করেন, তবে আপনার শত্রুরা আমাকে নির্যাতন করবে। কিন্তু এখন আমি এমন এক প্রভুর গুণগান করি, যিনি কখনও মৃত্যুবরণ করবেন না এবং তাঁর শত্রুদের দ্বারা কোন নির্যাতনের ভয়ও করি না।

পঞ্চম কারণ ঃ আমি আপনাকে সদা ভয় করতাম যে যদি আমি কোন অন্যায় করি আর আপনি যদি ক্ষমা না করেন! কিন্তু আমি এখন এমন দয়াময় প্রভু পেয়েছি, যিনি এমন ক্ষমাকারী যে, আমি প্রত্যেকদিন শত অন্যায় করলেও তিনি ক্ষমা করে দেন।

শিক্ষা ঃ দুনিয়ার আরামের জন্য মানুষকে প্রভু মানা পাপ। সর্বদা মহান আল্লাহর দাসত্ব করাই প্রয়োজন।

শব্দ বিশ্লেষণ ঃ وزارت অর্থ- মন্ত্রীত্ব। مشغول অর্থ- লিপ্ত। حضور অর্থ- উপস্থিতি, রাজকীয় উপস্থিতি। بندگی অর্থ- উপাসনা, দাসত্ব, প্রার্থনার ভঙ্গি, কুর্নিশ। می خوری অর্থ- খাইতেছেন। সীগাহ واحد حاضر, বাহস فعل حال معروف, মাসদার خوردن-رزاق অর্থ- রিযিকদাতা। می خوارند অর্থ- ভক্ষণ করান। এটা فعل متعدی, সীগাহ واحد غائب, বাহস فعل حال معروف, মাসদার خورانیدن-پاسبان অর্থ- পাহারাদার, রাখাল। آسیب অর্থ- বিপদ, সংকট, দুর্ঘটনা, দুর্দশা। عفو অর্থ- ক্ষমা, মাফ।

حکایت: ۶۹ : آوردہ اند کہ سلطان محمود ایاز را بسیار دوست داشتے از ایں سبب ہمہ
ارکان دولت برو حسد بردند و پادشاہ را گفتند کہ ایاز ہر روز تنہا در جواہر خانہ می رود
معلوم می شود کہ چیزے می دزدد. وگرنہ در جواہر خانہ او را چہ کار است؟ پادشاہ
گفت: ہر گاہ بچشم خود خواہم دید باور خواہم کرد. روز دیگر پادشاہ را خبر کردند کہ ایاز
در جواہر خانہ رفتہ است. پادشاہ از غرفہ دروں جواہر خانہ نظر کرد، دید کہ ایاز
صندوقے را کشادہ پارچۂ کہنہ و غلیظ پوشیدہ است. پادشاہ دروں تشریف بردہ
پرسید کہ چرا چنیں پارچۂ غلیظ پوشیدۂ؟ عرض کرد کہ اے خداوند! چوں بندگی
حضرت نہ بودم چنیں پارچہ داشتم. حالا کہ بدولت خداوند پارچہ ہائے پاکیزہ دارم.
جامۂ کہنہ خود را ہر روز می بینم و می پوشم تا حالت قدیم خود را فراموش نہ کنم و قدر
نعمت خداوندی را شناسم. پادشاہ چوں ایں جواب ازو شنید پسندید و او را در کنار کشید و
مرتبہ او را بزرگ کرد.

হেকায়েত নং ৬৯ ঃ সুলতান মাহমুদ ও তাঁর চাকর আয়াজ

বর্ণিত আছে যে, সুলতান মাহমুদ স্বীয় চাকর আয়াজকে খুব ভালবাসতেন। এ কারণে সভাসদবর্গ তাকে হিংসা করতে লাগল এবং বাদশাহকে তারা বলল যে, আয়াজ প্রত্যেকদিন একাকী ধনাগারে প্রবেশ করে মনে হয় সে কিছু চুরি করে। নতুবা ধনাগারে তার কি কাজ? বাদশাহ বললেন যখন আমি নিজের চোখে দেখবো তখন বিশ্বাস করব। দ্বিতীয়দিন বাদশাহকে সংবাদ দেওয়া হল যে, আয়াজ ধনাগারে প্রবেশ করেছে। বাদশাহ ধনাগারের জানালা দিয়ে উঁকি মেরে দেখলেন যে আয়াজ একটি বাক্স খুলে এক জোড়া মোটা কাপড় পরিধান করছে। এ দৃশ্য দেখে বাদশাহ ধনাগারের ভিতর প্রবশ করলেন এবং আয়াজকে জিজ্ঞাসা করলেন, তুমি কেন মোটা কাপড় পরিধান করেছ? একথা শুনে আয়াজ বিনীত কণ্ঠে বলল, হে মহামান্য বাদশাহ! আমি আপনার চাকরি করার পূর্বে এ মোটা কাপড় পরিধান করতাম। কিন্তু এখন বাদশাহর ধন-সম্পদের কারণে উত্তম কাপড় পরিধান করি। এজন্য আমি প্রত্যকদিন আমার পুরাতন কাপড়গুলো দেখি এবং পরিধান করে পূর্বেকার অবস্থার পুনরাবৃত্তি করি এবং হযরতের নিয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ করি। বাদশাহ যখন তার থেকে এ উত্তর শুনল, তখন খুশিতে প্রফুল্ল হয়ে আয়াজকে কাছে টেনে নিলেন এবং তার সম্মান আরও বাড়িয়ে দিলেন।

শিক্ষা ঃ মানুষ মানুষের প্রতি কোন একটি কাজ দ্বারাই প্রিয় হয়ে যায়। আবার কোন একটি কাজ দ্বারাই অপ্রিয় হয়ে যায়।

শব্দ বিশ্লেষণ ঃ اوردہ اند অর্থ- গ্রহণ করা হয়েছে, এখানে উদ্দেশ্য নকল করা হয়েছে। সীগাহ جمع غائب, বাহস ماضی قریب معروف, মাসদার آوردن- ایاز অর্থ- সুলতান মাহমুদের এক চাকরের নাম। ارکان دولت অর্থ- সভাসদবর্গ। جویر خانہ অর্থ- ধনাগার, যে ঘরে মনি-মুক্তা রাখা হয়। باور অর্থ- বিশ্বাস। غرفہ অর্থ- জানালা, বাতায়ন, বারান্দা, কক্ষ। کہنہ অর্থ- পুরাতন। غلیظ অর্থ- মোটা, ময়লা, অপবিত্র। کنار অর্থ- কোল, কাছে, পাশে।

حکایت : ۷۰ :روزے پادشاہے بر بام قصر خود نشستہ بود. شخصے را زیر دیوار قصر ایستادہ دید کہ مرغے در دست گرفتہ می نمود. پادشاہ اور اطلبید و پرسید چرا مرغ بمن می نمائی؟ گفت اے خداوند! با شخصے از طرف حضرت شرط کردہ ایں مرغ را بازی یافتم و برائے خداوند آوردہ ام پادشاہ خوشنود گردید و مرغ را در مطبخ فرستاد. بعد از سہ روز باز آں شخص پیش پادشاہ آمد و گوسفندے آورد و گفت : ایں ہم بنام آں حضرت در بازی یافتہ ام پادشاہ آں را نیز قبول کرد. بار سوم پیش پادشاہ سلامت رفت و شخصے دیگر را با خود برد. چوں پادشاہ اور اتہید ست دید. پرسید برائے من ہیچ نہ آوردہ؟ عرض کرد کہ از طرف حضرت بایں شخص دو ہزار روپیہ را شرط نمودم و بازی نہ یافتم. حالا ایں شخص برائے زر پیش حضرت آمدہ است. پادشاہ تبسم کرد و زر او را بخشید و فرمود گاہے از طرف من با کسے قیمار مباز دیگر ہیچ از تو نہ خواہم گرفت ورنہ ترا چیزے خواہم داد.

হেকায়েত নং ৭০ ঃ লোভে পাপ পাপে মৃত্যু

একদা জনৈক বাদশাহ তার বাড়ীর ছাদে বসেছিলেন। হঠাৎ দেখতে পেলো তার বাড়ীর দেওয়ালের নিচে জনৈক ব্যক্তি একটি মোরগ হাতে নিয়ে দাঁড়িয়ে আছে। বাদশাহ তাকে ডেকে নিয়ে বললেন, তুমি কেন আমাকে মোরগ দেখাচ্ছো? লোকটি বলল, হে মহামান্য সম্রাট! আমি আপনার নামে এক ব্যক্তির সাথে লটারী ধরে এ মোরগটি পেয়েছি এবং আমি তা সম্রাটের জন্য নিয়ে এসেছি। বাদশাহ অত্যন্ত খুশি হলেন এবং মোরগটিকে রান্না ঘরে পাঠিয়ে দিলেন। তিনদিন পর লোকটি পুনরায় বাদশাহর নিকট একটি খাশী নিয়ে আসলো এবং বলল, হযরতের নামে লটারী ধরে এ খাশী পেয়েছি। বাদশাহ এ উপহারও গ্রহণ করলেন।

তৃতীয়বার সে বাদশাহর সামনে একজন লোক নিয়ে এলো। যখন বাদশাহ তাকে রিক্ত হস্তে দেখলেন, তখন জিজ্ঞাসা করলেন, আমার জন্য কিছুই নিয়ে আসনি? সে আরজ করল, হযরতের নামে এ লোকের সাথে দু'হাজার টাকা লটারী ধরেছি। কিন্তু দুঃখের বিষয় তাতে আমি হেরে গেছি, এখন এ ব্যক্তি আপনার কাছে টাকার জন্য এসেছে। বাদশাহ মৃদু হেসে তাকে টাকা দিয়ে দিলেন। আর বললেন, আর কখনো আমার পক্ষ

হতে কারো সাথে লটারা ধরবে না। আমি পুনরায় তোমার কাছ থেকে কিছু নেব না এবং তোমাকে কখনো কিছু দিব না।

শিক্ষা ঃ প্রবাদ আছে, "লোভে পাপ, পাপে মৃত্যু।" কখনো লোভ করতে নেই। ধৈর্য ধারণ ও অল্পে তুষ্টির শিক্ষা লাভ করতে হবে।

حکایت : ۷۱ : سوارے در شہرے رفت. شنید کہ ایں جا دزداں بسیار اند. بوقت شب آں سوار سائیس خود را گفت کہ تو بخسپ و من بیدار خواہم ماند. زیرا کہ مرا بر تو اعتماد نیست. سائیس گفت اے خداوند ایں چہ سخن است. نمی پسندم کہ من در خواب باشم و صاحب بیدار. زنہار ایں چنیں نہ خواہم کرد. القصہ صاحب او خفت بعد یکپاس بیدار گردید و سائیس را گفت چہ می کنی؟ گفت: در فکرم کہ خدائے تعالیٰ زمین را بر آب چگونہ گسترد. سوار گفت می ترسم کہ دزداں آیند و کار خود کردہ بروند و ترا خبر نہ شود. گفت اے خداوند خاطر جمع دارید و خبردار ہستم. سوار باز خفت و در نصف شب بیدار شد و پرسید. اے سائیس چہ می کنی؟ گفت: در فکرم کہ خدائے تعالیٰ آسمان را چگونہ بے ستون استادہ کرد. سوار گفت از فکر تو می ترسم. مبادا کہ دزداں آمدہ اسپ را برند و ترا خبر نہ باشد. سائیس گفت، اے خداوند! من بیدار ہستم اسپ را چگونہ دزداں خواہند برد. سوار گفت اگر خفتن می خواہی بخسپ کہ من بیدار خواہم ماند. گفت مرا خواب نمی آید. سوار باز خفت و چوں ساعتے از شب باقی ماند سوار بیدار شدہ سائیس را پرسید، چہ می کنی؟ گفت: در فکر ہستم کہ اسپ را دزد بردہ است. فردا زین را بر سر خود خواہم برداشت یا صاحب.

হেকায়েত নং ৭১ ঃ প্রহরীর অদ্ভুত ভাবনা

জনৈক ঘোড়া আরোহী এক শহরে গিয়ে শুনতে পেল যে, এখানে চোরের সংখ্যা অধিক। সুতরাং রাতে আরোহী তার রক্ষীকে বলল যে, তুমি শুয়ে যাও। আমি জেগে থাকবো। কেননা তোমার উপর আমার আস্থা ও বিশ্বাস নেই। রক্ষী বলল, হে মহামান্য! এটা কেমন কথা! আমি তা পছন্দ করি না যে, আমি ঘুমিয়ে থাকবো আর আপনি জেগে থাকবেন। কখনো এমন করতে দেব না।

মোটকথা, তার মনিব শুয়ে গেল। এক প্রহর অতিবাহিত হলে মালিক জাগ্রত হয়ে রক্ষীকে বলল। হে রক্ষী! তুমি কি করছ? রক্ষী উত্তরে বলল, আমি ভাবতেছি যে, আল্লাহ তায়ালা ভূমিকে পানির উপর কিভাবে বিছিয়ে দিয়েছেন। আরোহী বললো আমার ভয় হচ্ছে যে, চোর এসে তার কার্য সিদ্ধি করে চলে যাবে, তোমার কোন খবরই থাকবে না। রক্ষী বলল, হে মনিব! আপনি চিন্তামুক্ত থাকুন, আমি চৌকান্না আছি। আরোহী পুনরায় ঘুমিয়ে গেল এবং দুপুর রাতে জাগ্রত হয়ে রক্ষীকে জিজ্ঞেস করল যে,

হে রক্ষী! তুমি কি করছ? উত্তরে রক্ষী বলল, আমি চিন্তা করছি আল্লাহ তায়ালা কিভাবে আকাশকে স্তম্ভ বিহীন উঁচু করে রেখেছেন। সওয়ার বলল, আমি ভয় পাচ্ছি যে, চোর এসে ঘোড়া নিয়ে চলে যাবে। কিন্তু তুমি টেরই পাবে না।
রক্ষী বলল, হে মনিব! আমি জাগ্রত আছি, কিভাবে ঘোড়া চোরে নিয়ে যাবে? সওয়ার বলল, যদি ঘুম আসে, তবে শুয়ে যাও। আমি জাগ্রত থাকব, রক্ষী বলল, আমার ঘুম আসছে না। আপনি ঘুমান। আরোহী পুনরায় ঘুমিয়ে গেল। রাত যখন অল্প বাকী তখন সওয়ার জাগ্রত হয়ে রক্ষীকে জিজ্ঞেস করল কি ভাবছ? রক্ষী বলল, আমি ভাবছি ঘোড়া চোরে নিয়ে গেছে। আগামীকাল জিন পোষ (ঘোড়ার লাগাম ইত্যাদি) কে বহন করবে, আমি না মনিব?
শিক্ষা ঃ সচেতনতা ও চেষ্টা কখনো বিফলে যায় না। সর্বাবস্থায় সব কাজে সচেতন থাকা প্রয়োজন।
শব্দ বিশ্লেষণ ঃ سائس অর্থ- ঘোড়ার রক্ষী, রাখাল। بخسپ অর্থ- ঘুমাও। সীগাহ واحد حاضر, বাহস امر حاضر معروف, মাসদার خسپیدن- اعتماد। অর্থ- আস্থা, ভরসা। زنهار অর্থ- কখনো। خفت অর্থ- ঘুমিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার خفتن- یکپاس অর্থ- এক প্রহর। گسترد অর্থ- বিছিয়েছে। সীগাহ واحد غائب, বাহস ماضی مطلق معروف, মাসদার گستردن- خاطر অর্থ- অন্তর, দিল। نصف شب অর্থ- দুপুর রাত, অর্ধরাত। ستون অর্থ-স্তম্ভ, ভিত্তি। مبادا অর্থ- না হোক, আল্লাহ এমন না করুন। اسپ অর্থ- ঘোড়া, অশ্ব। دزد অর্থ- চোর। فردا অর্থ- আগামীকাল। سوار অর্থ- ঘোড় সওয়ার, অশ্বারোহী।

حکایت : ۷۲ : شخصے بابخیلے دوستی داشت. روزے بخیل را گفت کہ حالا بہ سفری روم. انگشتری خود بمن بدہ آں را با خود خواہم داشت. ہر گاہ او را خواہم دید. ترا یاد خواہم کرد. بخیل جواب داد کہ اگر مرا یاد داشتن می خواہی ہر گاہ کہ انگشت خود را خالی بینی مرا یاد کن کہ انگشتری از فلاں خواستہ بودم نداد.

হেকায়েত নং ৭২ ঃ কৃপণ বন্ধুর অদ্ভুত স্মৃতি

জনৈক ব্যক্তির একজন কৃপণের সাথে বন্ধুত্ব ছিল। একদা কৃপণকে বলল, এখন আমি সফরে যাব। তোমার আংটি আমাকে দাও। এটা আমার সাথে রাখব। যখন এটা দেখব, তখন তোমার কথা মনে পড়বে। কৃপণ বলল, যদি তুমি আমাকে স্মরণ রাখতে চাও, তাহলে যখন আঙ্গুল খালি দেখবে, তখন আমাকে স্মরণ করবে যে, আমি অমুক ব্যক্তির কাছে আংটি চেয়েছিলাম, তবে সে দেয়নি।
শিক্ষা ঃ কৃপণের ধন খায় পোকা-মাকড়ে। তারা সামাজিকতা ও আন্তরিকতা কিছুই বুঝে না। শরীয়াতে কৃপণতা বর্জনের নির্দেশ দেয়া হয়েছে।
শব্দ বিশ্লেষণ ঃ انگشتری। অর্থ- আংটি। خواستہ بودم অর্থ- আমি চেয়েছিলাম। واحد متکلم এর সীগাহ, বাহস ماضی بعید معروف, মাসদার خواستن- ہر گاہ অর্থ- যখন,যে সময়।

حکایت : ۷۳ : دانشمندے در شہرے رفت. شنید کہ دریں شہر شخصے سخاوت بسیار می دارد و مسافراں را زر و طعام می دہد. دانشمند بہ پارچہ کہنہ و کثیف پیش او رفت. آں شخص التفات نہ کرد و جائے نشستن نداد. دانشمند شرمندہ شد. باز روز دیگر پارچہ پاکیزہ بہ کرایہ بگرفت و پوشیدہ پیش او رفت. صاحب خانہ تعظیم او کرد. و نزد خود بنشاند. و طعام لذیذ برائے او خواست. دانشمند چوں بر طعام نشست لقمہ در پارچہ خود نہادن گرفت. صاحب خانہ پرسید چرا ایں حرکت می کنی؟ گفت: دیروز با پارچہ کہنہ آمدہ بودم ہیچ نیافتم، امروز کہ پارچہ خوب دارم طعام یافتم می پندارم کہ ایں طعام برائے پارچہ است، نہ برائے من. آں شخص شرمندہ گردید و عذر نمود.

হেকায়েত নং ৭৩ ঃ পোশাকের গুণে

জনৈক বিজ্ঞ ব্যক্তি শহরে গেল। সে শুনেছে এ শহরে একজন বড় দানবীর মুসাফিরদের স্বর্ণ ও খাবার দিয়ে থাকে। বিজ্ঞ ব্যক্তি পুরাতন এবং মোটা কাপড় পরিধান করে তার নিকট গেল। সে ব্যক্তি তাকে একটুও শ্রদ্ধা করল না এবং বসার স্থানও দিল না। বিজ্ঞ ব্যক্তি লজ্জিত হল। অতঃপর দ্বিতীয় দিন পরিস্কার কাপড় ভাড়া আনল এবং সেগুলো পরিধান করে তার সামনে গেল। ঘরের মালিক তাকে সম্মান করল, নিজের কাছে বসাল এবং সুস্বাদু খাবার আনতে বলল। যখন বিজ্ঞ ব্যক্তি খাবার খেতে বসল, তখন সে খাদ্যগুলো নিজের পকেটে রাখতে শুরু করল। ঘরের মালিক বলল, তুমি এরূপ করছ কেন? সে বলল, আমি গতকাল পুরাতন কাপড় পরিধান করে এসেছিলাম তবে কোন খাবার পাইনি। আজ আমি ভাল কাপড় পরিধান করেছি। আমার মনে হয় খাবারগুলো আমার জন্য নয়; বরং পোশাকের জন্য। সে ব্যক্তি লজ্জিত হল ও ক্ষমা প্রার্থনা করল।

শিক্ষা ঃ প্রবাদ আছে, "ভদ্রতা পোশাকে নয় ব্যবহারে।" পোশাকের সম্মানের চেয়ে ব্যক্তির সম্মান উত্তম।

শব্দ বিশ্লেষণ ঃ سخاوت অর্থ- উপহার দেয়া, দান করা। پارچہ অর্থ- কাপড়। کہنہ অর্থ- পুরাতন। کثیف অর্থ- মোটা কাপড়। التفات অর্থ- মনোযোগ দেয়া। پاکیزہ অর্থ- পরিস্কার, উন্নত। لذیذ অর্থ- সুস্বাদু। نہادن گرفت অর্থ- রাখতে শুরু করল। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی ابتدائیہ। دیروز অর্থ- গতকাল।

حکایت : ۷۴ : شخصے گرسنہ می رفت اعرابی را دید کہ بر کنار بر کہ طعام می خورد. نزد او رفت و گفت از طرف خانہ تو می آیم. اعرابی پرسید کہ زن و فرزند و سگ و شتر من ہمہ بخیریت اند. گفت، بلے، اعرابی را خاطر جمع شد و باز بر آں شخص نظر نہ کرد. آں شخص سخن آغاز کرد کہ اے اعرابی ایں سگ کہ حالا بحضور تو نشستہ است

اگر سگ تو زندہ می ماند چنیں می شد. اعرابی سر بالا کرد. وگفت سگ من از چہ سبب مرد. گفت گوشت شتر تو بسیار خورد. پرسید شتر چگونہ مرد. گفت زن تو مرد ازیں سبب کسے او را کاہ و دانہ نداد. پرسید کہ زن چگونہ مرد. گفت، در غم پسر تو بسیار گریست و سنگ بر سر و سینہ زد. پرسید چگونہ مرد. گفت خانہ بر او افتاد. اعرابی چوں ایں احوال خانہ خرابی شنید خاک بر سر انداخت و طعام را ہمہ جا گذشت و طرف خانۂ خود روانہ شد. آں شخص بایں حکمت طعام یافت.

হেকায়েত নং ৭৪ ঃ প্রতারণা করে খাবার সংগ্রহ

জনৈক ব্যক্তি ক্ষুধার্ত অবস্থায় পথ চলছিল। এক গ্রাম্য ব্যক্তিকে ইন্দিরার পাশে খাবার খেতে দেখল। তার কাছে গেল এবং বলল, তোমার বাড়ী হতে এসেছি। গ্রাম্য ব্যক্তি বলল, আমার স্ত্রী, সন্তান, কুকুর ও উট সমস্ত কিছু ভাল আছে তো? আগন্তুক বলল, হ্যাঁ। গ্রাম্য ব্যক্তির অন্তর স্বস্তি পেল। সে পথিকের প্রতি তাকাল না। পথিক সে ব্যক্তির সাথে কথা বলতে শুরু করল যে, হে গ্রাম্য ব্যক্তি! এ কুকুর যে এখন তোমার সামনে বসে রয়েছে, যদি তোমার সে কুকুরটি এখন জীবিত থাকত, তাহলে এমনই হত। গ্রাম্য ব্যক্তি মাথা তুলে বলল- কিভাবে আমার কুকুর মারা গেছে? তোমার উটের গোশত বেশী খেয়েছিল। সে বলল, উট কিভাবে মারা গেছে? আগন্তুক বলল- তোমার স্ত্রী মারা গেছে। এজন্য কেউ উটকে ঘাস ও খাদ্য দেয়নি। সে বলল, স্ত্রী কিভাবে মারা গেছে? আগন্তুক বলল- তোমার সন্তানের চিন্তায় কেঁদে কেঁদে এবং পাথর ও লোহা মাথায় মেরে। সে বলল, আমার ছেলে কিভাবে মারা গেছে? আগন্তুক বলল- তার উপর ঘর ভেঙ্গে পড়েছিল। গ্রাম্য ব্যক্তি যখন ঘরের দুঃসংবাদ পেল, সে মাথায় হাত মারল এবং খাবারগুলো ফেলে তার ঘরের দিকে রওয়ানা হল। আগন্তুক ব্যক্তি এমন বুদ্ধির কারণে খাবার পেয়ে গেল।

শিক্ষা ঃ ক্ষুধার তাড়নায় মানুষ প্রচণ্ড লজ্জাজনক কাজ করতেও দ্বিধাবোধ করেনা। মিথ্যা ও ধোকা দ্বারা কাউকে প্রতারিত করা ঠিক নয়।

শব্দ বিশ্লেষণ ঃ اعرابی অর্থ- গ্রাম্য, যারা গ্রামে থাকে। برکہ অর্থ- ইন্দিরা। زن অর্থ- স্ত্রী। فرزند অর্থ- সন্তান। شتر অর্থ- উট। بلے অর্থ- হ্যাঁ। بالا کرد অর্থ- উপরে উঠাল। کاہ অর্থ- ঘাস। خانہ خرابی অর্থ- ঘর ভাঙ্গা, গর তছনছ হওয়া।

حکایت: ۷۵: پادشاہے آہنگرے را فرمود کہ جوشنے خوب برائے من تیار کن.

آہنگر جوشن تیار کردہ پیش پادشاہ برد. پادشاہ بقصد آزمودن جوشن را بر زمین نہاد. و شمشیر بر آں بزد و دو نیم شد. آہنگر را فرمود کہ اگر چنیں جوشن خواہی ساخت سر تو دو نیم خواہم کرد. آہنگر بخانۂ خود رفت. دخترے داشت. با او ایں احوال گفت. دختر او را مصلحت داد کہ جوشن بساز و ایں بار من پیش پادشاہ خواہم برد. القصہ آہنگر

جوشن را ساخت دختر او آں جوشن را پوشید و شمشیرے در دست گرفت و پیش پادشاہ رفت۔ عرض کرد کہ حالاً جوشن را باز آزمائید۔ پادشاہ گفت چرا ایں پوشیدۂ؟ گفت اے خداوند! دستور آنست کہ جوشن براندم آزمودہ می شود۔ ازیں سبب پوشیدہ ام۔ پادشاہ ایں سخن پسندید و اور اانعام بخشید۔

হেকায়েত নং ৭৫ ঃ বুদ্ধিমতী

জনৈক বাদশাহ কামারকে বললেন, আমার জন্য ভাল করে একটি লৌহবর্ম তৈরী কর। কামার লৌহবর্মটি বানিয়ে বাদশাহর দরবারে গেল। বাদশাহ যাচাই করার জন্য লৌহবর্মটি মাটিতে রেখে তাতে তলোয়ার মেরে দু'টুকরা করে ফেলল। বাদশাহ কামারকে বললেন- আর যদি এমন লৌহবর্ম তৈরী কর, তবে তোমার মাথা দু'টুকরা করে ফেলব। কামার স্বীয় ঘরে গেল। তার একটি মেয়ে ছিল, তাকে সে সবকিছু খুলে বলল। বালিকা তাকে বর্ম বানানোর জন্য পরামর্শ দিল এবং বলল বর্মটি নিয়ে বাদশাহর দরবারে আমি যাব।

মোটকথা, কামার বর্মটি তৈরী করল এবং তার মেয়ে বর্মটি পরিধান করল। হাতে একটি তলোয়ার নিয়ে বাদশাহর সামনে গিয়ে বলল- এখন বর্মটি আবার পরীক্ষা করুন। বাদশাহ বলল, তুমি লৌহবর্মটি পরিধান করলে কেন। বালিকা বলল, জাহাঁপনা! নিয়ম এটাই যে, লৌহবর্ম গায়ে দিয়ে যাচাই করা। এজন্য আমি পরিধান করেছি। বাদশাহ একথা খুব পছন্দ করলেন এবং তাকে রাজকীয় উপহারে ভূষিত করলেন।

শিক্ষা ঃ যে জিনিস যেভাবে ব্যবহার করা হয় তা সেভাবে রেখেই পরীক্ষা করা উচিৎ।

শব্দ বিশ্লেষণ ঃ آہنگر অর্থ- কামার, কর্মকার, লৌহ ব্যবসায়ী। جوشن অর্থ- লৌহ, বর্ম, যা যুদ্ধের সময় ব্যবহার করা হয়। دو نیم অর্থ- দ্বিখণ্ড, দু'টুকরা। خواہی ساخت অর্থ- তুমি বানাবে। এটা واحد حاضر এর সীগাহ, বাহস مستقبل معروف, মাসদার ساختن- مصلحت অর্থ- পরামর্শ। دستور অর্থ- নিয়মনীতি। آزمودہ می شود অর্থ- পরীক্ষা করতে হয়, যাচাই করা উচিৎ। এটা واحد غائب এর সীগাহ, বাহস فعل حال مجہول, মাসদার آزمودن- انعام بخشید অর্থ- রাজকীয় উপহারে ভূষিত করল।

حکایت : ۷۶ : روزے پادشاہے با وزیر برائے سیر رفت و بکشت زارے رسید۔ درختان گندم دید۔ از قد آدم دراز۔ پادشاہ متعجب شد و گفت چنیں دراز درختان گندم گاہے ندیدم۔ وزیر عرض کرد۔ اے خداوند! در وطن من درختان گندم ہمچو قد فیل بلند می شوید۔ پادشاہ تبسم نمود۔ وزیر با خود گفت۔ کہ پادشاہ سخن او را دروغ پنداشت۔ ازیں سبب تبسم کرد۔ چوں از سیر باز آمد خط بمردماں وطن خود برائے چند درختان گندم فرستاد۔ وقتیکہ خط آنجا رسید۔ فصل گندم گذاشتہ بود۔ القصہ، بعد

یک سال درختان از آنجا رسید ند. وزیر پیش پادشاه برد. پادشاه پرسید چرا آوردی؟ عرض کرد که سال گذشته روزے عرض کرده بودم که درختان گندم ہمچو قد فیل بلند می شود. تبسم کردید باخود گفتم که سخن من دروغ پنداشتید. برائے تصدیق سخن خود آورده ام. پادشاه گفت حالا باور کردم لیکن زنهار پیش کسے چنیں سخن مگو که بعد سالے باور کند.

হেকায়েত নং ৭৬ ঃ জ্ঞানীজনের কর্ম হেকমত শূণ্য নয়

একদা এক বাদশাহ উযীরকে সাথে নিয়ে ভ্রমনে বের হলেন। এক শস্য ক্ষেতে গিয়ে পৌছল এবং গম গাছ দেখল- যা মানুষ থেকেও লম্বা। বাদশাহ আশ্চার্যান্বিত হলেন এবং বললেন যে, এমন লম্বা গম গাছ তো আমি আর কখনো দেখিনি? উযীর আরয করল, হে মহারাজ! আমার দেশে গম গাছ হাতীর মত লম্বা হয়। বাদশাহ মৃদু হাসলেন। উযীর মনে করল- বাদশাহ আমার কথা মিথ্যা মনে করছেন এজন্য মৃদু হেসেছেন। ওযীর যখন সফর হতে ফিরে আসলেন তখন নিজ দেশের লোকদের নিকট কিছু গম গাছ পাঠাবার জন্য পত্র দিলেন। যখন তথায় পত্র পৌছল, তখন গম চাষের মৌসূম শেষ হয়ে গেছে।

মোটকথা, একবছর পর গাছগুলো সেখানে পৌছল। উযীর গাছগুলো বাদশাহর সামনে নিয়ে গেলেন। বাদশাহ জিজ্ঞাসা করলেন, এগুলো কেন নিয়ে এসেছ? উযীর বললেন গত বছর একদিন আমি বলেছিলাম- গমের গাছগুলো হাতীর মত উঁচু হয়। তবে আপনি মৃদু হেসেছিলেন। আমি মনে করেছিলাম আপনি আমার কথা মিথ্যা মনে করেছেন। আমার কথা সত্যায়নের জন্য আমি গাছগুলো নিয়ে এসেছি। বাদশাহ বললেন- আমি এখন বিশ্বাস করেছি। কিন্তু কারো কাছে এমন কথা বলবে না যা এক বছর পর বিশ্বাস করতে হয়।

শিক্ষা ঃ প্রবাদ আছে, "জ্ঞানী ব্যক্তির কর্ম কখনো হেকমত শূণ্য হয় না।" যে কথা প্রমাণাদি দ্বারা সত্যায়ন করতে পারবে তা-ই দাবী করবে। অত্যুক্তি হতে সাবধান!!

শব্দ বিশ্লেষণ ঃ کشت زار অর্থ- ক্ষেত-খামার। قد آدم অর্থ- মানুষের দৈর্ঘ্য। متعجب অর্থ- আশ্চর্যান্বিত। وطن অর্থ- ঘর, বাড়ি। قد فیل অর্থ- হাতীর মত দৈর্ঘ্য। پنداشت অর্থ- ধারণা করা। এটা واحد غائب এর সীগাহ, বাহস ماضی مطلق معروف, মাসদার پنداشتن- گذشته অর্থ- অতীত। এটা واحد এর সীগাহ, বাহস اسم مفعول- تصدیق سخن অর্থ- কথা সত্যায়ন করা। آورده ام অর্থ- নিয়ে এসেছে। এটা واحد متکلم এর সীগাহ, বাহস ماضی قریب, মাসদার آوردن- باور অর্থ- বিশ্বাস। مگو অর্থ- তুমি বলবে না। এটা واحد حاضر এর সীগাহ, বাহস نہی حاضر معروف, মাসদার گفتن-

আমাদের প্রকাশিত বই সমূহ ঃ

[illegible]

আল-খায়ের প্রকাশনী

পাঠক বন্ধু মার্কেট (আন্ডারগ্রাউন্ড)
৫০, বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবাইল ঃ ০১৭১৭১০২৬৭৪